Job Study
To make you prepared & confident

http://thejobstudy.com

বিসিএস, ব্যাংক, এমবিএ ভর্তিসহ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বই, নোটস ও আনুষঙ্গিক তথ্যাদি পাওয়ার এক নির্ভরযোগ্য প্লাটফর্ম। প্রতিদিনই থাকছে অন-লাইনে Random basis এ নিজেকে যাচাই করার জন্য পরীক্ষা ও মেধা-যাচাইয়ের ব্যবস্থা। প্রতিমাসের শেষে থাকছে কারেন্ট অ্যাফেয়ার্সের উপর টেস্ট। নিজে অংশগ্রহণ করুন এবং শেয়ার করে আপনার বন্ধুকেও অংশগ্রহণের সুযোগ দিন। আপনার facebook চালু থাকা অবস্থায় Connect with social media থেকে facebook আইকনে ক্লিক করে সহজেই Registration করে নিতে পারবেন। "Follow" বাটনে ক্লিক করে এই সাইটের প্রতিদিনের আপডেট জানতে পারবেন। প্রতিদিনই আসবো নতুনরূপে। সাইটটি ওপেন করতে উপরের লিংকে অথবা লোগোতে ক্লিক করুন।

প্লাটফর্মটির উন্নয়ণের জন্য আপনার সুচিন্তিত মতামত একান্তভাবে কাম্য।

# The Anatomy of the English Sentence

The best study-guide for the standard English Sentence portion of GRE, GMAT, SAT, TOEFL, MBA and BBA admission tests as well as any other competitive test.




Use only some tactics and

- find out errors in a sentence,
- unlock its meaning,
- just play with the sentence ! and
- take a good preparation within the shortest possible time.

S.M. Zakir Hussain

ROHEL PUBLICATIONS
DHAKA

The Anatomy of the English Sentence

The best study-guide for the standard English Sentence portion of GRE, GMAT, SAT, TOEFL, MBA and BBA admission tests as well as any other competitive test.




Use only some tactics and

- find out errors in a sentence,
- unlock its meaning,
- just play with the sentence ! and
- take a good preparation within the shortest possible time.

S.M. Zakir Hussain

ROHEL PUBLICATIONS
DHAKA

# CONTENTS


**Introduction**

| | |
|---|---|
| Objective | 1 |
| Method of Presentation | 2 |
| Secondary Objectives | 4 |

**The Normal Sentence**

| | |
|---|---|
| What it is | 4 |
| Why this sentence | 4 |

**Nature of the verb**

| | |
|---|---|
| Tactics | 7 |
| Linking Verb | 14 |
| Complement | 15 |

**Elements of Sentences**

| | |
|---|---|
| Form Units | 18 |
| Function Units | 18 |
| কেন এই শ্রেণী বিভাগ | 18 |
| Modifier | 20 |
| Absolutes | 21 |
| Phrase | 23 |
| Clause | 23 |
| Very Important | 25 |

**Normal Sentence থেকে জটিলতর Sentence গঠন করা কৌশল**

| | |
|---|---|
| Modification | 27 |
| কিভাবে বাক্য জটিল হয়ে যায় | 30 |
| Subordination | 34 |
| Coordination | 35 |
| Using Absolutes | 40 |
| A Mixed Technique | 41 |

**How to Find Out Errors in a Sentence**

| | |
|---|---|
| 32—Basic Rules | 47 |
| Relationship Among the Function Units | 47 |
| Rules | 88 |
| Normal Sentence | 89 |

## Using the Rules Application of the Method


| | |
|---|---|
| Faulty parallelism | 90 |
| The Case | 110 |
| S-V Relationship | 126 |
| Adverbs | 137 |
| Relative Pronouns & Pronouns | 143 |
| Dangling Modifiers | 151 |
| Shifts in Subjects and Verbs | 168 |
| Fragmentary Sentence | 177 |
| Comma Splice & Run-on Sentence | 195 |
| Misuse of Some Words | 208 |
| Modal and Semi-Modal Verbs | 222 |
| Degrees of Comparison | 224 |
| Ambiguous Word Order | 231 |
| Awkward Separation of Elements | 241 |
| Redundancy | 256 |
| Subjunctive | 262 |


# The Anatomy of the English Sentence

## Introduction

এই বইটি মূলত MBA, BBA Admission Test, GMAT, GRE, SAT, এবং TOEFL-এর পরীক্ষার্থীদের জন্য রচিত হয়েছে। অবশ্য ইংরেজি ভাষা ভালোভাবে শিখে যাঁরা অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষা যেমন-BCS চাকুরিতে নিয়োগের Test ইত্যাদিতে অংশগ্রহণ করতে চান, তাদের জন্যও বইটি বিশেষ উপকারে আসবে।

**Objective (উদ্দেশ্য) :** এই বইটির উদ্দেশ্য পাঠককে ইংরেজি ভাষা লিখতে বা বলতে শেখানো নয়, এর প্রধান উদ্দেশ্য হলো উপরোক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষাগুলোর জন্য পাঠককে অত্যন্ত কৌশলে, সহজে, কম সময়ে এবং selective উপায়ে চূড়ান্ত মুহূর্তের জন্য সর্বশেষ প্রস্তুতির সফলতা নিশ্চিত করতে সাহায্য করা। সুতরাং বইটিতে প্রধানত ইংরেজি grammar-এর ব্যবহারিক দিকগুলোই আলোচিত হবে যেন এই জ্ঞান উক্ত পরীক্ষাগুলোর জন্য পাঠকের সরাসরি কাজে আসে। অবশ্য আমাদের বর্তমান আলোচনা বুঝতে পাঠকের যেন অন্য কোন ব্যক্তি বা বইয়ের শরণাপন্ন না হ'তে হয় সেজন্য প্রাসঙ্গিক ইংরেজি structure ও style সংক্রান্ত বিভিন্ন বিষয়ও এতে সংক্ষেপে অথচ সুকৌশলে আলোচনা করা হবে। একেবারে মৌলিক কোন বিষয়, যার আলোচনা এই বইতে সম্ভব নয়, থাকলে তা কোন্ বই থেকে পড়লে সবচেয়ে ভালোভাবে জানা যাবে এবং কোন্ অধ্যায়ে তা পাওয়া যাবে, তা স্পষ্টভাবে উল্লেখ করা হবে। মোটের উপর বলা যায়, বইটির উদ্দেশ্যগুলো নিম্নরূপ :

- MBA, BBA Admission Test, GMAT, GRE, SAT, TOEFL—ইত্যাদি প্রতিযোগিতামূলক পরীক্ষার Language অংশে যে-সব প্রশ্ন থাকে তাদের অধিকাংশই সুদীর্ঘ sentence-এ ভরপুর। ফলে অত বড় sentence-এর মধ্য থেকে প্রকৃত ভুলটি বেছে বের করা দুঃসাধ্য হয়ে দাঁড়ায়। কীভাবে ভুলগুলোকে সহজে এবং সঠিকভাবে চিহ্নিত করা যায় এই বইতে তাই আলোচিত হবে।
- কখনও কখনও এমনকি কোন বাক্যের অর্থ না বুঝেও কিভাবে তার মধ্য থেকে ভুল অংশটি সঠিকভাবে চিহ্নিত করা যায় সেই কৌশল এতে থাকবে।

● এতে আরও আলোচিত হবে সেই কৌশলগুলো যেগুলো ব্যবহার ক'রে নিজে বড় বড় এবং জটিল অথচ মধুর বাক্য গঠন করা যায় সেই কৌশলসমূহ।

তবে এসব কিছুর আগে আমরা স্পষ্টভাবে দেখাবার চেষ্টা করব ঃ

→ বাক্যের কোন কোন্ অংশের ভুলগুলো ধরতে সবচেয়ে অসুবিধা হয় এবং কেন,

→ কিভাবে এই অসুবিধা স্থায়ীভাবে দূর করা যায়,

→ কোন ধরনের ভুলগুলো চোখকে বেশি ফাঁকি দেয়, এবং সেসব ক্ষেত্রে সফল হবার উপায় কি।

## Method of Presentation (উপস্থাপন-পদ্ধতি) ঃ

এই বইয়ের প্রধান উদ্দেশ্য হলো পাঠককে MBA, BBA Admission Test, GMAT, GRE, SAT, TOEFL—পরীক্ষার জন্য চূড়ান্ত দক্ষতা অর্জনের লক্ষ্যে কৌশলগত সহায়তা প্রদান করা। আর এই লক্ষ্য অর্জন করার জন্য নিচের ক্রম অনুসারে বিভিন্ন বিষয় আলোচনা করা হবে ঃ

➡ A. Normal Sentence কাকে বলে, এর element (উপাদান)গুলো কি কি?

➡ B. Sentence-এর Functional Element কাকে বলে; Parts of speech-এর সাথে এগুলোর পার্থক্য কি?

➡ C. শুধু Parts of speech শিখলেই ইংরেজি বাক্য গঠন করা যায় না কেন?

➡ D. Normal Sentence-এর গঠন খুবই সহজ ব'লে এর মধ্যকার ভুল সহজেই চিহ্নিত করা যায়; কিন্তু কিভাবে একে ক্রমাগতভাবে জটিলতর বাক্যে পরিণত করা হয় তা জানতে পারলে সেই জটিল বা জটিলতর বাক্যের মধ্য থেকেও ভুল বেছে বের করা আর তেমন কোন সমস্যা ব'লে মনে হবে না। এ উদ্দেশ্যে আমরা Normal Sentence-কে জটিলতর পর্যায়ে রূপান্তরিত করার নিম্নলিখিত উপায়গুলো নিয়ে ব্যাপকভাবে আলোচনা করব ঃ



→ the technique of **CO-ORDINATION**

→ the technique of **SUBORDINATION**

→ the technique of using **ABSOLUTES**

→ the technique of **MODIFICATION.**

➡ E. Sentence-এর গঠন জটিল হবার অন্যতম কারণ হলো Phrase-এর গঠন। সুতরাং এই বইতে Phrase-এর গঠন সম্পর্কে অত্যন্ত কার্যকরী এবং কৌশলগত আলোচনা করা হবে। ফলে জানতে পারবেন ঃ

→ ❑ Phrase কিভাবে sentence-এর একটিমাত্র element (উপাদান) হিসেবে কাজ করে এবং বাক্যের জটিলতা বৃদ্ধি করে;

→ ❑ Phrase কিভাবে অন্য একটি phrase-এর একটিমাত্র অংশ হিসেবে ব্যবহৃত হয়ে আরও জটিলতার সৃষ্টি করে;

→ ❑ Phrase কিভাবে অন্য কোন element-এর MODIFIER বা বাক্যের ABSOLUTE হিসেবে ব্যবহৃত হয়ে বাক্যকে রহস্যজনকভাবে জটিল ক'রে তোলে।

➡ F. Normal Sentence Pattern-কে কিভাবে রদবদল ক'রে তা থেকে অন্যান্য style এবং structure (মুখস্থ না ক'রেই) তৈরি করা যায়।

➡ G. Sentence-এর ভুল সাধারণত কত প্রকারের হয় এবং কোন্ ধরনের ভুল বের করার জন্য সাধারণত Normal Sentence-এর কোন অংশকে বিশ্লেষণ করতে হয় এবং কিভাবে তা করতে হয়।

Back to Contents

## Secondary Objectives (গৌণ উদ্দেশ্যাবলী) :

এছাড়া বইটির আরও একটি উদ্দেশ্য হলো পাঠককে নিম্নরূপে সাহায্য করা :

- উল্লেখিত পরীক্ষাগুলোর জন্য মোটের উপর একটি ব্যাপক syllabus cover করা;
- পর্যাপ্ত সংখ্যক উদাহরণ এবং MODEL TEST দেয়ার মাধ্যমে, এবং অধিকাংশ বাক্যের বাংলা অর্থ দেয়ার মাধ্যমে, পাঠককে ধারাবাহিকভাবে সফলতার সাথে অনুশীলনে রত রাখা।
- American English-এর বিশেষ দিকগুলোর সাথে পাঠককে পরিচয় করিয়ে দেয়া (কারণ, উল্লেখিত Testগুলোতে American English-ই ব্যবহৃত হবে।)

**পাঠকের করণীয় :**

আমাদের উপরোক্ত বিষয়গুলোকে **নির্ভুলভাবে** এবং **সফলতার সাথে** আয়ত্ত করার জন্য পাঠকের উচিত বইটির প্রথম থেকে মাঝের কোন অংশ বাদ না দিয়ে শেষ পর্যন্ত পড়া, এবং ক্ষেত্রবিশেষে প্রদত্ত পরামর্শ অনুসারে অনুশীলন করা। আর যিনি তা মেনে চলবেন তাঁর সাফল্য অবশ্যই অর্জিত হবে, সঙ্গত কারণেই এ আশ্বাস আমরা দিতে পারি।

## A. The Normal Sentence

**What It Is :** Subject + Verb + Object/Adverb/ Complement—এইভাবে গঠিত assertive sentence-ই হলো Normal Sentence. একে বলে Actor-Action sequence; কারণ এ জাতীয় sentence-এ প্রথমে কর্তা এবং ঠিক তার পরই কর্তার দ্বারা কৃত কাজটি বসে। এরও পরে কর্ম বা অন্য কোন extension (সম্প্রসারক) বসতে পারে। **এর পরে কি বসবে তা নির্ধারিত হবে verbটির nature বা প্রকৃতি অনুসারে।** সুতরাং verb-এর nature জানার পরেই তা জানা যাবে, মুখস্থ করার দরকার হবে না।

**Why this sentence (কেন এই বাক্য) :** পাঠকের মনে প্রশ্ন জাগতে পারে, কেন এই Normal Sentence নিয়ে আলোচনা শুরু। Interrogative,



Optative, Exclamatory—এসব sentence-তো রয়েছে। কারণ হলো : MBA, BBA Admission Test, GMAT, GRE, SAT, TOEFL-এ সচরাচর যেসব sentence দেওয়া হয় সেগুলোর প্রায় সবই Normal Sentence.

**কারণ :**

→ ● একমাত্র Normal sentence-ই সবচেয়ে জটিল রূপ ধারণ করতে পারে।

→ ● এই sentence-এর মূল গঠন-কৌশল এবং একে বিস্তৃত (extend) করার mechanism জানলে এ থেকে, মুখস্থ না ক'রেই অন্যান্য অনেক ধরনের sentence-এর structure গঠন করা যায়।

→ ● Optative, Exclamatory sentenceগুলো প্রকৃতপক্ষে এতো সহজ যে কোন গুরুত্বপূর্ণ Test-এ এগুলো তেমন দেওয়া হয় না; অবশ্য TOEFL-এ এদের কিছু কিছু ব্যবহার পরিলক্ষিত হয়।

**➡ এখন আলোচিত হবে :**

- Normal sentence-এর structure
- Verb-এর nature (প্রকৃতি)
- Verb-এর nature অনুসারে কিভাবে sentence বিভিন্ন structure ধারণ করে
- Sentence-এর Functional Elementগুলো কি কি এবং শুধু parts of speech জানলেই sentence গঠন করা যায় না কেন?
- Normal sentence-এর basic structure (pattern)গুলো থেকে কিভাবে জটিলতর বাক্য গঠন করা যায়।

### A. 1. The Normal sentence :

S + V + E—এটিই হলো Normal sentence-এর মূল structure যেখানে :

S = Subject

V = Finite Verb

E = Extension (i.e, object, adverb, complement)

ধরা যাক বাংলা একটি বাক্য ঃ আমি ভাত খাই। এখানে—

S = আমি

O = ভাত

V = খাই।

তাহলে, বাংলা ভাষায় Normal sentence-এর গঠন হলো ঃ

S + O + V

কিন্তু ইংরেজিতে বাক্যটি হবে ঃ I eat rice. এখানে—

S = I
V = eat
O = rice.

বাংলা ঃ S + O + V
তুলনা করুন ঃ ইং ঃ S + V + O

অর্থাৎ গঠনটি হচ্ছে ঃ S + V + O. Normal sentence-এর গঠনের ক্ষেত্রে বাংলা এবং ইংরেজি ভাষার এই পার্থক্যটুকু মনে রাখলে সবকিছু বুঝতে সুবিধা হবে। পার্থক্যটুকু হলো ঃ বাংলায় ক্রিয়ার (V) আগে কর্ম (O) ব্যবহৃত হয়, যেখানে ইংরেজিতে V-এর পরে O ব্যবহৃত হয়।

⇒ **লক্ষ্য করুন ঃ** Do I eat rice? এই sentenceটি Normal sentence নয়। কিংবা How nice the bird is!—এরূপ বাক্যও আমরা এখন বিবেচনা করব না। এগুলো তেমনি জটিল কিছু নয়। পরে এগুলো সম্বন্ধে আলোচনা করা হবে।

## A. 2. Nature of the Verb :

Normal sentence-এর structure-এ V-এর স্থলে যে ধরনের verb ব্যবহৃত হয়, তা অনুসারে sentenceটির structure নির্দিষ্ট হয়। আলোচ্য verbগুলো হলো ঃ

- ordinary verb (eat, go, see etc.)
  - → Intransitive (কর্ম থাকে না)
  - → Transitive (কর্ম থাকে)



— Verb with single object

— Verb with double object

— factitive verb

→ Have (has, had)

- Linking Verb
  - → be : am, is, are, was, were etc.
  - → seem, appear, became etc.
- Quasi—Passive Verb

প্রথমে কয়েকটি উদাহরণ দিয়ে আলোচনা শুরু করা যাক।

He is a boy —এখানে is = auxiliary verb নয়, a boy = object নয়। He = boy; একই ব্যক্তি, সুতরাং a boy = complement.

He ate . . . . . — এখানে শূন্যস্থানে একটিমাত্র object বসতে পারে ব'লে বাক্যটির গঠন কি হবে তা আগে থেকে ব'লে দেয়া যায় ঃ S + V + O.

He will come . . . . . — এখানে verbটি intransitive (object নেই) বলে এর পরে কোন object বসবে না, adverb (where? when? how? why?)—এই প্রশ্নগুলোর উত্তর যে word দেয় তা হল adverb) বসবে। সুতরাং বাক্যটির structure হবে S + V + Adverb—এ ছাড়া অন্য উপায় নেই।

He is sick — এখানে sick হলো adjective, সুতরাং object নয়। একটি subject He-কে modify করছে। ফলে গঠনটি হলো ঃ S + V + M (M = modifier)

We elected him . . . —.এখানে শূন্যস্থানে বসবে একটি noun যাকে object বলা যাবে না। কারণ, object হলো him,


Back to Contents

এটি elect-verbটির সাথে সরাসরি যুক্ত। কিন্তু ধরা যাক election-এর পর সে হলো chairman. তাহলে he = chairman. him (he) যে ব্যক্তি, chairmanও সেই ব্যক্তি। একে বলে complement; এটি হলো object (him) এর complement.

He gave . . . . . — এখানে object ব্যবহৃত হবে দুইটি। কারণ, 'কাকে' দিল? এবং 'কি' দিল?—এই দু'টি প্রশ্নের উত্তরই verbটি থেকে পাওয়া যাচ্ছে। তাহলে এর structure হবে ঃ S + V + O + O (He gave me a pen.)


**<u>Tactic</u> (কৌশল) ঃ**

কোন sentence-এর structure জানতে হলে প্রথমে তার verb-এর nature জানতে হবে। এক্ষেত্রে verbকে দু'টি প্রশ্ন করতে হবে, যা নিম্নরূপে দেখানো যায় ঃ




যেমন, একটি verb নেয়া যাক—walk. একে প্রশ্ন দু'টি করে একটিরও উত্তর পাওয়া যাবে না। কারণ, কি হাঁটে? বা কাকে হাঁটে?-এর কোন জবাব হয় না। কেমনভাবে হাঁটে? কেন হাঁটে? ইত্যাদি প্রশ্নের উত্তর হতে পারে, কিন্তু তা তো আর object হবে না। তাহলে পাওয়া গেল ঃ







অর্থাৎ verbটির object নেই, এটা হলো intransitive verb. এটি শুধু why? (কেন?), when? (কখন?), where? (কোথায়?)-এসব প্রশ্নের জবাব দিতে পারে। এ কারণে এ ধরনের verb যে বাক্যে ব্যবহৃত হয় তার structure হয় ঃ

$S + V_1$ + Adv. (Adv. = adverb)


$V_1$ = intransitive verb.

এভাবে আরও কয়েকটি verb-কে যাচাই করা যাক ঃ





He eats rice.

অর্থাৎ eat-এর একটিমাত্র object থাকতে পারে। 'কাকে?' এই প্রশ্নটির উত্তর eat থেকে পাওয়া গেলেও (যেমন ঃ বাঘ মানুষকে খায়) তা 'কি'?-এর ক্ষেত্রেই প্রযোজ্য। একটি verb একই বাক্যে দু'টি প্রশ্নের উত্তর যদি না দিতে পারে তাহলে তার মাত্র একটি object গ্রহণ করার ক্ষমতা আছে—এটা মনে রাখতে হবে। তাহলে এরূপ verb থাকলে বাক্যের গঠন হবে ঃ $S + V_o + O$.




সে 'কি' দেখায় এবং একই জিনিস 'কাকে' দেখায় এখানে তা স্পষ্ট। সুতরাং এরূপ verb বাক্যে থাকলে তার গঠন হবে ঃ S + $V_o^o$ + $O_1$ + $O_2$ এখানে $O_1$ = indirect object (প্রাণীবাচক), $O_2$ = direct object (বস্তুবাচক)। verb-এর কাজটি সরাসরি আরোপ করা হচ্ছে pen ($O_2$) এর উপর, তারপর me ($O_1$) এর উপর। এ কারণে pen হলো direct এবং me হলো indirect object. এখানে $V_o^o$ মানে হলো, verbটি দুইটি obj. গ্রহণ করতে পারে।





We found him dead.

এখানে 'কি দেখলাম?'—প্রশ্নটির উত্তর হতে পারে, কিন্তু তাহলে আর একই সাথে 'কাকে দেখলাম?'—এর উত্তর হয় না। যে কোন একটি প্রশ্নেরই উত্তর একটিমাত্র বাক্যে পাওয়া যাচ্ছে। সুতরাং verbটির object হলো একটি। কিন্তু এই verb-এর চরিত্র (nature) এমন যে একে একটা object দেওয়ার পরও এ আরও কিছু চায়, আরও কিছু বলার ক্ষমতা এর আছে। যেমন 'কি অবস্থায় দেখলাম?'—এর উত্তর verbটি দিতে পারে। কিন্তু তা তো আর object নয়। তাহলে এটা কি? লক্ষ্য করুন, এখানে him দ্বারা যাকে বোঝানো হচ্ছে dead দ্বারাও তাকে বোঝানো হচ্ছে।




We found him dead.



সুতরাং dead হলো him-এর Modifier (adjective complementও বলা যায়। সুবিধার জন্য আমরা বলবো Mo, অর্থাৎ object-এর modifier. তাহলে structureটি দাঁড়াচ্ছে ঃ S + $V_o^{Mo}$ + O + $M_o$

$V_o^{Mo}$ বলতে আমরা বুঝাতে চাচ্ছি যে, verbটি এমন একটি verb যে একটি object গ্রহণ করার পরে ঐ object-এরই একটি Modifier সে গ্রহণ করতে পারে।

> ⇒ দেখুন ঃ আপাতত কোন কোন পাঠকের কাছে এই আলোচনা সহজ ব'লে বিরক্তিকর মনে হতে পারে, কিন্তু আমাদের উদ্দেশ্য হলো ক্রমশ জটিল পর্যায়ে প্রবেশ করা। সুতরাং এগুলো অত্যন্ত কাজ দেবে।




We elected him chairman.

দেখা যাচ্ছে এই verbটিরও একটিমাত্র object গ্রহণ করার ক্ষমতা আছে, কিন্তু এটা আরও একটা অতিরিক্ত জিনিস গ্রহণ করতে পারে। তাকে শুধু নির্বাচিত করলেই হলো না, তাকে একটা পদ তো দিতেই হবে। সেই পদে তিনি একবার অভিষিক্ত হওয়ার পর he = chairman, একই লোক। তাহলে chairman হলো him-এর complement. সুতরাং structureটি দাঁড়াচ্ছে ঃ

$$S + V_o^{co} + O + Co$$

$V_o^{co}$ = এমন একটি verb যে একটি object গ্রহণ করার সাথে সাথে ঐ object-এর complementও গ্রহণ করতে পারে।

লক্ষ্য করুন : We found him **dead** এবং We elected him **chairman**-বাক্য দুটির S + V + O পর্যন্ত গঠন একই। পার্থক্য হলো dead এবং chairman-কে নিয়ে। dead = $M_o$ (modifier, কারণ এটি হলো adjective), chairman = Co (কারণ, এটি হলো noun)

কিন্তু উপরের কথাটিও ভুল। আমরা যে আলোচনা করছি তার মূল উদ্দেশ্য হলো verb-এর স্বরূপ উদঘাটন করা এবং সে অনুসারে বাক্যের structure-এর কি পরিবর্তন হয় তা জানা। বাক্য দুটোর S + V + O এই পর্যন্ত এক মনে হলেও এক নয়। কারণ শুধু V-তো এখানে নেই, প্রথমটিতে আছে $V_o^{Mo}$ এবং দ্বিতীয়টিতে $V_o^{co}$। সুতরাং বাক্য দু'টির structure শুধু subject এবং verb পর্যন্ত লিখলেও তাদের পার্থক্য ধরা পড়বে :


$$S + V_o^{Mo} \ldots\ldots$$

$$S + V_o^{co} \ldots\ldots$$

Verb-কে চিহ্নিত করার জন্য তার বৈশিষ্ট্যগুলো টেনে এনেছি বলেই আমরা এখন স্পষ্টভাবে বাক্য দু'টির পার্থক্য বুঝতে পারছি। এখন আর ভুল হবার সম্ভাবনাও নেই। তালগোল পাকানোর ভয়ও নেই। আর সবচেয়ে বড় সুবিধা হলো, এই কায়দায় structure লিখলে পরবর্তী অংশগুলো আর লেখার দরকার হয় না। যেমন $V_o^{Mo}$ দ্বারাই তো বোঝা যাচ্ছে যে এর পরে আছে O (=object) এবং $M_o$ (object-এর modifier); এবং $V_o^{co}$ - দ্বারাও এর পরবর্তী অংশগুলো বোঝা যাচ্ছে। আরেকটা জিনিস হলো, এই আকারে যখন কেউ লিখছে তখন আপনি সহজেই বুঝতে পারবেন যে সে verb-এর behaviour সম্বন্ধে সচেতন।


এই পর্যায়ে কয়েকটি verb নিয়ে অনুশীলন করা যাক। paint, consider, call, laugh, give, select—এই verbগুলোকে আমাদের বিশেষ চিহ্ন দ্বারা identify করতে হবে। আমাদের ব্যবহৃত model ব্যবহার করে পাওয়া যাচ্ছে :






paint—$V_o^{Mo}$ : যেমন : I painted the house white.

consider—$V_o^{Mo}$, $V_o^{co}$ : যেমন : We consider him honest. We consider him a thief.




call—$V_o^{co}$ : যেমন : He called you a fool.

laugh—Vi : যেমন : He is laughing.

give—$V_o^{o}$ : যেমন : He gave me a pen.

select—$V_o^{co}$ : যেমন : The selected me captain.

লক্ষ্য করুন : আপনি যখনই একটি verb-কে এভাবে চিহ্নিত করতে পারছেন, তখন আর verbটি কোন্ structure-এর বাক্যে প্রয়োগ করতে হবে তা আলাদাভাবে বিবেচনা করতে হচ্ছে না, verb-এর এই notation থেকেই তা জানা যাচ্ছে। এ কারণে Normal sentence-এ verb-কে তার ভূমিকা অনুসারে চিহ্নিত করতে পারলে আর গাদা গাদা structure মুখস্থ করার কোন দরকার হয় না। তবুও academic interest-এর জন্য মনে রাখুন :

$V_i$ = intransitive verb

$V_o$ = transitive verb with single object

$V_o^o$ = transitive verb with double objects

Back to Contents

$V_c^{Mo}$ = transitive verb যা একটি object এবং ঐ object-এর modifier গ্রহণ করতে পারে

$V_o^{co}$ = factitive verb

$C_o$ = objective complement

$M_o$ = modifier of object

$V_{cs}$ (LV) = Linking verb (যা পরে জানা যাবে।)

$C_s$ = Subjective complement বা subject-এর complement.

## The Linking Verb :

— এই verb-এর কোনো object থাকে না।

— এই verbগুলো দ্বারা কোনো কাজ করা বোঝায় না।

— এরা subject এবং subject-এর অন্য একটি পরিচয়—এই দু'য়ের মধ্যে যোগসূত্র স্থাপন করে।

যেমন ঃ He **eats** rice.

এখানে eating বা খাওয়া কাজটি ঘটছে riceকে নিয়ে। সুতরাং আমাদের সংকেত অনুসারে এটি $V_o$, অর্থাৎ একটি verb যার একটি object আছে। কিন্তু

He **is** a boy.

বাক্যে 'He' আর 'a boy' উভয় দ্বারা একই ব্যক্তিকে বোঝানো হচ্ছে। তাহলে is দ্বারা নিশ্চয়ই কোনো কাজ বোঝাচ্ছে না। (লক্ষ্য করুন, উপরের প্রথম বাক্যে He আর rice-এক ব্যক্তি বা বস্তু নয়।) is-এর পরিবর্তে আমরা '=' চিহ্নটি ব্যবহার ক'রে He এবং a boy-এর সম্পর্কটা এভাবে দেখাতে পারি ঃ

He = a boy.

তাহলে বুঝতে পারা যাচ্ছে যে 'is' এখানে কতকটা '=' চিহ্নের কাজ করছে। যে verb এরূপ কাজ করে তাকে বলে linking verb বা link verb বা copula. এবার নিচে কয়েকটি linking verb, তাদের ব্যবহার, এবং ব্যবহার অনুসারে তাদের প্রকৃতি কেমন হয় তা লক্ষ্য করুন ঃ



Rima **is** happy. (Linking verb $V_{cs}$ = is)

(ব্যাখ্যা ঃ Rima = happy. Rima-কেই happy ব'লে নির্দেশ করা হচ্ছে।)

She **feels** tired. ($V_{cs}$ = feels)

(ব্যাখ্যা ঃ She = tired)

The roof **became** hot. ($V_{cs}$ = became)

(ব্যাখ্যা ঃ The roof = hot)

মনে রাখবেন, সবচেয়ে বেশি ব্যবহৃত linking verb হলো be (am, is, are, was, were)। এছাড়া seem, feel, become, get ইত্যাদিও linking verb হিসেবে ব্যবহৃত হয়।

## Complement :

উপরের উদাহরণগুলোতে লক্ষ্য করেছেন যে, linking verb-এর পরে এমন 'কিছু' বসে যা subject-এরই কোনো পরিচয় প্রকাশ করে। তা noun বা adjective হ'তে পারে। একে বলে complement (c)। Linking verb-এর কাজ হলো subject (s) এর complement (c) এর মধ্যে যোগসূত্র স্থাপন করা। এ কারণে আমরা এই বইতে linking verbকে $V_{cs}$ দ্বারা নির্দেশ করবো। $V_{cs}$-এর ব্যাখ্যা হলো, এটি এমন একটি verb যা subject (s) ও complement (c)-এর মধ্যে যোগসূত্র স্থাপন করে, বা subject-এর complement (Cs)কে subject-এর সাথে সম্পর্কিত করে।

সুতরাং অন্যভাবে complement-এর পরিচয় দিতে গিয়ে বলা যায়—S + $V_{cs}$ + . . . . এই শূন্যস্থানে যা বসবে তা হলো complement. Complement শুধু subject-এরই নয়, objectএরও হতে পারে। তবে সেক্ষেত্রে verbটি হয় অন্যরকম। যেমন ঃ $V_o^{co}$ -verb দ্বারা গঠিত একটি বাক্য ঃ

We elected ($V_o^{co}$) him (O) chairman (Co)।

এখানে chairman = he (him)। him হলো object। সুতরাং chairman হলো object-এর complement (Co)। কিন্তু linking verb-এর ক্ষেত্রে complementটি হলো subject-এর complement (Cs)।

**এতক্ষণ যা শিখলেন ঃ**

আগেই আমরা দেখেছি যে

— Normal sentence হলো মূলত assertive sentence বা statement

— এবং এর গঠন হলো S + V + . . . . .

ক্ষেত্র বিশেষে এই V-বিভিন্ন রকমের হতে পারে, যেমন

$S + V_I$ → object বিহীন verb

$S + V_o$ → একটি object-যুক্ত verb

$S + V_o^o$ → দুইটি object-যুক্ত verb

$S + V_o^{Mo}$ → object ও object-এর modifier গ্রহণে সক্ষম verb

$S + V_o^{Co}$ → object ও object-এর complement গ্রহণে সক্ষম verb

$S + V_{Cs}$ → subject-এর complement গ্রহণে সক্ষম verb (Linking verb)।

$S + V_{Ms}$ → Linking verb যার পরে subject-এর একটি complement থাকে।

**Examples :**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| $S + V_I$ | → | She | laughs. | | |
| $S + V_o$ | → | She | eats | rice. | |
| $S + V_o^o$ | → | She | teaches | them | English. |
| $S + V_o^{Mo}$ | → | She | found | them | dead. |
| $S + V_o^{Co}$ | → | She | selected | him | captain. |
| $S + V_{cs}$ | → | She | is | a | lawyer. |
| $S + V_{ms}$ | → | She | is | happy. | |

লক্ষ্য করুন ঃ $V_o^{Mo}$ এবং $V_o^{Co}$-এর $M_o$ হলো objective এবং $C_o$ হলো noun. বোঝার সুবিধার জন্য এভাবে ভাগ করা হলো। প্রকৃতপক্ষে এরা উভয়েই object-এর complement—পার্থক্য হলো এই যে একটি noun, অপরটি adjective.



⟹ এর পরে আমরা দেখব কিভাবে normal sentence-এর উপযুক্ত patternগুলো থেকে অত্যন্ত জটিল ধরনের বাক্য গঠন করা যায় এবং ঐ ধরনের বাক্যে কোনো ভুল থাকলে তা কিভাবে বের করা যায়। তবে তার আগে আমাদেরকে নিম্নলিখিত মৌলিক জিনিসগুলোও জানতে হবে।

## Elements of Sentences :

Parts of speech কত প্রকার তা নিশ্চয়ই আপনার মনে আছে। তবুও এখানে সংক্ষেপে সেগুলো দেখানো হলো ঃ

noun—কোনো কিছুর নাম; যেমন Rahim, Tom, Dhaka, intelligence

pronoun—নামের বদলে যা বসে; যেমন, he, she, him, her etc.

adjective—দোষ, অবস্থা, সংখ্যা প্রকাশক শব্দ; যেমন, good, bad etc.

verb—কাজ করা বোঝায়; যেমন, $V_I$, $V_o$, $V_o^o$ etc.

adverb—কাজ কখন, কোথায়, কিভাবে সংঘটিত হয় তা বোঝায়।

preposition—দুইটি word-এর মধ্যকার সম্পর্ক প্রকাশ করে।

conjunction—বা connective, দুই বা ততোধিক শব্দকে যুক্ত করে।

interjection—বাক্যের সাথে গঠনগত সম্পর্ক ছাড়াই ব্যবহৃত হয়।

কিন্তু আমরা এভাবে wordকে বিবেচনা করব না। আমরা wordকে দুইভাবে দেখব ঃ

- ❑ word-এর নিজস্ব রূপ, এবং এক প্রকার word থেকে অন্যান্য ধরনের word কিভাবে গঠিত হয় তা; এই দৃষ্টিভঙ্গিতে দেখার সময় আমরা wordকে Form Unit নামে অভিহিত করব।
- ❑ বাক্যে যখন Form Unit (অর্থাৎ word) ব্যবহৃত হয় তখন বাক্যের কোন্ অংশের সাথে তা কোন্ সম্পর্ক রেখে চলে এবং সেই সম্পর্ক অনুসারে Form Unit-এর কিভাবে রূপবদল হয় তা; এই দৃষ্টিকোণ থেকে দেখার সময় আমরা word-কে Function Unit নামে অভিহিত করব।

**Form Units :** Form Unitগুলো হলো ঃ

— noun

— pronoun

— verb

— adjective

— adverb

**Function Units :** Function Unitগুলো হলো ঃ

— subject (S)

— verb (V)

— object (O)

— complement (C)

— modifier (M)

— connective (K)

— preposition

— absolute (A)

<u>কেন এই শ্রেণী বিভাগ ঃ</u>

যখন আমরা Form Unit হিসাবে noun শিখি তখন তার সম্বন্ধে এসব জানি ঃ এর তিনটি case থাকতে পারে, যেমন-Rahim (subjective)—Rahim (objective)—Rahim's (possessive) (লক্ষ্য করুন, noun-এর subjective এবং objective case একই রূপের); এর দু'টি number থাকতে পারে, যেমন-boy (singular)—boys (plural); এর দুইটি (অর্থাৎ একই noun-এর দুইটি রূপ, যদি তা neuter gender না হয়) gender থাকতে পারে, যেমন-uncle—aunt ইত্যাদি। কিন্তু আমরা যখন Function Unit হিসেবে nounকে বিবেচনা করি তখন একে subject (S), object (O), বা complement (C) ব'লে থাকি। Pronoun-এর ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। যেমন-Form Unit হিসাবে আমরা একটি pronoun-এর তিনটি case শিখি; যথা-he—him—his. কিন্তু বাক্যে এগুলো ব্যবহার করতে হলে হয় S, না হয় O, কিংবা C হিসেবে তাদেরকে ব্যবহার করতে হয়। উদাহরণ নেয়া যাক ঃ



<u>He</u> is a boy.
S

I know <u>he</u> .
O

I know <u>he</u> brother.
M

প্রথম বাক্যে He হল subject. Function unit হিসাবে Subject(s) বলে---আমার স্থানে কোনো pronoun যদি আসতে চায় তাহলে তাকে subject case এর form বা রূপ গ্রহণ ক'রে আসতে হবে। ১ম বাক্যে he-সেইভাবেই এসেছে। সুতরাং বাক্যটা সঠিক।


কিন্তু Function Unit হিসাবে object (O)-এর একটা শর্ত আছে। সে বলে-আমার স্থানে যদি কোনো pronoun-আসতে চায় তাহলে তাকে objective case এর form গ্রহণ ক'রে তবেই আসতে হবে। ২য় বাক্যে 'he' pronounটি সে শর্ত পালন করতে পারেনি। 'He' যদি objective case-এর বাড়ি থেকে একবার ঘুরে আসতো তাহলে তার রূপ হয়ে যেত 'him'। তখন object (O) তাকে বাক্যে গ্রহণ করতে পারত। যেহেতু ২য় বাক্যে 'he'-সরাসরি object-এর স্থানে চলে এসেছে সেহেতু বাক্যটি ভুল হয়েছে।

Function Unit হিসাবে Modifier বলে আমার অবস্থানে সচরাচর কোনো adjective বা adverbই আসে। তাতে আমার আপত্তি নেই। কিন্তু যদি কোনো pronoun আমার স্থানে আসতে চায় তাহলে তাকে possessive case এর form গ্রহণ করতে হবে; অর্থাৎ এক্ষেত্রে he-কে হতে হবে his। ৩য় বাক্যে 'he' সে-শর্ত পালন করেনি বলে বাক্যটা ভুল হয়েছে। (Modifier কাকে বলে তা একটু পরেই আলোচনা করা হবে।) তাহলে আমরা সংক্ষেপে বলতে পারি ঃ

- word-এর বিভিন্ন রূপভেদকে জানার জন্য তাকে যে-ভাবে বিবেচনা করা হয় তা হল Form Unit।
- আর ঐ word বাক্যের কোন্ উপাদান হিসেবে ব্যবহৃত হওয়ার সময় তার কোন্ form বা রূপটি নিয়ে আসবে তা নির্ধারণ করবে Function Unit।

Back to Contents

এই অত্যন্ত সহজ এবং মৌলিক জ্ঞান পরে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজে লাগবে। সুতরাং উদাহরণের মাধ্যমে বিষয়টাকে বিস্তারিতভাবে জানা উচিত।




উপরে চিত্র থেকে বুঝতে পারছেন যে বাক্যের subject-এর স্থানে noun বা pronounকে আসতে হলে তাকে subjective case এর রূপ গ্রহণ করেই আসতে হবে; Modifier (M)-এর স্থানে বসতে হলে তাকে possessive case এর রূপ গ্রহণ ক'রে আসতে হবে . . . . ইত্যাদি।

**Modifier :** যে word (phrase বা clause) অন্য কোন word (headword)-এর অর্থকে আরও সীমাবদ্ধ (বিশেষায়িত) ক'রে দেয় তাকে বলে modifier. Headwordটি noun, adjective, verb, বা adverb হতে পারে। যেমন ঃ

He is a **boy.**

এই বাক্যের boy-এর সম্বন্ধে বিশেষ কিছু বলা হয়নি। কিন্তু—

He is a **good boy.**
M h

এই বাক্যে boy headword-কে 'good' শব্দটি modify করছে। "কেমন" বালক?-এই প্রশ্ন করলে 'good' শব্দটি তার উত্তর দিয়ে দেয়।

আবার—

He is a **very good** boy.
M h



বাক্যটিতে 'very' শব্দটি 'good' modifierটিকে modify করছে। এখানে good-headword-এ পরিণত হয়েছে। good boy বলতে " **'ভাল'** ছেলে" বুঝায়। কিন্তু 'কেমন' ভাল?-এই প্রশ্নের উত্তর পাওয়া যাচ্ছে 'very' শব্দটি থেকে ঃ

**very** good boy—**'খুব'** ভাল ছেলে। এই very-হল modifier।

He runs-সে দৌড়ায়।

He **runs fast**-সে দ্রুত দৌড়ায়।
h M

দ্বিতীয় বাক্যটিতে fast শব্দটি run-verbটিকে modify করছে। সুতরাং এখানে headword হল runs.

**Absolutes :** বাক্যে এমন কোন word বা word এর সমষ্টি বা clause যদি ঐ বাক্যে এমনভাবে ব্যবহৃত হয় যে বাক্যের মূল গঠনের সাথে ঐ word, word-এর সমষ্টি, বা clause-এর কোনো গঠনগত সম্পর্ক থাকে না, তাহলে, তাকে বলে absolute. যেমন ঃ

He is a good boy.

এই বাক্যে কোনো absolute নেই। যে element গুলো রয়েছে সেগুলো বাক্যের জন্য অপরিহার্য।

যেমন ঃ

| He | is | a | good | boy |
|---|---|---|---|---|
| s | $V_{cs}$ | | M | h |
| | | Cs | | |

অর্থাৎ- He → subject
is → Linking verb
a good boy → complemant (subject-এর)
good — boy এর modifier
boy — headword (good-এর)।

ধরুন এই বাক্যটি আপনার সামনে কেউ বলছে। সে বাক্যটিকে এভাবে না ব'লে এর মধ্যে কথার ছলে নিজের একটা মন্তব্য ঢুকিয়ে দিল, এভাবে :

He is, **you can easily see,** a very good boy.

ভাবখানা এরকম : ছেলেটা, দেখতেই তো পাচ্ছেন, অত্যন্ত ভাল। ওকে চাকরিটা দিয়েই দিন। ইত্যাদি। দেখতেই তো পাচ্ছেন-অংশটুকু মূল বাক্যের কোনো অংশ নয়, অন্তত মূল বাক্যের গঠনের সাথে এর কোনো সম্পর্ক নেই। ফলে এই অংশটি (absolute) তুলে দিলে মূল বাক্যটির কোনো ক্ষতি হয় না :

ছেলেটা .......... অত্যন্ত ভাল। ........।

Absolute-এর আরও কয়েকটি উদাহরণ দেখুন :

Rahim, come here !
A

Good morning, how do you do ?
A

No, I won't do it.
A

I wish, madam, you would make up your mind.
M

⇒ এতক্ষণ যা শিখেছেন তা অত্যন্ত মৌলিক কতকগুলো বিষয়। শুধু একবার পড়লেই মনে থাকার কথা। এখন আরও কিছু মৌলিক বিষয় নিয়ে আমরা আলোচনা করব। এগুলো আপনার জানা থাকলেও আরেকবার পড়ুন। কারণ আমাদের উদ্দেশ্য হল এই সহজ, মৌলিক জ্ঞানকে কাজ লাগিয়ে অত্যন্ত বড় এবং জটিল উদ্দেশ্য হাসিল করা।



## Phrase, Clause :

I / S — know / V ......

know হল $V_o$, অর্থাৎ একটি verb যে একটি object গ্রহণ করতে পারে। তাহলে এর পরে নিশ্চয়ই একটি object বসবে। বসানো যাক :

I / S — know / V — him / O.

Object হল him, একটিমাত্র word. কিন্তু—

I / S — know / V — his brother / O

বাক্যে his brother—এই সম্পূর্ণটুকুই হল object. প্রসঙ্গক্রমে লক্ষ্য করুন, Form Unit এখানে ২টা : his এবং brother. কিন্তু Function Unit হল একটি, অর্থাৎ object. একের অধিক Form unit যখন একটিমাত্র Function Unit হিসাবে বাক্যে ব্যবহৃত হয়, এবং তাদের মধ্যে কোনো **V (finite verb)** না থাকে, তখন তাকে বলে phrase. তাহলে his brother হল একটি phrase

জেনে রাখুন :

to + verb

☐ + verb (past participle)

☐ + verb + ing

এই রূপগুলোর আগে কোনো be-verb না থাকলে এগুলো finite verb নয় সুতরাং এগুলো কোনো phrase গঠন করতে পারে। যেমন :

To be sure, he will come today.
A (ph.)

To be sure হল phrase, absolute হিসেবে বাক্যে ব্যবহৃত হয়েছে। (To be sure = নিশ্চয় ক'রে বলা যায়, . . . .)।

The machine made in china is working well.

h — machine; M (ph.) — made in china

মূল বাক্য হল The machine is working well. made (verb এর past participle) is china-হল একের অধিক Form Unit দিয়ে গঠিত, কিন্তু একটিমাত্র Function Unit হিসাবে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ machine-এর modifier হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং এটা হল একটা phrase (made এর আগে কোনো be-verb নেই।) কিন্তু made-এর আগে be-verb থাকলে এটা আর phrase থাকতো না, যেমন ঃ

The machine which was made in china is working well.

h — machine; M — which was made in china

এবার made-এর আগে be-verb 'was' ব্যবহৃত হয়েছে। which was made in china-এই পুরো অংশটি অনেকগুলো Form Unit দিয়ে গঠিত, তবু এরা একটামাত্র Function Unit-এর কাজ করছে ঃ আগের মত এই শব্দগুচ্ছও machine (headword)-কে modify করছে। সুতরাং এই অংশটি হল modifier-কিন্তু phrase নয়। এটাই clause.

The boy is my brother.

S — The boy; Vcs — is; C (ph.) — my brother

The boy sitting under the tree is my brother.

S — The boy; M (ph.) — sitting under the tree

দ্বিতীয় বাক্যে sitting under the tree (গাছটির নিচে ব'সে থাকা)-অংশটি দিয়ে The boy-কে modify করা হচ্ছে। এই অংশটি হল modifier, অর্থাৎ একটিমাত্র Function Unit, এবং একই সাথে এটা হল phrase। কিন্তু sitting (v+ing) -এর আগে be-verb থাকলে এটা আর phrase থাকতো না, clause-এ পরিণত হত, কিন্তু modifier-ই থাকতো। যেমন ঃ



The boy who is sitting under the tree is my brother.

M (cls.) — who is sitting under the tree

স্মরণ করিয়ে দেয়া যাক ঃ Who is . . . . . . . tree দিয়ে এখানে the boy-কেই বুঝানো হচ্ছে।

তাহলে বলা যায়, একাধিক Form Unit যদি বাক্যের মধ্যে একটিমাত্র Function Unit-এর মত কাজ করে (S, O, M, A-হিসেবে), এবং তার মধ্যে Finite verb থাকে, তাহলে ঐ Function Unit-কে clause বলে। (অবশ্য স্বতন্ত্র দুইটি বাক্য connective দ্বারা যুক্ত হয়ে একটিমাত্র বাক্যে পরিণত হলে তাদের প্রত্যেকটি একটি clause-এ পরিণত হয়, যদিও তারা বাক্যের একটিমাত্র Function Unit হিসাবে ব্যবহৃত হয় না। clause-এর উপযুক্ত সংজ্ঞা, সুতরাং, ত্রুটিমুক্ত নয়; কিন্তু পরে আমাদের উদ্দেশ্য হবে বাক্যের Function Unitকে চিহ্নিত করা, একারণে আমরা এভাবে clause-কে সংজ্ঞায়িত করলাম।)

**সুতরাং নিচের তথ্যগুলো আপনাকে মনে রাখতে হবে ঃ**

- ❑ Phrase— একাধিক Form Unit দিয়ে গঠিত, কিন্তু বাক্যে একটি মাত্র Function Unit-এর কাজ করে।
- ❑ Phrase— এর মধ্যে কোনো Finite verb থাকে না।
- ❑ Clause— ও একাধিক Form Unit দিয়ে গঠিত, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই (অর্থাৎ compound sentence ছাড়া, অন্যান্য ক্ষেত্রে, অর্থাৎ complex sentence-এ) তা একটিমাত্র Function Unit এর কাজ করে।
- ❑ Clause— এর নিজস্ব Finite verb থাকে।

**Very Important :**

উপরের তথ্যগুলো থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি তথ্য আলাদাভাবে মনে রাখা দরকার। আগে জেনেছেন যে phrase এবং clause বাক্যে একটিমাত্র Function Unit—এর কাজ করে। অর্থাৎ phrase এবং clause বাক্যের subject (S),

object (O), complement (C), Modifier (M), Absolute (A) হিসেবে ব্যবহৃত হতে পারে। Phrase কখনো Preposition এবং Connective (K) হিসেবে ব্যবহৃত হতে পারে (clause পারে না।)

আসুন কয়েকটি উদাহরণ দেখা যাক।

He is a **doctor**. (একটি word)

He is a good doctor. (complement, একটি phrase)
C (ph.)

His mother is a good doctor. (subject, একটি phrase)
S (ph.)

I know ........ (একটি object দরকার।)
V

I know that he is a doctor. (object, একটি clause.)
O (cls.)

Clauseটির গঠন হল :

that he is a doctor
K S $V_{cs}$ $C_s$

(K = connective ; S = subject; $V_{cs}$ = linking verb, Cs = subject এর complement.)

[অর্থাৎ clause এর মূল গঠন হল একটি Normal sentence-এর মূল গঠনের মত। শুধু অন্য বাক্যের মধ্যে এটা যুক্ত থাকে, এর আগে connective থাকতে পারে, complex sentence-এ এটা একটিমাত্র Function Unit-এর কাজ করে।]

⇒ মনে রাখবেন : আগে Normal sentence-এর যত রকম গঠন দেখেছেন, একটি clause-এর গঠনও ঠিক তত রকম হতে পারে।



## Normal Sentence থেকে জটিলতর sentence গঠন করার কৌশল :

এতক্ষণ আমরা Normal sentence, Form Unit, Function Unit, Phrase, Clause-এগুলো সম্বন্ধে খুঁটিনাটিভাবে আলোচনা করলাম। এবার আমাদের মূল উদ্দেশ্যের দিকে কিছুটা এগিয়ে যাওয়া যাক। এই পর্যায়ে আমাদেরকে জানতে হবে কী ভাবে Normal sentence-এর সহজ pattern-থেকে জটিলতর গঠনের বাক্য তৈরি করা হয়। আমরা এখানে কৌশলগুলোকে প্রধান এই ভাগে ভাগ করব :

- 1. **Modification**—modifier ব্যবহার করা।
- 2. **Subordination**—phrase/clause কে বাক্যের S, O, C হিসেবে ব্যবহার করা, অর্থাৎ clause কে বাক্যের অধীন (subordinate) করা।
- 3. **Coordination**—সমপর্যায়ের phrase, clause, বা word-এর ব্যবহার।
- 4. **Using Absolutes**—phrase বা clause কে বাক্যের মধ্যে absolute হিসেবে ব্যবহার করা।
- 5. **A Mixed Technique**—1, 2, 3, 4 এর একাধিকের বা সবগুলোর মিশ্রণ।

**NOTE :** clause-দ্বারা অন্য কোনো headword কে modify করা হলে ও subordinate clause-এ পরিণত হয়, আমরা এখানে subordination ব'লে বুঝবো clause-কে S, O, C এবং M হিসেবে ব্যবহার করা। Modifier হিসেবে ব্যবহার করা হলে তাকে আমরা প্রধানত modification-এর অন্তর্ভুক্ত ক'রে আলোচনা করব। [মনে রাখবেন, এই বইয়ের অধিকাংশ বিষয়ই কৌশলের ভিত্তিতে সাজানো; শিখতে উপকার হবে বলেই, তবে সাধারণ grammar-এর উপস্থাপন বা বিশ্লেষণের সাথে এগুলো তুলনা না করাই ভাল হবে।]

**1. Modification :** বাক্যে modification-পদ্ধতিতে থাকে সাধারণ একটি **headword** (যাকে modify করা হবে), এবং এক বা একাধিক modifier। এই modifier একটি word, phrase, বা clause হতে পারে। অর্থাৎ Modification-এর ক্ষেত্রে word, phrase, বা clauseটি একটিমাত্র




Back to Contents

Function Unit (i.e, modifier) হিসেবে ব্যবহৃত হয়। Form Unit-এর দৃষ্টিকোণ থেকে বলা যায়; এই modifier (word, phrase, clause) হতে পারে একটি adjective বা adverb (adjective phrase, adverb phrase ইত্যাদি)। কিন্তু এইখানেই একটি গুরুত্বপূর্ণ বিষয় লুকানো আছে। M-টি adjective না-কি adverb হবে তা নির্ভর করবে headwordটির উপর। Headwordটির সাথে modifier (word, ph., cls.)-এর সম্পর্ক নিচের চিত্রের মাধ্যমে দেখানো যায়ঃ

| **Headword** | | **Modifier** |
|---|---|---|
| noun (S, C, O) | → | adjective (word, phs., cls.) |
| adjective (M) | → | adverb (word, phs., cls.) |
| adverb (M) | → | adverb (word, phs., cls.) |
| verb (V) | → | adverb (word, phs., cls.) |

অর্থাৎ headword যদি হয় noun, তাহলে modifier হবে adjective (adverb নয়); headword যদি হয় adjective (অন্য কোনো noun-এর modifier), তাহলে modifier হবে adverb (adjective নয়) . . . . .ইত্যাদি। এই বিষয়টিকে নিচের চিত্রের মাধ্যমেও দেখানো যায়ঃ






অর্থাৎ, noun কে modify করবে adjective, সেই adjective-কে modify করবে adverb, verb কে modify করবে adverb, ঐ adverb কে modify করবে adverb. Noun এবং Verb কাউকে modify করছে না, headword হিসেবে ব্যবহৃত হচ্ছে। adjective এবং adverb-modify-ও করে, headword-হিসেবেও ব্যবহৃত হয়।

**উদাহরণ ঃ**

He eats a mango (noun)
N

He eats a green mango. (M হল adjective; h হল noun)
M h.

He eats a fine green mango. (দুইটি adjective-ই nounকে modify করছে)
M M h

He eats a very green mango
M M h.

[green (adj.) দ্বারা mango (noun) কে এবং very (adv.) দ্বারা green (adj.) কে modify করা হচ্ছে।ঃ

He can run fast. (M হল adverb, verb-কে modify করছে।)
V M

He can run very fast.
V

[fast (adv.) দ্বারা run (verb)-কে এবং very (adv.) দ্বারা fast (adv.) কে modify করা হল।)

### কী ভাবে বাক্য জটিল হয়ে যায় ঃ

বাক্যকে এখন আরো জটিল করা যায় কয়েকটি উপায়ে; যেমন ঃ

→ ❑ modifier হিসেবে phrase ব্যবহার ক'রে।

→ ❑ ঐ phrase-এর কোনো word কে modify করার জন্য আরেকটি word বা phrase ব্যবহার ক'রে।

→ ❑ modifier হিসেবে clause ব্যবহার ক'রে।

→ ❑ ঐ clause-এর কোনো Function Unit কে modify করার জন্য আরেকটি phrase/clause ব্যবহার ক'রে। ইত্যাদি।

### উদাহরণ ঃ

The boy is my brother. (Normal sentence, সহজ)

The boy standing at the door is my brother.
M

[একটি phrase দিয়ে boy (subject, অর্থাৎ noun) কে modify করা হল।]

The boy who is standing at the door is by brother.
M

[একটি clause দিয়ে boy কে modify করা হল।]

The boy standing at the door with his friends is my brother.
M M

[boy কে দুইটি phrase দিয়ে modify করা হল।]

The boy standing at the broken door with his close friends is my brother.
M M

[প্রথম modifier-এর door wordটিকে একটি word দিয়ে, এবং দ্বিতীয় modifier-এর friends-wordটিকে আরেকটি word দিয়ে modify করা হল। অর্থাৎ-modifier-এর মধ্যস্থিত noun কে adjective দিয়ে modify করা হল।]



He gave me the letter. (Normal sentence, সহজ।)

He, who came here yesterday, gave me the letter.
M

[Subject কে একটি clause (adjective) দিয়ে modify করা হল।]

He, who came here yesterday with his friends, gave me the letter.
M

[modifying clause-এর verb কে আরেকটি phrase দিয়ে modify করা হল।]

He, who came here yesterday with his friends, gave me the letter which provided me with the information.
M

[object (letter)-কে আরেকটি clause দ্বারা modify করা হল।]

He, who came here yesterday with his friends, gave me the letter which provided me with the information that I needed very much.
V M

[letter-কে যে clauseটি modify করছে তার একটি wordকে modify করার জন্য আরেকটি clause ব্যবহার করা হল।]

-এভাবে modification দ্বারা বাক্যকে জটিলতর করা হয়। কিন্তু তাতে ঘাবড়াবার কিছু নেই। এইসব জটিল ধরনের বাক্যকে তার মূল উপাদানে ভাগ ক'রে কী ভাবে তার মধ্যকার ভুল বেছে বের করতে হয় তা আমরা কয়েক section পরেই দেখব।

উপরের বাক্যটিতে যতগুলোই modifier থাক না কেন, তার মূল Normal রূপটি হল—

| He | gave | me | the letter |
|---|---|---|---|
| S | V | O | O |

এই বাক্যের বিভিন্ন উপাদানকে বিভিন্ন modifier দিয়ে modify করা হয়েছে। ঘটনাটি এভাবে দেখানো যায়;

He □ gave me the letter □ □

S M $V_o^o$ O O M M

অর্থাৎ He-কে $\underset{M}{\square}$ -দিয়ে modify করা হচ্ছে (এখানে $\underset{M}{\square}$ = clause); letter-কে $\underset{M}{\square}$ দিয়ে modify করা হচ্ছে ( □ = clause); দ্বিতীয় $\underset{M}{\square}$-এর একটি উপাদানকে আরেকটি $\underset{M}{\square}$ -দিয়ে modify করা হচ্ছে (তৃতীয় $\underset{M}{\square}$ = clause)। তাহলে $\underset{M}{\square}$ -গুলো বাদে বাক্যটি ২বার পড়ুন। তারপর $\underset{M}{\square}$ -গুলোর স্থানে পূর্ববর্তী clauseগুলো মনে মনে পড়ে বাক্যটি আরও ২বার পড়ুন।

আরেকটি জিনিস লক্ষ্য করুন, বাক্যটির verb হল $V_o^o$, অর্থাৎ verbটি দুইটি object গ্রহণ করতে পারে। মূল বাক্যের গঠন (Normal). রূপটিকে এভাবে বিবেচনা করা যায় : $S + V_o^o$ । পরবর্তী object দু'টির কথা তো বলাই লাগে না, $V_o^o$ থেকেই বোঝা যায়। তাহলে modifier-সহ বিশাল বাক্যটিকে এভাবে চিহ্নিত করা যায় ঃ

$$S_{\underset{m}{\leftarrow}} + V_o^{o \leftarrow m \leftarrow m}$$

অর্থাৎ Subject কে modify করা হয়েছে; দুটি object-এর একটিকে modify করা হয়েছে; ঐ modifier-এর একটি উপাদানকেও modify করা হয়েছে। Modify করা হয়েছে কী দিয়ে? clause দিয়ে। তাহলে আমাদেরকে সংকেতকে আমরা আরও meaningful ক'রে তুলতে পারি এভাবে ঃ

$$S_{\leftarrow m.c} + V_o^{o \leftarrow m.c} \; \llcorner m.c$$

c দিয়ে আমরা বুঝাচ্ছি যে modifier-গুলো clause. এবার modifier একটি word বা phrase হলে আমরা যথাক্রমে m.w এবং m.p ব্যবহার করব। (এই



চিহ্নগুলো আপনার মুখস্থ করার কোনো দরকার নেই। বাক্যের মূল রূপটা সংক্ষেপে দেখাবার জন্যেই এগুলো ব্যবহার করা হল। যা শেখার তা আপনার মাথায় ঠিকই ঢুকে যাচ্ছে, চিহ্নগুলো সহায়ক-মাত্র।)

তাহলে মোটের উপর কী দেখলেন? দেখলেন যে বাক্যটি Normal sentence-এরই একটি রূপ। মূল গঠন হল S + V + O। তার মধ্যে কয়েকটি m-এসে একটু জ্বালাতন করেছে।

## প্রয়োগ ঃ

Modification-এর এই কৌশল কীভাবে আমরা প্রয়োগ করব তা বিস্তারিতভাবে পরে আলোচনা করা হবে। তবে আপনার হয়তো একটু-আধটু জানতে ইচ্ছে করছে, কিংবা এত আলোচনাকে অপ্রাসঙ্গিক মনে ক'রে বিরক্ত হচ্ছেন-এরূপ ভেবে, আপনাকে আশ্বস্ত করার জন্য, এখানে কয়েকটা উদাহরণ দেয়া হল। কিছুটা বুঝলেই যথেষ্ট। বেশি না বুঝতে পারলে হতাশ হবার কিছু নেই। কারণ প্রয়োগ-সম্পর্কিত কৌশল পরে বিস্তারিতভাবেই দেয়া হবে।

এই বাক্যগুলির ভুলটি (প্রত্যেকটিতে একটি ভুল) বেছে বের করুন ঃ

1. The train runs (A) good (B).
2. The boy, who (A) came to me with some (B) of his closest friends (C), are (D) very intelligent.
3. We found (A) that the man was real (B) old (C) and then we forgave (D) him.

১ম বাক্যে runs হল verb। একে modify করার জন্য adverb (well) ব্যবহার করা উচিত, কিন্তু ব্যবহার করা হয়েছে good (adjective)। সুতরাং ভুল হল B।

২য় বাক্যের মূল উপাদানগুলো নিয়ে গঠিত Normal রূপ হল—

| The boy | are | very intelligent |
|---|---|---|
| S | $V_{cs}$ | $C_s$ |

বুঝতেই পারছেন যে ভুল হল D (are)। The boy হল singular noun (subject) যার পরের verb হবে singular (is), are নয়। The boy-কে

modify করার জন্য যে clauseটি ব্যবহার করা হয়েছে (who . . . . . . . friends) তার শেষের wordটি হল plural। এই plural word টি (friends) দেখে প্রথম প্রথম মনে হতে পারে যে এর পর are ব্যবহার করাই উচিত। কিন্তু এই wordটি তো modifying clause এর অন্তর্গত। verb এর রূপ নির্ধারিত হয় subject দ্বারা, subject এর modifier-দ্বারা নয়। (এ বিষয়ক নিয়ম পরে বিস্তারিত ভাবে আলোচনা করা হবে।)

৩নং বাক্যে old হল adjective। একে modify করার জন্য দরকার একটি adverb (really); adjective (real) দিয়ে একে modify করা যাবে না। সুতরাং ভুল হল B।

## 2. Subordination :

কোনো বাক্যের Function Unit—S, O, এবং C হিসাবে clause ব্যবহার করাকে আমরা clause এর subordination বলব। এছাড়া M (modifier) হিসেবে clause ব্যবহৃত হ'লেও clause subordinate-এ পরিণত হয়।

তাহলে উদাহরণের মাধ্যমে এগুনো যাক।

I know him . (O হল একটিমাত্র word.)
O

I know that he is a doctor (O হল একটি clause.)
O

২য় বাক্যে object হল that he is a doctor.

এভাবে phrase কে S, C, O-হিসেবে ব্যবহার করলে তাকেও আমরা subordination বলব। মূল ঘটনা হল, একটি phrase বা clause কে নয়, একটি idea-কে subordinate করা হচ্ছে-অর্থাৎ অন্য একটি idea-র অধীন করা হচ্ছে। আরও উদাহরণ ঃ

The man has died today.

He came here yesterday with your brother.

এই বাক্য দু'টিকে একটি বাক্যে পরিণত করা যায়। মূল বক্তব্য হল ১ম বাক্যটি। ২য় বাক্যে man সম্বন্ধে অতিরিক্ত কিছু বলা হচ্ছে, অর্থাৎ ২য় বাক্য দিয়ে ১ম বাক্যের man কে modify করা যায়। তাহলে বাক্যটি হবে ঃ



The man (. . . .২য় বাক্য . . . . .) has died today.

অর্থাৎ-The man who came here yesterday with your brother has died today.
h. M

এখন ২য় বাক্যটি ১ম বাক্যের অধীন হয়ে গিয়েছে, অর্থাৎ এটা subordination এর উদাহরণ। আবার ২য় বাক্যটা দিয়ে ১ম বাক্যের man-কে modify করা হচ্ছে, ফলে এটা modification এরও উদাহরণ। প্রকৃতপক্ষে clause যদি modifier হিসেবে ব্যবহৃত হয় তাহলে তা সাথে সাথে subordinate-ও হয়ে যায়। ফলে এরূপ ক্ষেত্র হল একই সাথে modification এবং subordination-এর উদাহরণ। কিন্তু clause যখন S, O, C হিসেবে ব্যবহৃত হয় তখন শুধু subordination সংঘটিত হয়, modification নয়।

লক্ষ্য করুন, এই বাক্যটা যতই জটিল হোক, আমাদের Normal pattern-এর বাইরে নয়। মূল বক্তব্যটুকু হল-

| The man | has died | today |
|---|---|---|
| S | Vi | M |

[today -দ্বারা verb-কে modify করা হয়েছে।]

তাহলে বাক্যের pattern হল : S + Vi + M subordination এবং modification-এর পরে বাক্যটির রূপ হল ঃ

$$S + ( \ldots . \text{m.c} \ldots ) + V_i + M$$

অর্থাৎ subject এর পরে একটা modifying clause ব্যবহৃত হয়েছে। আমরা আমাদের চিহ্ন ব্যবহার ক'রে এভাবে লেখতে পারি ঃ

$$S \leftarrow \text{m.c} + V_i + M$$

সুতরাং বুঝতেই পারছেন যে বাক্যটির মূল বক্তব্য বুঝতে পারলে তার অন্যান্য উপাদান চিহ্নিত করতে আর অসুবিধা হয় না।

## 3. Coordination :

coordinate শব্দটির অর্থ হল of equal rank বা সমপর্যায়ের। এটি subordination এর বিপরীত। subordination-এ একটি clause (বা phrase) অন্য একটি বাক্যের S, O, C, M-হিসেবে ব্যবহৃত হয়। কিন্তু

Back to Contents

coordination-এ প্রতিটি clause (বা phrase)-ই একই ধরনের element (উপাদান) হিসেবে ব্যবহৃত হয়। যেমন, একটি বাক্যে 3টি coordinate word থাকলে, 3টি wordকেই S, O, C, বা M হতে হবে। যেমন ঃ

a hot day.

a muggy day.

an unpleasant day.

এই ভিন্ন ভিন্ন বর্ণনা তিনটিতে একই day কে তিনটি word দ্বারা modify করা হচ্ছে। একটিমাত্র phrase-এ এগুলোকে এভাবে ব্যবহার করা যায় ঃ

a hot muggy upleasant day.
M M M

সবগুলো word-ই একই Function Unit (M) এর কাজ করেছে। সুতরাং প্রতিটি modifierই coordinate এবং এটি একটি coordination-এর উদাহরণ।

এবার আরও কয়েকটি উদাহরণ ঃ

Rahim went there.
S

Karim went there.
S

Bulu went there.
S

(combined) Rahim , Karim , and Bulu went there.
S S S

শেষোক্ত বাক্যটিতে S-তিনটি coordinate. এতক্ষণ আমরা দেখলাম যে coordination-এর মাধ্যমে একই **element** হিসেবে ব্যবহৃত বিভিন্ন word কে একটিমাত্র বাক্যে যুক্ত করা যায়। শুধু wordই নয়, একের অধিক phrase এবং clause কেও এভাবে যুক্ত করা যায়। যেমন ঃ

You can succeed by working hard
V M



You can succeed by obeying your parents .
M

You can succeed by being honest .
M

এই বাক্য তিনটিতে একই verb 'succeed'-কে modify করছে তিনটি phrase. একটি বাক্যে এই phrase তিনটিকে coordination-এর মাধ্যমে নিম্নরূপে অন্তর্ভুক্ত করা যায় ঃ

You can succeed by working hard , by obeying your parents ,and by being honest .
M M M

কিন্তু by-prepositionটি সবগুলো phrase-এর প্রথমে আছে বলে একে মাত্র একবার ব্যবহার করাই যথেষ্ট ঃ

You can succeed by working hard . obeying your parents . and being honest .
M M M

**আরেকটি উদাহরণ ঃ**

My instruction is to make a thorough study of the subject
C

My instruction is to present the essential information in a brief report .
C

My instruction is to recommend the two most promising courses of action .
C

বুঝতেই পারছেন যে তিনটি instruction দেওয়া হচ্ছে। প্রতিটি বাক্যের instructionটি হল complement। সুতরাং একটিমাত্র বাক্যে coordination এর মাধ্যমে এগুলোকে আনা যায় ঃ

My instruction s are
- to make a thorough . . . subject,
- to present . . . . . . . . brief report, **and**
- to recommend . . . . . . . of action.

তাহলে বাক্যটি হবে ঃ

My instructions **are** to make a thorough study of the subject, to present the essential information in a brief report, **and** to recommend the two most promising courses of action.

## Clause-এর coordination-এর উদাহরণ ঃ

I want to know (V) where he lives (O).

I want to know what he does (O).

I want to know what his qualifications are (O).

I want to know what his name is (O).

coordination-এর মাধ্যমে ঃ

I went to know —
- where he lives,
- what he does,
- what his qualifications are, **and**
- what his name is.

**শিখে কী লাভ হল ঃ**

coordination-এর মাধ্যমে একটিমাত্র বাক্যের মধ্যে সংক্ষেপে এবং ফলপ্রসূভাবে একের অধিক word, phrase, clause (অর্থাৎ information) অন্তর্ভুক্ত করা যায়। কিন্তু বাক্য গঠন করা আমাদের প্রধান লক্ষ্য নয়, আমাদের লক্ষ্য হল coordination-এর জ্ঞান কাজে লাগিয়ে বাক্যের ভুল খুঁজে বের করা। তাহলে একটা উদাহরণ নেয়া যাক ঃ

He told me everything (A) : where he lives, what he does (B) what his father is (C) and his name (D).



বাক্যটির ভুল কোথায় বলতে পারেন? পারা উচিত। তবে এতক্ষণের আলোচনা থেকে যে বিষয়টি আমাদের বেশি মনে রাখতে হবে তা আপনাকে স্মরণ করিয়ে দিয়ে আপনাকে একটু সাহায্য করা হবে।

→ Principle of coordination অনুসারে একটি বাক্যের সকল coordinate element কে একই **Function Unit** হতে হবে, একই **Form Unit** হতে হবে। 'একই Function Unit হতে হবে' কথাটির দ্বারা বুঝাচ্ছে যে একটি element S হলে অন্যটিকেও S হতে হবে-একটি M হলে অন্যটিকেও M হতে হবে . . . . . ইত্যাদি। coordination-এর এটাই মূল কথা। আর 'একই Form Unit হতে হবে' বলতে বুঝায় যে একটি element word হলে অপরটিকেও word হতে হবে; একটি adjective হলে অপরটিকেও adjective হতে হবে; একটি phrase বা clause হলে অপরটিকেও যথাক্রমে phrase বা clause হতে হবে। এই দ্বিতীয় নিয়মটিকে আলাদা একটা নাম দেয়া হয়েছে- **parallelism**। এই **parallelism**-এর ধারণা আমাদের অনেক কাজে লাগবে।

তাহলে এবার বলুন তো উপরের বাক্যটিতে কোনটি ভুল? হয়তো এতক্ষণে ধ'রেই ফেলেছেন যে ভুল D-তে। কারণ অন্যান্য coordinate element যেখানে একেকটি clause সেখানে D হল phrase। এটারও clause হওয়া উচিত। সুতরাং বাক্যটাকে correct করতে হলে his name-এর স্থলে বসাতে হবে what his name is।

coordinate-এ একাধিক clause কে and, or, but, yet, either . . . .or, neither . . . . nor দ্বারা যুক্ত করা যায়। এসব ক্ষেত্রে clause গুলোকে S, C, M-হিসেবে ব্যবহার করতে হবে এমন কোনো কথা নেই, একই বাক্যের স্বয়ংসম্পূর্ণ অংশ হিসেবেও যুক্ত করা যায়। যেমন ঃ

I know (Vo) what his name is (O) and (K) what he **does** (O).

এই বাক্যে দুইটি coordinate clause কেই O(object) হিসেবে ব্যবহার করা হয়েছে। অর্থাৎ what his name is - clauseটিকে know-verb এর object হিসেবে ব্যবহার করা হয়েছে বলে এটা subordination এর একটি উদাহরণ; একই সাথে why he does-clauseটি প্রথম clause এর

coordinate বলে এটা আবার coordination-এরও উদাহরণ। সুতরাং বাক্যটিতে subordination এবং coordination একত্রে ঘটেছে। কিন্তু নিচের বাক্যটি পড়ুন ঃ

He is a good boy, and he goes to school regularly
clause K clause

এই বাক্যে কোনো clause-ই subordinate নয়, কারণ কোনো clause কে পুরো বাক্যের S, C, বা M হিসেবে ব্যবহার করা হয়নি। প্রতিটি clause ই স্বয়ংসম্পূর্ণ এবং একে অপরের coordinate। সুতরাং এটি হল pure coordination এর উদাহরণ যেখানে subordination নেই। তাহলে আমরা বলতে পারি ঃ একাধিক clause এর প্রত্যেকটিকে coordinate আকারে যদি বৃহত্তর বাক্যের এককেটি element (S, O, C, বা M) আকারে ব্যবহার করা হয়, তাহলে তা একই সাথে subordination এবং coordination-এর উদাহরণ। আর coordinate clause গুলোকে যদি বৃহত্তর বাক্যের S, O, C, বা M হিসেবে ব্যবহার না ক'রে and, or, yet ইত্যাদি connective (K) দ্বারা যুক্ত করা হয়, তাহলে তা pure coordination -এর উদাহরণ; তাতে subordination নেই।

## 4. Using Absolutes :

Normal sentence-কে জটিলতর করার আরেকটি উপায় হল absolute ব্যবহার করা। (Absolute সম্বন্ধে আগে জেনেছেন, মনে না থাকলে আরেকবার দেখে নিন।) উদাহরণ দিয়ে ব্যাপারটি বুঝানো যাক ঃ

This old man is very kind-hearted.

এই বাক্যটি Normal sentence-এর সরলতম রূপ।

**কারণ ঃ**

This old man is very kind-hearted
S (ph.) $V_{cs}$ M (ph.)

অর্থাৎ বাক্যটির গঠন হল S + LV + M.



S হল phrase

$V_{cs}$ হল Linking Verb যার পরে একটি complement আছে।

M হল Complement, (phrase); কিন্তু এটি noun না হয়ে modifier-এর কাজ করছে ব'লে M দ্বারা চিহ্নিত করা হল।

ধরুন, আপনি এই বাক্যটা কারো সামনে বলছেন। লোকটা kind-hearted-এ ধারণাটা বা কথাটা আপনার নিজের নয়। "লোকে এরূপ বলে" তাই আপনিও আপনার শ্রোতাকে ব'লে শোনালেন। তাহলে কথাটা বাংলায় আপনি এভাবেও বলতে পারেন ঃ

এই বৃদ্ধ লোকটা, **লোকে বলে,** অত্যন্ত দয়ালু।

বাক্যের মধ্যে **"লোকে বলে"**-অংশটুকু আপনার বাড়তি মন্তব্য। এটুকুর সাথে মূল বাক্যের অর্থের মিল থাকলেও গঠনগত কোনো সম্পর্ক নেই। এটাই হল absolute. ইংরেজিতে-

This old man, they say, is very kind-hearted.
A

বিপরীতক্রমে বলা যায়, এই absoluteটিকে তুলে দিলেও বাক্যের গঠনরূপটি কোনোভাবেই ক্ষতিগ্রস্ত হয় না; যেমন ঃ

This old man, . . . . . . . , is very kind-hearted.

Absolute বাক্যের প্রথমে, মাঝে, এবং শেষে ও বসতে পারে। অধিকাংশ ক্ষেত্রেই এটা বাক্য থেকে কমা ( , ) বা ড্যাস্ দিয়ে বিচ্ছিন্ন থাকে।

## 5. Mixed Technique :

অধিকাংশ ক্ষেত্রেই একটি জটিল রূপের Normal sentence-গঠন করার সময় উপরে বর্ণিত কৌশলগুলোর একাধিক বা সবগুলোই একসাথে ব্যবহার করা হয়। সুতরাং এই কৌশলগুলোর গোড়ার কথা জানা থাকলেই আপনি কোনো জটিল বাক্যের মূল উপাদানগুলো বিশ্লেষণ ক'রে তার মধ্য থেকে সহজেই ভুলগুলো বেছে বের করতে পারবেন, এবং পুরো বাক্যটার অর্থ নির্ভুলভাবে উদ্ধার করতে পারবেন। (এ কাজে আমরা আরও পদ্ধতিগত উপায় অবলম্বন করব।) এখানে কয়েকটা উদাহরণ বিবেচনা করা যাক ঃ

Back to Contents

(উদাহরণটা একটা বিখ্যাত **American** বই থেকে নেয়া ঃ Writing with a Purpose-by James M. Mc Crimmon, Houghton Mifflin Company, Boston, USA)।

1.The man is tall.

2. He has gray hair.

3. He is wearing a raincoat.

4. He is standing by the information booth.

5. He looks disconsolate.

6. He has missed a bus.

7. The bus was going to Onargo.

8. It was the last bus.

9. He had been having a snack in the restaurant.

10. The jukebox in the restaurant was playing loudly.

11. The departure of the bus was announced.

12. The man did not hear the announcement.

এই 12 টি বাক্যের information কে আমরা একটামাত্র বাক্য সংক্ষেপে এবং efficiently অন্তর্ভুক্ত করব। (GMAT, GRE, SAT, TOEFL, MBA, BBA admission test ইত্যাদি পরীক্ষা এরূপ বাক্যই বেশি থাকে) নিচে জটিলতর বাক্যটা দেওয়া হল ঃ

The tall gray-haired man in the raincoat who is standing by the information booth looking so disconsolate missed the last bus to Onargo because (K) he was having a snack in the restaurant and could not hear the announcement of the bus's departure over the din (শব্দ) made by the jukebox.

বাক্যটা কী ভাবে গঠন করা হল তার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা এখানে দরকার নেই, কারণ আমাদের উদ্দেশ্যই উল্টো ঃ এই বাক্যকে ভেঙ্গে তার বিভিন্ন উপাদান পরীক্ষা ক'রে দেখা, কী ভাবে তা গঠিত হল তা জানা নয়। তবুও গঠন সম্বন্ধে সার্বিক একটা



ধারণা না থাকলে বিশ্লেষণ সম্ভব নয় ব'লে আমরা বিভিন্ন কৌশলগুলোর কথা আলোচনা করলাম। যাহোক, এই বাক্যটি তেমন ভয়ংকর কিছু নয়। এতে মূল কথা হল—

| The man | missed | the bus |
|---|---|---|
| S | $V_o$ | O |

অর্থাৎ-S + V + O।

7 ও 8 নং বাক্যকে "bus" objectটির subordinate ক'রে modifier হিসেবে ব্যবহার করা হয়েছে।

9 থেকে 12 নং বাক্যগুলোকে "missed" শব্দটির subordinate করা হয়েছে; এগুলো miss করার কারণ বর্ণনা করছে (because-এর ব্যবহার লক্ষ্য করুন)। সুতরাং গভীরভাবে লক্ষ্য করলেই দেখবেন যে বাক্যটির গঠন এরূপ ঃ

(s-এর modifier) S (s-এর modifier) V (object-এর modifier) O(o-এর modifier) (v-এর modifier)।

আমাদের symbol অনুসারে ঃ

$$m\rightarrow S\leftarrow m + V_o + m\rightarrow O\leftarrow m + m\ (v)$$

আরেকটা উদাহরণ ঃ (Barron's SAT থেকে নেয়া)

1. The article was rejected.

2. (because) It was long.

3. (because) It was verbose (শব্দবহুল).

4. (because) It presented only one point of view.

বুঝতেই পারছেন যে 2, 3, এবং 4 নং বাক্যগুলো "reject" করার কারণ প্রকাশ করছে। সুতরাং এগুলোকে "rejected"-verbটির subordinate ক'রে দেয়া যায়। কিন্তু কারণ (M) একটি নয়, তিনটি। সুতরাং তিনটি clauseই rejected-এর modifier (M)-অর্থাৎ একই element. তাহলে এই তিনটি clauseই "rejected"-এর subordinate এবং একই সাথে নিজেদের মধ্যে এরা একে অপরের coordinate। তাহলে বাক্য 4টিকে সংযুক্ত করা যাক (subordination এবং coordination-একই সাথে ঘটছে) ঃ

The article was rejected because it was long, it was verbose, and because (K) it presented only one point of view.

কিন্তু বাক্যটা efficient হয়নি। it was . . . . . it was দুইবার ব্যবহার করার কোনো দরকার নেই; আমাদের উদ্দেশ্যই হল বাক্যকে সংক্ষিপ্ত ও অর্থবহ করা। তাহলে ঃ

The article was rejected because it was long and verbose, and because it presented only one point of view.

এখন rejected Modifier থাকছে মূলত দুইটা clause, যথা —

. . . . was rejected —
- because it was long and verbose — M (cls.)
- and because it presented only . . . . . view. — M (cls.)

Parallelism-এর নিয়ম অনুসারে বাক্যটা correct; কারণ দু'টো M-ই clause; এমন নয় যে একটা M হল clause আর অন্যটা phrase। কিন্তু বইতে এই বাক্যটা অন্যভাবে দেওয়া আছে। চেষ্টা করুন তো এই বাক্যটার ভুল বেছে বের করতে পারেন কি-না ঃ

The article was rejected (A) because of its length, verbosity (B) and because it presented (C) only (D) one point of view.

পেরেছেন? তবে দেখুন ঃ

. . . . rejected because of its —
- length — N
- verbosity — N
- (and because) it presented . . . . — Cls.



লক্ষ্য করুন, প্রথম দু'টো parallel element-এর উভয়ই একটিমাত্র word এবং তা হল Noun, সুতরাং শেষেরটিও Noun এবং একটিমাত্র word হওয়া উচিত। যেহেতু শেষেরটি clause, সেহেতু ভুলটা হল C।

অবশ্য C-কে correct রাখতে হলে প্রথম Noun দু'টোকে C-এর অনুসারে clause-এ রূপান্তরিত করতে হবে। কিন্তু length-এর নিচে কোনো দাগ দেয়া নেই বলে ওটাকে সঠিক ধরতেই হবে; আর length যদি সঠিক হয় তাহলে verbosity-ও সঠিক; সুতরাং ভুল হল C।

## আরেকটা উদাহরণ ঃ (একই বই থেকে)

Mare chagall, who (A) recently (B) died, painted many beautiful executed (C) fantasies both (D) in the United States and France.

ভুলটা কোথায়? একটু ভেবে দেখুন।

বাক্যটার মূল কথা হল ঃ

Mare chagall (S) painted (V) many fantasies (O).

who recently died-হল S-এর Modifier (clause); fantasies-এর modifier হল executed এবং executed (adj. verb এর past participle) এর modifier হল beautiful। beautiful হল adjective. executed (adj.) এর modifier-কে হওয়া উচিত adverb, সুতরাং beautifully-ব্যবহৃত হওয়ার কথা। ভুলটা এখানেই। অর্থাৎ ভুল হল C।

তাহলে এ বিষয়ে আর বেশি আলোচনা নয়। কী ভাবে Normal sentence-এর জটিলতর রূপকে বিশ্লেষণ ক'রে তার মধ্যকার ভুল বেছে বের করতে হয় আমরা এর পর সেই কৌশলগত আলোচনায় প্রবেশ করব। তবে তার আগে নিচের তথ্যগুলো আরেকবার স্মরণ করিয়ে দেয়া যাক ঃ

● Normal sentece-এর সরলতম রূপ থেকে modification, coordination, subordination, use of absolutes-এগুলোর মাধ্যমে তার জটিলতর রূপগুলো গঠন করা হয়।

● noun কে adjective, adjective কে adverb, verb কে adverb, এবং adverb কে adverb modify করে।

● যে সব word, phrase, বা clause থেকে 'when?', 'where?', 'how?', 'why?'-এসব প্রশ্নের উত্তর পাওয়া যায় সেগুলো হল adverbial modifier এবং সেগুলো verb কে modify করে।

● at, in, with, for, because-ইত্যাদি দিয়ে কোনো phrase বা clause শুরু হলে বুঝতে হবে তা modifier (adjective বা adverb)।

● Absolute-এর সাথে মূল বাক্যের গঠনগত কোনো সম্পর্ক নেই। ফলে মূল বাক্য থেকে absolute তুলে নিলে বাক্যের গঠনরূপের কোনো ক্ষতি হয় না।

● বাক্যে এক জাতীয় উপাদানের (element) পুনরাবৃত্তি হলে element গুলোকে অবশ্যই parallel হতে হবে।

—0—



# How to find out Errors in a Sentence

## (কিভাবে বাক্যের ভুল বেছে বের করতে হয়)

## 32—Basic Rules

পূর্ববর্তী অংশের বিভিন্ন আলোচনা থেকে যে ধারণা অর্জন করা গিয়েছে তা এখন আমাদের প্রকৃত উদ্দেশ্য হাসিল করার জন্যে কাজে খাটানোর পালা। কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষায় (যেমন-GRE, GMAT, SAT, TOEFL, BBA and MBA Admission ইত্যাদি)। প্রদত্ত বাক্যের মধ্যকার ভুল অংশটি বেছে বের করার জন্য আমরা একটা সুপরিকল্পিত পদ্ধতি অবলম্বন করবো। এই পদ্ধতির ধাপগুলো আলোচনা করার আগে পুরনো জ্ঞানটা আরেকবার ঝালাই করে নেয়া যাক। এই পুনরাবৃত্তির উদ্দেশ্য হলো শেখা জিনিসগুলোকে আরও **ব্যবহারোপযোগী** করে আয়ত্ত করা।

### Relationship Among the Function Units :

আগেই জেনেছেন যে Part of speech বা Form Unit যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তা বাক্যের অন্যান্য element-এর সাথে রূপগত (এবং এমনকি অবস্থানগত) সম্পর্ক বজায় রাখে। এই সম্পর্কের মৌল একটা ধারা আছে। সব ধরনের word-এর সাথে সব ধরনের word-এর প্রত্যক্ষ সম্পর্ক থাকতে হবে এমনটি নয়। কিছু কিছু element কিছু কিছু elementকে তার নিকটতম আত্মীয় হিসেবে ধ'রে নেয় এবং অন্যদের সম্পর্কে তেমন মাথা ঘামায় না। element-এর সাথে তার এই নিকটতম আত্মীয়ের বা আত্মীয়দের সম্পর্কের ধরনটা জানাই আমাদের প্রথম কর্তব্য। আর এর জন্য কোন্ element-এর সাথে কোন element-এর আত্মীয়তা বেশি তা তো অবশ্যই জানতে হবে, নয় কি? নিচের চিত্রের মাধ্যমে সহজে এই সম্পর্কের channel গুলো দেখানো যায় ঃ

(i) $\overset{\frown}{S + V} \overset{\frown}{+ O}$

অর্থাৎ S-এর সাথে V-এর সম্পর্ক আছে। V-এর সাথে O-এর সম্পর্ক আছে। S দ্বারা V-এর (কিংবা V দ্বারা S-এর) রূপ নির্ধারিত হয়। যেমন ঃ

I eat rice.

He eats rice.

S যখন I থেকে He হলো তখন eat-এর সাথে একটা S যুক্ত হলো।

He saw I
V

বাক্যটি শুদ্ধ নয়। V-এর সাথে O-এর সম্পর্ক আছে। O-এর স্থানে বসাতে হলে pronoun-কে objective case-এ হতে হয়। সুতরাং শুদ্ধ বাক্যটি হবে :

He saw me.

(ii) S (←M) + V + O

যদি S এবং V নির্ধারিত হয়, S-এর M (modifier) বাদ যায়। যেমন :

One of my closest friends have come.

এই বাক্যটি অশুদ্ধ। বাক্যটির মূল উপাদানগুলো হলো—

One have come.
S V

'of my closest friends' হলো one-এর M (modifying phrase)। One-এর has হবে উচিত, have নয়। 'friends' শব্দটি এই verb-এর subject নয় এটি হলো ভুলবশত have বসেছে, এটি হলো one-এর modifier-এর অংশ। সুতরাং বাক্যের শুদ্ধ রূপটি হবে :

S (←M, P) + V)

(iii) S + V + Cv + Cv + Cv + . . .
parallel

যদি V-এর পরে verb-এর একাধিক complement থাকে প্রত্যেকটা হওয়া উচিত parallel। যেমন :



She is to cook rice, wash clothes, look after the garden, and receiving guests.

এই বাক্যটি অশুদ্ধ। is verb-এর complement গুলোকে বিশ্লেষণ করে দেখা যাক :

She is—
- —to cook rice
- —to wash clothes
- —to look after the garden, and
- —receiving guests.

স্পষ্টই বোঝা যাচ্ছে যে শেষের complement টিকে হওয়া উচিত ছিল to receive guests। তাহলে বার বার to ব্যবহার না করে সঠিক বাক্যটি এমন হবে :

She is to cook rice, wash clothes, look after the garden, and receive guests.

(iv) S (← S.c, S.c, S.c, . . . ) + V + . . . .
apposition

যদি S-এর apposition-এর সকল element-কে subjective case (s.c) হতে হবে। Apposition হলো ঐ subject-এরই পূর্ণ রূপ বা বিবরণ। যেমন :

We — Rahim, he, and me — went there.
S

এখানে we = Rahim, he, me এর বিবরণ। we হলো subject। সুতরাং ঐ বিবরণ হলো subject এরই পূর্ণ বিবরণ। সুতরাং তিনটি element-কেই subjective case-এ হতে হবে। তাহলে me-এর স্থলে I বসাতে হবে।

(v) S + V + O (← O.c, O.c, O.c, . . . )
apposition

যদি object-এর apposition-কে বা apposition গুলোকে objective case (o.c)-এ হতে হয়। object-এর apposition হলো object-এরই পূর্ণ বিবরণ। যেমন :

Back to Contents

we saw them — Bilu, Shila and he.
O

এখানে he-এর স্থলে him হবে।

(vi) (S - K - S) + V + . . . .

অর্থাৎ একাধিক S যদি K (connective যেমন and, or) দ্বারা যুক্ত হয় তাহলে দুটো উপায়ে পরবর্তী verb প্রভাবিত হবে ঃ

— a. k = and হলে verb হবে plural; অর্থাৎ are, were, have এবং s/es বিহীন ordinary verb।

— b. k = or but বা nor হলে পরবর্তী verb হবে পরবর্তী (অর্থাৎ শেষের) S অনুযায়ী। এই S-টি plural হলে verb হবে plural (a-এর মতো); আর এটা singular হলে verb হবে singular (অর্থাৎ am, is, was, has এবং s/es যুক্ত ordinary verb)।

যেমন ঃ

Rahim and his brother are very active.
K

He and I are honest.
K

She and her sisters are honest.
K

They or their father has done it.
K

Either he or his brother has done this.
K



Either he or his brothers have done this.
K

Not his friends but he himself was guilty.
S → V

**লক্ষ্য করুন ঃ**

Incorrect : I and my brother it guilty.

Incorrect : Either he or you is right.

Incorrect : Neither they nor he have come.

(vii) (S - K - S) + V + . . . .

অর্থাৎ K = as well as, in addition to, no less than, in consultation with, with, along with, বা together with, including হলে পরবর্তী verbটি হবে k-এর পূর্ববর্তী s-এর অনুসারী। পূর্ববর্তী s যদি plural হয় তাহলে verbটি হবে plural এবং sটি singular হলে verbটি হবে singular।

যেমন ঃ

Incorrect : He as well as his brothers have done it.
k

Correct : He as well as his brothers has done it.

Incorrect : The man no less than his sons are guilty.
k

Correct : The man no less than his sons is guilty.

Incorrect : He together with his brothers have come.

k

Correct : He together with his brothers has come.

(viii) S + V + . . . P. C. of S + Noun

M

অর্থাৎ বাক্যের object যদি subject-এরই possessive (case-এর) pronoun দ্বারা modified হয়, তাহলে ঐ possessive pronounটির রূপকে subject-এর সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে। (চিত্রে ঃ P. C. of S = Possessive case of subject, এটাই পরবর্তী noun-এর Modifier হিসেবে কাজ করছে এবং এই M ও Noun মিলে পূর্ববর্তী verb-এর Object (phrase) গঠন করছে। সরাসরি Reflexive Pronounও object হিসেবে ব্যবহৃত হতে পারে।)

Obj.

One should do your duty.

S V P.C.

বাক্যটার object = your duty.

subject = one.

ভুলটা সহজেই ধরা যাচ্ছে। your কখনও one (s)-এর possessive রূপ নয়, হওয়া উচিত one's (American English-এ his-ও গ্রহণযোগ্য, কিন্তু your their নয়।)

Rahim gave me her own address.

O



বাক্যটা অশুদ্ধ। শুদ্ধ বাক্যটা হবে ঃ

Rahim gave me his own address.

এভাবে

Incorrect : The ship changes his course.

Correct : The ship changes its course. ইত্যাদি।

Incorrect : He is fanning herself.

Correct : He is fanning himself.

(ix) S - and - S + V + P.C. of S + N

M

অর্থাৎ দুইটি S যদি and দ্বারা যুক্ত হয় এবং verb-এর object + Subject এরই possessive case (p. c. of s) দ্বারা modified হয়, তাহলে ঐ p. c.টি হবে plural. (এখানেও object = Reflexive Pronoun হতে পারে) ঃ

Bill and Ted are looking for his grils.

S S O

এই বাক্যটার শুদ্ধ রূপ হবে ঃ

Bill and Ted are looking for their girls.

S S O

He and his friend have ruined himself. (himself = obj.)

S S

Helen and I are buying our tickets.

S S

(x)

Each / Neither / One / Either + of + Plural Noun/Pronoun + V(singular) + . . . + P. C. (singular) + . . .

S M

অর্থাৎ Each, Neither, Either যদি বাক্যের Subject হয়, তাহলে সেই subject-এর plural modifier (M) থাকা সত্ত্বেও পরবর্তী verb এবং উক্ত subject-এর জন্য ব্যবহৃত possessive pronounও singular number-এর হবে।

যেমন ঃ

Incorrect : Each of the girls. are sure that they will win.

S M (plu.) V

Correct : Each of the girls is sure that she will win.

এভাবে ঃ

Neither of the men would admit his mistake.

S



অর্থাৎ neither-এর কারণে his হবে, men-এর প্রভাবে their হবে না।

Either of these women may lose her temper at any time.

শেষোক্ত বাক্যটার মূল অংশ হলো ঃ

Either may lose her temper

S Vo M O

অর্থাৎ S + V + m→ O

কিন্তু of these women—phraseটি দিয়ে Eitherকে modify করা হচ্ছে। সুতরাং বাক্যটার পরিপূর্ণ গঠনরূপ হলো ঃ

S (← Modifier - plural) + V + (Modifier →) O

অর্থাৎ $S_{\leftarrow}$m. p. + V + $m_{\rightarrow}$O

( ←m. p. দ্বারা বোঝানো হচ্ছে যে subject একটি phrase দ্বারা modified হয়েছে।)

অতএব, উপরের কোনো বাক্যই Normal Sentence-এর বাইরে নয়।

এই নিয়মটি আসলে (ii) এরই বিশেষ একটা রূপ।

(ii) পড়ে দেখুন।

(xi)

Everybody / Each / Either / Everyone / Neither / Nobody / A person + $V_{(sing.)}$ + P. C. $_{(sing.)}$ + . . .

S

sing. = singular

Back to Contents

যেমন ঃ

Inc. : Each have their own group of supporters.

Corr : Each has his own group of supporters.

Inc : Everybody have their work in good shape.

Corr : Everybody has his work in good shape.

এভাবে ঃ

Nobody has his speech ready today.

Everyone was keeping his fingers crossed.

A person finds himself in trouble if he begins to cut classes. ইত্যাদি।

এই নিয়মটা মূলত (i) ও (viii) এর মিশ্রণ; পড়ে দেখুন।

**NOTE :** যখন Noun/Pronoun-এর gender স্পষ্টভাবে বোঝা যায় না তখন তাকে নির্দেশ করার জন্য সচরাচর pronounটাকে সচরাচর masculine হিসেবে ব্যবহার করা হয় ঃ

Each has done his duty.

এভাবেও ব্যবহৃত হতে পারে ঃ

Each has done his/her duty.

আবার যখন Masculine এবং Feminine gender মিশ্রিত থাকে তখন pronoun-এর (সচরাচর) masculine রূপই ব্যবহৃত হয় ঃ



The boys and girls have been told that everybody must do his share of the work.

কিন্তু Feminine gender স্পষ্টভাবে বোঝা গেলে pronoun-এর gender-ও তাই হবে ঃ

When we girls have a picnic everyone brings her own utensils (বাসন–কোসন)।

(xii) S + who/whom + (S) + V . . | + V + . . . .

M

এই নিয়মটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ অধিকাংশ শিক্ষার্থীকে এটা ধোকা দেয়।

উপরের structure-এ দেখতে পাচ্ছেন যে বাক্যের মূল অংশ হলো S . . . + V + . . .। একটি clause আবার S-কে modify করছে। এই clause-এর শুরুতে আছে একটা relative pronoun। নিয়ম হলো ঃ ঐ relative pronounটির কোন রূপ (who/whom) ব্যবহৃত হবে তা নির্ধারিত হবে তার সাথে ঐ **clause-এর** verb-এর সম্পর্ক দিয়ে। অর্থাৎ relative pronounটি verbটির subject হলে who এবং object হলে whom ব্যবহৃত হবে।

The man who went there has come back.

S V

The man whom you saw there has come.

That is the man who they say won the prize.

V

এই বাক্যে they say হলো parenthetical clause, অর্থাৎ absolute। who এখানে say-এর object নয়। they say-কে তুলে দিলে বাক্যটাতে who এবং won-এর মধ্যকার সম্পর্কটা আরও স্পষ্ট হয়ে ওঠে ঃ

That is the man who (S) won (V) the prize.

(they say = লোকে বলে।)

Incorrect : The man whom they think did it has been arrested.

Correct : The man (who) they think (did) it has been arrested.
S → V

(they think হলো parenthetical clause; বাক্যের সাথে এর কোনো গঠনগত সম্পর্ক নেই।)

Incorrect : A girl whom I hear is her sister is being sought.

Correct : A girl (who) I hear (is) her sister is being sought.
S V

(I hear হলো বক্তার অতিরিক্ত মন্তব্য; এটা parenthetical clause। এটাকে বাদ দিয়ে বাক্যের মূল রূপটা দেখে নিন।)

Incorrect : She introduced me to a man whom she said was her employer.

Correct : She introduced me to a man (who) she said (was) her employer.

(she said হলো parenthetical clause।)

Incorrect : He is the general whom the reporters agree was most popular with the troops.

Correct : He is the general (who) the reporters (agree) was most popular with the troops.
S → V



**(xiii)** $\dfrac{\text{case}}{S + LV + C}$

অর্থাৎ Linking verb (be-verb)-এর পরবর্তী complement-এর case হবে subjective case। যেমন ঃ

Incorrect : If I were (LV) him I should resign.

(আমি যদি 'সে' হতাম, তাহলে চাকরি ছেড়ে দিতাম।)

Correct : If (I) were (he), I should resign.
S C

Incorrect : Would you do it, if you were her?

Correct : Would you do it, if (you) were (she)?
S C

**(xiv)**

. . . . Objective Case + (to + V) + Objective Case . . .
S O

অর্থাৎ to + V বা infinitive-এর subject এবং object **উভয়েরই** objective case হবে।



Back to Contents

যেমন ঃ

He wants me to do the work.

She wants me to be there.

You want to be him, but why?

ইত্যাদি।

I wouldn't want to be her.

(xv)

. . . . preposition + Objective case . . .

অর্থাৎ at, to, from, for, with, on ইত্যাদি preposition-এর (object হিসেবে ব্যবহৃত) পরবর্তী pronoun-এর objective case ব্যবহৃত হবে। যেমন ঃ

Incorrect : I've bought a book for <u>he.</u>

Correct : I've bought a book for him.

Incorrect : He lives with <u>I.</u>

Correct : He lives with me.



(xvi)

. . . preposition + { who / whom / whoever / whomever } + V + . . . .

(×) — clause

অর্থাৎ preposition-এর পর কোনো clause থাকলে এবং ঐ clause-এর প্রথমে relative pronoun থাকলে, ঐ preposition দ্বারা উক্ত relative pronoun-এর রূপ নির্ধারিত হবে না, clauseটির নিজস্ব verb দ্বারা তা নির্ধারিত হবে। অর্থাৎ এক্ষেত্রে নিয়ম (xii) অনুসরণ করতে হবে। [(xii) একবার দেখে নিন।]

যেমন ঃ

Incorrect : Give it to whomever wants it.

prep.

Correct : Give it to whoever wants it.

S V

Incorrect : Invite whomever will come.

Correct : Invite whoever will come.

S V

(এই বাক্যে whoever 'invite'—verbটির object নয়, will come-এর subject। Invite-এর object হলো whoever will come—এই পুরো clauseটি।)

Incorrect : Send it to whomever you think would like it.
prep.

Correct : Send it to whoever you think would like it.
S V

এই বাক্যটি বেশ সমস্যার সৃষ্টি করতে পারে। সুতরাং আমাদের পূর্বের জ্ঞান এখানে কাজে লাগাতে হবে। বাক্যটির মূল গঠন হলো :

send it to + (prep-এর object)।
V O prep

এই preposition-এর object হলো একটি clause :

whoever would like it.
S V O

এই clauseটির মধ্যে আরেকটা parenthetical clause (absolute) "you think" ঢোকানো হয়েছে, ফলে :

V + O + prep. + whoever you think would like it.
O

(xvii) ... preposition + V (-ing) ...
... preposition + P. C. + V (-ing) ...
... P. C. + V (-ing) ...

অর্থাৎ preposition-এর পরবর্তী verb-এর সাথে ing যুক্ত হবে (gerund); Verb + ing-এর আগে যদি subject হিসেবে pronoun থাকে ঐ pronoun-এর possessive case (P. C.) ব্যবহৃত হয়।



যেমন :

He thought of going there.

He was punished for doing nothing.

She does not like my going there.

You said nothing about his coming back.

We want there with a view to collecting money.

(with a view to হলো preposition phrase)

(xviii) 'than' এবং 'as' দ্বারা দুইটি noun বা pronoun-এর মধ্যে তুলনা করলে ঐ noun/pronoun-এর কিরূপ হবে তা ওটা যে clause-এর অন্তর্ভুক্ত তাকে বিশ্লেষণ করে জানতে হয়। যেমন :

**Incorrect** : He is as old as her.
**Incorrect** : I am lighter than him.
**Incorrect** : He likes me better than he.
**Correct sentences :**

He is as old as she.
I am lighter than he.
He likes me better than him.

দেখা যাচ্ছে যে than-এর পরবর্তী pronoun-এর subjective এবং objective উভয় case-ই ব্যবহৃত হয়েছে। কারণ কী? এর কারণ জানতে হলে বাক্যগুলোকে বাক্যগুলোর expanded (বিস্তৃত) রূপগুলো বিবেচনা করতে হবে। এই বাক্যগুলো যে বাক্যগুলোর সংক্ষিপ্ত রূপ সেগুলো হলো :

He is as old as [she is]
S V
clause

Back to Contents

| I am lighter than | he | is |
|---|---|---|
| | S | V |
| | clause | |

| He likes me better than | he | likes | him |
|---|---|---|---|
| | S | V | O |
| | | clause | |

এখন এটা স্পষ্ট হয়ে গেল যে . . . as she. . . . than he. . . . than him—এই রূপান্তরগুলো হলো সংক্ষিপ্ত। বিস্তৃত রূপে এগুলো একেকটি clause-এর অন্তর্গত। প্রথম দুটো pronoun (she, he) নিজ নিজ clause-এর subjective case-ই ব্যবহৃত হলো। আবার তৃতীয় pronounটি নিজস্ব clause-এ object ব'লে সংক্ষিপ্ত অবস্থায়ও তার objective case ব্যবহৃত হলো।

### (xix) **Faulty Complement :**

(এই নিয়মটি অত্যন্ত গুরুত্বপূর্ণ)

complement কাকে বলে মনে আছে তো?

(a) বাক্যে complement থাকলে তার গঠন হয় নিম্নরূপ ঃ

S + be (am, is, are, was, were) + C (word, phrase, clause)

Complement-এর **প্রধান বৈশিষ্ট্য** হলো এই যে logically—S = C; অর্থাৎ মাঝের Linking verbটি '=' চিহ্নের কাজ করে। এ কারণে S এবং C-এর গঠনগত সাম্যও দরকার, নইলে বাক্য non-standard হয়ে যাবে। যেমন ঃ

| To be honest | is | doing things honestly. |
|---|---|---|
| S | LV | C |

এই বাক্যটার logicটাকে এভাবে বোঝানো যায় ঃ

To be honest = doing things honestly.



কিন্তু '=' চিহ্নটি ব্যবহার করার কোনো সার্থকতা রইলো? s এবং c-এর গঠনগত সাম্যটা তো রক্ষা করা গেল না। অর্থাৎ s এবং c parallel হয়নি। s-এর গঠন হলো to + verb অথচ c-এর গঠন হলো v + ing . . .। standard রূপটি হবে নিম্নরূপ ঃ

To be honest = to do things honesty.

এখন s এবং c-তে ব্যবহৃত phrase দুটির গঠনগত সাম্য রক্ষিত হয়েছে। সুতরাং সঠিক, standard বাক্যটি হবে ঃ

To be honest is to do things honestly.

এভাবে The source (উৎস) of his wealth is from his real estate (সম্পত্তি)

বাক্যটি সঠিক নয়। কারণটা বিশ্লেষণ করা যাক ঃ

| The source of his wealth | = | from his real estate. |
|---|---|---|
| S | | C |

S ও C-এর গঠনগত ভারসাম্য নেই। S-এর মূল element হলো source; C-এর মূল element হলো real estate। বাকিগুলো হলো modifier; অর্থাৎ—

(The) source (of his wealth) = (from) (his) real state.

অর্থাৎ—(M) source (M) = (from) (M) real estate.

অর্থাৎ আসল কথা হলো ঃ

source = real state.

S-এর দুটি M-ই সঠিক। C-এর Mটিও সঠিক কিন্তু from-এর ব্যবহার অযৌক্তিক। সুতরাং সঠিক বাক্যটা হবে ঃ

The source of his wealth is his real estate


আরেকটা উদাহরণ ঃ

The main interest of the story is in its plot.

বাক্যটির standard রূপ হবে ঃ

The main interest of the story is its plot.

(b)




যেখানে S = C।

অর্থাৎ complement দ্বারা subjectকে describe করা হলে (অর্থাৎ S = C- এরূপ বোঝাতে চাইল), be-verb-এর পরে when, where, if, in, from ইত্যাদি ব্যবহার করা যাবে না। যেমন ঃ

কয়েকটি বিস্তারিত উদাহরণ ঃ

1. Plagiarism is when you represent another person's writing as your own.

এখানে S = plagiarism (noun)।

নিয়ম অনুসারে when বাদ যাবে, কারণ পুরো complementটিতে S-কেই ব্যাখ্যা করা হচ্ছে।

parallelism অনুসারে S = C = noun হওয়া উচিত।

সুতরাং when you represent—এই clauseটির when-কে বাদ দেওয়ার পর যা থাকে (অর্থাৎ you represent . . .) তাকে noun phrase এ রূপান্তরিত করতে হবে। ফলে লিখতে হবে the representation of . . .। আবার বাক্যটিতে plagiarismকে describe করা হচ্ছে বলে **your**-এর বদলে impersonal pronoun one's ব্যবহার করাই ভালো। তাহলে সঠিক বাক্যটা হবে নিম্নরূপ ঃ

Plagiarism (N (S)) is the representation of another's (N(C)) . . . writing as one's own.

2. Manslaugther is where a person is killed deliberately but without premeditation.



লক্ষ্য করুন, S = Manslaughter = noun.

C = 'is'-এর পরবর্তী সবটুকু।

C-তে S-কে describe করা হচ্ছে।

সুতরাং logically—

S = C। আর ফলতঃ গঠনগত দিক থেকে হওয়া উচিত—

S = C।

অর্থাৎ C-কেও noun phrase হতে হবে। এ কারণে সঠিক বাক্যটি হবে ঃ

Manslaugter is the deliberate but unpremeditated killing of a person.

মূলত manslaughter = killing. কিন্তু killingকে কতকগুলো word দিয়ে modify করা হচ্ছে।

অর্থাৎ—

manslaughter is (. . . M . . .) killing (. . . M )।

3. A comma splice is if a comma is used to separate two independent sentences which are not connected by a coordinating conjunction.

এখানে S = A comma splice (noun phrase)

C-তে S-কে describe করা হচ্ছে। সুতরাং logical দিক থেকে—

S = C। আর এ কারণে গঠনগত দিক থেকে

S = C = noun phrase হওয়া উচিত।

কাজেই if a comma is used . . . এর পরিবর্তে লিখতে হবে the use of a comma . . .। এভাবে সঠিক বাক্যটি হবে নিম্নরূপ ঃ

A comma splice is the use of a comma to separate two independent sentences which are not connected by a coordinating conjunction.

বাক্যটার গঠনকে এভাবে কৌশলে দেখানো যায় ঃ

A comma splice = the use of a comma (C . . .) (M . . .)

Back to Contents

C = (complement) to separate . . . sentences.

M = which . . . conjunction (sentence-এর M)

$$(c)\ S + \left\{ \begin{array}{c} \text{feel} \\ \text{smell} \\ \text{taste} \\ \text{read} \\ \text{look} \end{array} \right\} + \frac{\text{Adjective}}{\text{c}}$$


অর্থাৎ feel, smell ইত্যাদি sensory verb-এর পরবর্তী complement হিসেবে adjective ব্যবহার করতে হয়, adverb নয়। কারণ এই জাতীয় verbগুলো সচরাচর subjectকে describe করে, action বা কাজকে নয়। যেমন ঃ

This pillow (বালিকা) feels hard.

Mango tastes sweet (sweetly নয়)।

The pig smells awful (awfully নয়)।

(xx) Modification-এর নিয়মকে এরূপে দেখানো যায় ঃ




উপরের চিত্রে আটটি part of speech-এর নাম পর পর লেখা হয়েছে। শেষের তিনটি দ্বারা অন্য কোনোটাকে modify করা যায় না ব'লে সেগুলো কেটে দেয়া হলো (অবশ্য phrase বা clause modifier preposition দিয়ে গঠিত হয়)। বাকি part of speechগুলোর মধ্যে noun এবং verb কেবল modified হয়, modify করে না। এজন্যে এ দুটোকে ☐ চিহ্নের মধ্যে রাখা হলো। দেখা যাচ্ছে যে



pronoun (possessive case) এবং adjective কোনো noun কে (adjective, adverb বা verbকে নয়) modify করতে পারে। adverb modify করতে পারে adjectiveকে, verbকে, এমনকি নিজেকে, অর্থাৎ অন্য কোনো adverbকে। সুতরাং কোনো adjective দ্বারা অন্য কোনো adjective বা verb বা adverbকে modify করা যাবে না। যেমন ঃ

Incorrect : This car runs (V) good. (adj.)

Correct : This car runs (v) well (adv.)

Incorrect : Do it as neat as you can.

Correct : Do (V) it as neatly (M) as you can.

Incorrect : It is a real (adj (m)) difficult (adj. (M)) decision (N)

Correct : It is a really (adv. (M)) difficult (adj. (M)) decision (N)


Incorrect : I am considerable ((M) adj.) better (adj.) today.

Correct : I am considerably ((M) adv.) better (adj.) today.


Incorrect : Listen (V) close (adj. (M)) to what I tell you.

Correct : Listen (V) closely (adv. (M)) to what I tell you.

(xxi)




অর্থাৎ subject যদি relative pronoun হয় তাহলে তার verb-এর রূপ নির্ধারিত হবে তার antecedent দ্বারা। যেমন ঃ





অর্থাৎ who → relative pronoun (r. p)

boys → r. p. এর antecedent, যাকে r. p. নির্দেশ করছে। who-এর verb হলো have।

এই রূপটি নির্ধারিত হয়েছে 'boys'—দ্বারা।

কিন্তু has come-এর রূপ নির্ধারিত হয়েছে $\frac{\text{'one'}}{\text{S}}$ দ্বারা। কারণ one হলো subject, of the . . . passed এই পুরোটুকুই S-এর modifier. Rule (ii) অনুসারে, s দ্বারা verb নির্ধারিত হয়, s-এর M দ্বারা নয়।


এভাবে ঃ




to be published soon.





(xxii)





অর্থাৎ Expletive 'there' এবং adverb 'here' দ্বারা বাক্য শুরু হলে তার পরবর্তী verb-এর রূপ নির্ধারিত হবে ঐ verb-এর পরবর্তী subject দ্বারা।


যেমন ঃ




(xxiii)





অর্থাৎ expletive 'It' দ্বারা বাক্য শুরু হলে, পরবর্তী S (plural বা singular) দ্বারা It-এর পরবর্তী verb-এর রূপ নির্ধারিত হয় না; verbটি সর্বদা singular হয়।

যেমন ঃ

It <u>is</u> the Mulliks.


It <u>is</u> they who have done the work.

(xxiv)





অর্থাৎ verb to-be-এর complement (C)-এর number দ্বারা ঐ verb-এর রূপ নির্ধারিত হয় না, S-এর রূপ দ্বারা তা নির্ধারিত হয়।

যেমন ঃ





'books' plural ব'লে 'are' হলো, c (a source) singular হলেও তার দ্বারা verb-এর রূপ নির্ধারিত হয়নি।




এখানে C-plural হলেও 'is' ব্যবহৃত হয়েছে। কারণ verb-এর রূপের উপর C-এর কোনো প্রভাব নেই।




(xxv) Verbal phrase + main clause—এরূপে বাক্য গঠিত হলে কিছু কিছু মারাত্মক ভুলের সম্ভাবনা রয়ে যায়। এই ভুল এড়ানোর জন্য একটি সাবধানতা অবলম্বন করতে হবে।




এখানে > চিহ্নের বাম পাশে তিনটি verbal phrase-এর সংকেত দেওয়া হয়েছে। E = Extension : O. C, M ইত্যাদি।


এই কায়দায় কোনো বাক্য গঠন করার সময় দেখতে হবে verbalগুলো দিয়ে যে wordকে modify করা হচ্ছে main clause-এর subject হিসেবে তা আছে কি-না। না থাকলে বাক্য ভুল হবে।

যেমন ঃ




উপরের বাক্যে verbal phrase-এর verbal (V + ing)টি যাকে modify করছে main clause-এ তা নেই।

a dead cowকে walking দ্বারা modify করা হচ্ছে না। dead cow কি হাঁটতে পারে? না। সুতরাং বাক্যটা awkward হয়ে গিয়েছে। একে সঠিক করতে হলে 'যে' ব্যক্তি 'walking' করছিলো তাকে main clause-এর subject হিসেবে বসাতে হবে। যেমন ঃ




এখন দেখা যাচ্ছে যে main clause-এর subject-এর সাথে verbal (M = modifier) এবং main clause-এর verb উভয়ই খাপ খেয়ে যায়।


কে হাঁটছিলো? – উত্তর I।

কে দেখেছিলো? – উত্তর I।

সুতরাং বাক্যটির যৌক্তিক এবং গাঠনিক বিন্যাস ঠিকই আছে। এভাবেও বাক্যটা গঠন করা যায় ঃ


While I was walking along the road, I saw a dead cow.

আর প্রথম ভুল বাক্যটাকে এভাবে লিখলে তা আরও হাস্যকর হতো ঃ




তার মানে হলো 'মরা গরুকে আমি হাঁটতে দেখলাম'—তা কি হয়? আমার চোখ কি এতো খারাপ?

তাহলে নিয়মটা এভাবে লেখা যাক ঃ




অর্থাৎ verbalটি যদি main clause-এর S-এর modifier হয় তাহলে বাক্য সঠিক, নইলে নয়।



(xxvi) বাক্যের মধ্যে ভিন্ন ভিন্ন clause-এর (কিংবা paragraph-এর মধ্যে ভিন্ন ভিন্ন বাক্যের) subject যদি একই ব্যক্তিকে নির্দেশ করে তাহলে তাকে একই রূপে ব্যবহার করতে হবে, shift করা যাবে না। প্রধানত personal এবং impersonal pronoun যদি subject হয় তাহলে এগুলোর মধ্যে shift দোষণীয়।

যেমন ঃ

<u>One</u> should do <u>your</u> duty.

এখানে one (impersonal pronoun) একই বাক্যে shifted হয়েছে 'your' (personal pronoun)এ। এটা ঠিক নয়। correct বাক্য হবে—

<u>One</u> should do <u>one's</u> duty.

(One's-এর স্থলে his—American English-এ গ্রহণযোগ্য।)

<u>You</u> should do <u>your</u> duty.

(xxvii) Verb-এর রূপকে একই বাক্যের মধ্যে clause ভেদে অযথা shift করা যাবে না। একটি clause-এ active verb ব্যবহৃত হলে অন্যটিতে passive verb-এর ব্যবহার থেকে বিরত থাকতে হবে। অযথা tenseকেও shift করা যাবে না। যেমন ঃ

He <u>said</u> he <u>will</u> call for me at night.

বাক্যটিতে verb-এর অযথা shift ঘটেছে। main clause-এর verb past tense-এর (said) বলে subordinate clause-এর verbকেও past tense-এর (would) হতে হবে।

He <u>gives</u> me advice and I <u>am</u> <u>helped</u> by him also.

এই বাক্যটা awkward হয়ে গিয়েছে। প্রথম coordinate clause-এর verb active অথচ দ্বিতীয় coordinate clause-এর verb passive। এটা



Back to Contents

standard English-এর লক্ষণ নয়। সুতরাং বাক্যটাকে এভাবে revise করতে হবে।

He <u>gives</u> me advice and he <u>helps</u> me also.

## (xxviii) Fragmentary Sentence & Incomplete Construction :

Grammatically incomplete বা অসম্পূর্ণ sentenceকে বলে fragmentary sentence। সুতরাং কোনো বাক্য grammatically complete কি-না তা ভালোভাবে দেখে নেয়া দরকার। একইভাবে বাক্যের যে অংশে একটি clause ব্যবহৃত হওয়া দরকার সেখানে clause ব্যবহৃত হয়েছে কি না তা দেখে নিতে হবে। এক্ষেত্রে সবচেয়ে যে বিষয়টি গুরুত্বপূর্ণ তা হলো একটি finite verb। বাক্য বা clause-এ অবশ্যই একটি finite verb থাকবে। মনে রাখবেন নিচের রূপগুলো finite verb-এর রূপ নয় ঃ


to + verb
verb + ing (auxiliary verb ব্যতীত)
verb-এর past participle (aux. verb ছাড়া)

সুতরাং কোনো বাক্য বা clause-এ এগুলোকে যতবারই ব্যবহার করা হোক না কেন, অন্য কোনো verb বা এগুলোর আগে be-verb না থাকলে, তা কোনো clause বা বাক্য নয়। যেমন ঃ

→ The man who is working there having a family of six members.

এটি কোনো পূর্ণ বাক্য নয়। এটি হলো একটি incomplete sentence. কারণটি বিশ্লেষণ করা যাক ঃ






দেখা যাচ্ছে যে M হলো S-এর modifier। এটা একটা clause। এর finite verb হলো is working। সুতরাং grammatically এটা একটা পূর্ণ এবং সার্থক clause।

কিন্তু বাক্যের মূল অংশ এটা নয়। এই M হলো S-এর একটি modifier মাত্র। S-এর নিজস্ব একটি finite verb থাকা দরকার। having হলো have + ing, যা হলো verbal, finite verb নয়, কারণ এর আগে কোনো be-verb নেই। সুতরাং M-clauseটি সঠিক হলেও পুরো বাক্যটি সঠিক নয়। having-এর স্থলে has বসালে বাক্যটি সঠিক হয়।

→ He has bought the shirt. <u>Which</u> is the most beautiful of all.

এখানে প্রথম বাক্যটি grammatically complete, কিন্তু দ্বিতীয় অংশটি কোন বাক্য নয়; এটি একটি clause হিসেবে ব্যবহৃত হতে পারে। which দ্বারা একটি subordinate clause শুরু হতে পারে, কিন্তু which clauseকে complete বাক্য হিসাবে ব্যবহার করা যায় না। বাক্যটিকে সঠিক করতে হলে period (.) চিহ্নটি তুলে দিতে হবে ঃ

He has bought the shirt <u>which</u> is he . . .

এখন which clauseটি shirt-objectকে modify করছে; বাক্যের মূল অংশ হলো ঃ

<u>He</u> <u>has bought</u> <u>the shirt</u> . . .
S V O

Incomplete sentence (/construction)কে অন্যান্য বাক্য থেকে period (.) (full stop) দ্বারা এভাবে separte করলে যে ভুল হয় তাকে বলে period fault।

→ It was a wonderful week. Fishing and swimming every day and dancing every night. and dancing every night.

এখানে ১ম বাক্যটি complete। কিন্তু পরবর্তী অংশটুকু complete sentence নয়, কারণ এতে কোনো finite verb নেই; fishing, swimming, dancing এগুলো finite verb নয়; এগুলো verbal। সুতরাং period (.) চিহ্ন দিয়ে এই অংশটুকুকে আলাদা করা মোটেই যুক্তিযুক্ত হয়নি। সঠিক বাক্য হবে নিম্নরূপ ঃ

It was a wonderful week.

We fished and swam every day and danced every night.

কিংবা একটিমাত্র বাক্যে ঃ

It was a wonderful week;

We . . . . . . every night.

→ We searched through all our pockets, but no money.

উপরের বাক্যটাকে but no money অংশটি পূর্ববর্তী clause-এর coordinate। সুতরাং এটাকে parallel হতে হবে; অর্থাৎ এটাকেও একটি clause হতে হবে। কিন্তু এতে কোন finite verb নেই বলে এটা incomplete রয়ে গেছে। complete বাক্যটা হবে ঃ

. . .  . . ., but found no money.

## (xxix) Comma Splice :

দুইটি coordinate clauseকে একে অপর থেকে separate করার জন্য and, but, or ইত্যাদি ব্যবহার করা হয়। clause দুটির অর্থ যদি পরস্পর স্বাধীন এবং স্বতন্ত্র



হয় তাহলে and, but, or এর আগে কমা (,) বসাতে হয়। কিন্তু clause দুটির মধ্যে and, but, or না বসালে সেক্ষেত্রে semicolon (;) বসাতে হয়। clause দুটি যদি এমন হয় যে তাদেরকে আলাদা আলাদা বাক্য হিসাবে ব্যবহার করাই উত্তম, তাহলে তাদেরকে period (.) বা full stop ব্যবহার করে পরস্পর থেকে আলাদা করা হয়।

নিয়ম হলো, এসব semicolon (;) বা period (.)-এর স্থলে comma (,) ব্যবহার করলে বাক্যের যে দোষ হয় তাকে বলে comma splice। অন্য কথায় (;) বা (.) এর স্থলে ভুলক্রমে (,)–র ব্যবহারকে বলে comma splice।

উদাহরণ দেখা যাক ঃ

This is the best book I have ever read , it kept me up all night.

এই বাক্যে This is . . . read এবং it . . . night এই clause দুটি পরস্পর, স্বতন্ত্র; উভয়ই main clause। কিন্তু এদেরকে and দ্বারা যুক্ত কোনো অবকাশ নেই, কারণ and ব্যবহৃত হয় তখনই যখন একই বক্তব্য পরপর একাধিক clause-এ বিশ্লেষিত বা দীর্ঘায়িত হয়। (উপরের বাক্যে (,) এর সাথে কিংবা তার বদলে মনে মনে and পড়ে দেখুন, কোনো সঙ্গতি পাওয়া যাবে না)। অপরপক্ষে, এখানে দুটি clause-এর বক্তব্য স্বতন্ত্র; একটির উপর অন্যটি নির্ভরশীল নয়। সুতরাং clause দুটিকে semicolon ব্যবহার করে পরস্পর থেকে আলাদা করতে হবে ঃ

This is the best book I have ever read ; it kept me up all night.

→ She says she does not like football , I doubt that she has seen two games in her whole life.

এই বাক্যটিকে দুইভাবে comma splice মুক্ত করা যায় ঃ

— semicolon ব্যবহার করে এবং

—, + connective ব্যবহার করে।

যেমন ঃ

She says . . . . . . . . . football ; I doubt . . . . . . . . whole life.

কিংবা ঃ

She says . . . . . . football , *but* I doubt that . . . . . . . . . whole life.

লক্ষ্য করুন, connective (but, and, or) ব্যবহার করার সময় নিচের নিয়মগুলো অনুসরণ করতে হবে ঃ

- but—দুটি clause-এর মধ্যে ভাবের/যুক্তির অসঙ্গতি বা বৈপরীত্ব থাকলে,
- and—দুটি clause-এ একই ধরনের বক্তব্য **সম্প্রসারিত** হলে, এবং
- or—দুটি clause-এর একটিতে অন্যটির ভাব, কাজ, বা পন্থার বিকল্প ভাব, কাজ, বা পন্থা বর্ণিত হলে।

এবার উপরের উদাহরণটি আরেকবার পড়ুন।

→ It is a beautiful day , I think the park will be crowded.

বাক্যটির comma splice দূর করা যায় দু'ভাবে ঃ

— semicolon বা period ব্যবহার করে এবং

— subordination-এর মাধ্যমে।

যেমন ঃ

It is a beautiful day ; I think the park will be crowded.

Since/Because it is a beautiful day I think the park will be crowded.

subordination-এর ক্ষেত্রে সচরাচর এই নিয়মগুলো অনুসরণ করা হয় ঃ

- Because / Since / As/-because} ব্যবহার করতে হবে clause দুটির মধ্যে **কার্যকারণ** সম্পর্ক থাকে।


- that / which / who} ব্যবহার করতে হবে যদি (এগুলোর) পরবর্তী clauseটি তার পরবর্তী word/phraseটিকে modify করে।



- so that / in order that} ব্যবহার করতে হবে যদি একটি clause-এ **প্রচেষ্টা** এবং অন্যটিতে **উদ্দেশ্য** প্রকাশিত হয়।

উদাহরণ : He gave me a book ⊙ it was very interesting.

এখানে it was very interesting—clauseটি দ্বারা bookকে বর্ণনা করা হচ্ছে; সুতরাং, এটি দ্বারা bookকে modify করা যায় ঃ




He studied hard ⊙ he wanted to pass in the first division.

এখানে প্রথম clause-এ 'প্রচেষ্টা' এবং ২য় clause-এ **'উদ্দেশ্য'** প্রকাশিত হয়েছে। অতএব clause দুটিকে এভাবে যুক্ত করা যায় ঃ

He studied hard so that he could pass in the first division.

**বিঃ দ্রঃ** comma, period এবং semicolon-এর ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে MBA BBA ভর্তি পরীক্ষা, GRE, GMAT, SAT, TOEFL ইত্যাদি সব test-এ এগুলোর ব্যবহার সম্পর্কিত প্রশ্ন থাকে। এ কারণে আপনাকে এগুলোর সঠিক ব্যবহার জানতে হবে। বিস্তারিত জানবার জন্য A Passage to the English Language বইটির Punctuation অধ্যায় দেখুন।

বাক্যের subordination এবং cordination সম্পর্কিত বিভিন্ন নিয়ম বিস্তারিতভাবে জানার জন্য একই বইয়ের synthesis of sentences অধ্যায় দেখুন।

**পরিশেষে এই নিয়মটি ভালোভাবে মনে রাখুন ঃ**

consequently, however, moreover, nevertheless, therefore, as a result—এই transitional connectiveগুলো দ্বারা দুটি clause যুক্ত হলে এদের আগে semicolon এবং পরে comma বসাতে হয়। অর্থাৎ ঃ

; [ consequently / however / moreover / nevertheless / therefore / as a result ] ,

যেমন ঃ It is true that he studied hard; nevertheless, he could not pass.

He had killed away his valuable time in idle gossips ; consequently, he failed in the exam.

তাহলে এতক্ষণ আমরা দেখলাম যে comma splice দূর করা যায় তিনভাবে ঃ

- semicolon ব্যবহার করে,
- coordination- এর মাধ্যমে (অর্থাৎ উপযুক্ত connective ব্যবহার করে) এবং
- subordination-এর মাধ্যমে।

আবার বাক্যের মধ্যে বিভিন্ন idea যখন অসঙ্গতভাবে যুক্ত করা হয়, অর্থাৎ কেবল বাহ্যিকভাবে একটি clause/phraseকে অন্য এক বা একাধিক clause-এর সাথে 'জোর করে' জুড়ে দেয়া হয়, তখন বাক্য আর standard থাকে না। এরূপ বাক্যকে বলে run-on sentence। যথাযথ punctuation বসিয়ে run-on sentenceকে standard form-এ আনতে হয়।



উদাহরণ ঃ

I did not know how Mother would feel about my accepting the invitation , so I called her on the phone and she said it was all right , so I accepted.

এটি হলো একটি run-on sentence। এটাকে নিম্নরূপে revise করা যায় ঃ

Because I did not know how Mother would feel about the invitation , I called her on the phone . When she said it was all right , I accepted.

— — —

(xxx) **Modal** : Modal এবং semi-modal verb সম্বন্ধে এখানে বিস্তারিত আলোচনা করা সম্ভব নয়। এগুলোর বিস্তারিত আলোচনার জন্য A Passage to the English Language বইটির সংশ্লিষ্ট অধ্যায় এবং conditional sentence- অধ্যায় দেখুন। এখানে সংক্ষেপে এটুকু মনে রাখুন ঃ

can, may, should, could, might, ought (to)

এগুলো হলো modal verb। এগুলো দ্বারা 'অতীতে কোনো কাজ ঘটতে পারতো কিন্তু ঘটেনি' এরূপ ভাব বোঝাতে হলে এগুলোর পরে have + Verb (past participle) বসাতে হয়। যেমন ঃ

তোমার সেদিন সেখানে যাওয়া উচিত ছিল। (কিন্তু তুমি যাওনি)

That day you should have gone there.

or, That day you ought to have gone there.

এরূপ অবাস্তব ক্ষেত্র (ঘটেনি কিন্তু ঘটতে পারতো) ছাড়া simple past বোঝাতে এগুলোর past form (যদি থাকে) ব্যবহার করতে হয়।

Back to Contents

বর্তমান এবং ভবিষ্যতকে বোঝানোর জন্য এদের present রূপগুলো ব্যবহৃত হয়। এগুলোর বিশেষ ব্যবহারের জন্য conditional sentences-এর সম্বন্ধে বিস্তারিত জানতে হবে।

## (xxxi) Ambiguous Order

বাক্যের Function Elementগুলোর মধ্যে যে সম্পর্ক থাকে তা স্পষ্টভাবে বোঝানোর জন্য প্রত্যেক elementকে তার নিজস্ব স্থানে যথাযথভাবে বসাতে হয়; অর্থাৎ elementগুলোকে যথাযথ order-এ সাজাতে হয়। এই Order-এ অসঙ্গতি থাকলে বাক্যের অর্থ অস্পষ্ট, এমনকি অযাচিতও হয়ে যেতে পারে। elementগুলোর এরূপ ভুল orderকে Ambiguous Order যা standard written English-এ গ্রহণযোগ্য নয়।

সুতরাং M (modifier—word, phrase বা clause) এবং তার headword-এর মধ্যে যে সম্পর্ক আছে তা স্পষ্টভাবে বোঝানোর জন্য তাকে যথাস্থানে বসাতে হবে।

মনে রাখবেন ঃ

● Noun-এর modifier যদি একটিমাত্র word হয়, তাহলে সচরাচর M-কে h (headword অর্থাৎ noun) এর আগে বসাতে হয়। যেমন ঃ

He is a good boy





● M যদি clause বা phrase হয় তাহলে তাকে h-এর **ঠিক পরে** বসাতে হয়। যেমন ঃ

I saw the man from a distance who had won the first prize in yesterday's competition.




এই বাক্যে who . . . competition এই clauseটি manকে modify করছে। সুতরাং এটাকে man-এর ঠিক পরে না বসালে বাক্যটির অর্থ অস্পষ্ট এবং দ্ব্যর্থবোধক (ambiguous) হয়ে যাওয়ার সম্ভাবনা থাকবে। standard বাক্যটি হবে ঃ

From a distance I saw the man who . . . .




● যেসব M verbকে modify করে (adverbial clause/phrase) তাদেরকে verb-এর পরে (জোর প্রদানের জন্য আগে) কিংবা বাক্যের শুরুতে বসাতে হয়। যেমন ঃ

The skies cleared slowly. (normal)




Slowly the skies cleared. (emphatic order)

M V

Working there I know the man.





এই বাক্যটিতে man-এর modifier (M) হলো একটি phrase। সুতরাং এটাকে h-এর ঠিক পরে বসাতে হবে। যেমন ঃ


I know the man working there




(এটা হলো noun-এর modifier-এর উদাহরণ)




এই বাক্যটাতে একটা সমস্যা আছে ঃ M দ্বারা cowকে নাকি v-কে modify করা হচ্ছে তা এখানে স্পষ্ট নয়। যদি Mকে cow-এর modifier হিসেবে ধরা হয় তাহলে 'dead cow'-এর হেঁটে বেড়ানোকে স্বীকার করে নিতে হয়। তা কি সম্ভব? সুতরাং M হলো V-এর modifier। তাহলে একে বাক্যের আগে বসাতে হবে ঃ





এ সম্পর্কে আরও বিস্তারিত আলোচনা পরবর্তীতে সংশ্লিষ্ট অংশে পাবেন।

## (xxxii) **Subjunctive**

নিচের verbগুলো পড়ুন।

| |
|---|
| advise, ask, order, command, demand, insist, propose, require, request, suggest, stipulate, urge, prefer, move, decree. |

এই verbগুলোকে নিচের structure-এ (V) দ্বারা চিহ্নিত করা হলো।






অর্থাৎ উপরোক্ত verbগুলো S + V + that এভাবে ব্যবহৃত হলে, তার পরবর্তী clause (s + v) এর verbটির রূপ s + (v) + that-এর প্রভাবে simple present-এ পরিণত হবে। এখানে Vs দ্বারা সেই simple present verb বোঝানো হয়েছে। এই Vs কে বলে subjunctive।

Vs -এর বৈশিষ্ট্যগুলো হলো ঃ

- এর আগে to, should, must, may, can, am to, is to, was to, are to ইত্যাদি বসে না;
- এর সাথে ing, ed, d যুক্ত হয় না;
- এর সাথে s/es যুক্ত হয় না।

যেমন ঃ

The instructor required that I should do my homework first.

বাক্যটি ভুল। এতে should ব্যবহৃত হবে না।

She insisted that her husband buys a sari for her.

এই বাক্যটিও অশুদ্ধ। buys-এর স্থলে buy বসাতে হবে।

They urged that we went home.


এখানে went-এর স্থলে go বসাতে হবে। কিন্তু s + (v) + that এই order-এ element গুলোকে না সাজালে আর এই নিয়ম প্রযোজ্য হয় না। যেমন ঃ

They urged us to go home.

আবার নিচের objectগুলো পড়ুন ঃ

| | | | |
|---|---|---|---|
| advised | necessary | imperative | recommended |
| important | required | obligatory | suggested |
| mandatory | urgent | proposed | |

এগুলোকে নিচের structure-এ adj. হিসাবে চিহ্নিত করা হলো ঃ




অর্থাৎ, এই adjectiveগুলো it + be + (adj.) + that এভাবে ব্যবহৃত হলে, পরবর্তী clause-এর verb হবে subjunctive। কিন্তু it + be + (adj.) + that এভাবে এগুলো ব্যবহৃত না হলে পরবর্তী clause-এর verb subjunctive হবে না।

যেমন ঃ

অশুদ্ধ ঃ It is obligatory that he pays the dues.

শুদ্ধ ঃ It is obligatory that he pay the dues.

শুদ্ধ ঃ It has become obligatory for him to pay the dues at once.

→ **Rules :** এতক্ষণ sentence-এর Functional Unitগুলোর মধ্যকার যেসব সম্পর্ক আলোচনা করা হলো সেগুলো আমাদের পরবর্তীতে সবচেয়ে বেশি কাজে লাগবে। সুতরাং প্রয়োজনের মুহূর্তে পরবর্তীতে এগুলো দ্বিতীয়বার আলোচনা করা হবে না, শুধু প্রতিটি সম্পর্ককে যে রোমান নম্বর দিয়ে চিহ্নিত করা হয়েছে তা উল্লেখ করা হবে। আমরা এগুলেকেই Rule হিসেবে অভিহিত করব।

এসব Rule-এর বাইরেও অনেক Rule রয়ে গেছে। কিন্তু সেগুলো অপেক্ষাকৃত সহজ। আপনি সেগুলো জানেন ধরে নিয়েই আমরা এগুবো। অবশ্য পূর্ববর্তী তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি এমন কোনো Rule-এর প্রয়োজন সামনে আসলে তৎক্ষণাৎ তা বর্ণনা করা হবে। তবে আপনি আশ্বস্ত হতে পারেন যে, অধিকাংশ ক্ষেত্রেই MBA BBA Admission Test, GRE, GMAT, SAT, TOEFL ইত্যাদি প্রতিযোগিতামূলক পরীক্ষায় যেসব বাক্য দেওয়া হয়, তাদের **অধিকাংশকেই** আমাদের এই 24টি নিয়ম দিয়ে ব্যাখ্যা করা যাবে। তাহলে এখন কোনো বাক্যকে বিশ্লেষণ করে কীভাবে তার ভুলটা বেছে বের করা যায় সেই পদ্ধতি নিয়ে আলোচনা করা যাক।



## ➡ Normal Sentence-এর ভুল বেছে বের করার কৌশল ঃ

কোনো Normal sentence-এর মধ্যকার ভুল উপাদানটি চিহ্নিত করার জন্য নিচের পদ্ধতিটি অনুসরণ করুন ঃ

1. প্রথমে বাক্যটির মূল, অপরিহার্য, সরলতম রূপের উপাদানগুলো বেছে বের করুন এবং সেগুলোকে এভাবে চিহ্নিত করুন ঃ

   S + V + E

   S = subject

   V = verb ($V_i$, $V_o$, $V_o^o$, $V_o^{co}$, $V_o^{Mo}$, LV)

   E = Extension (C, O, বা M)

2. 1-নং-এ প্রাপ্ত অংশটুকুর Function Element-গুলোর পারস্পরিক সম্পর্ক ঠিক আছে কি-না তা পরীক্ষা ক'রে দেখুন। (অধিকাংশ ক্ষেত্রেই পূর্ববর্তী 20টি Rule-কে ব্যবহার করতে হবে।)

3. এবার S + V + E-এর এক বা একাধিক উপাদানের কোনো Modifier থাকলে তা আলাদাভাবে বিবেচনা করুন। M যদি clause হয় তাহলে তার মধ্যেও S + V + E-গঠনের উপাদানগুলো পাওয়া যাবে। সেক্ষেত্রেও 1 এবং 2 নং ধাপ দু'টি অবলম্বন করুন।

4. বাক্যে coordinate clause, phrase, বা word থাকলে সেগুলোর parallelism যাচাই করুন।

5. বাক্যে Absolute থাকলে তা মূল বাক্য থেকে সরিয়ে নিয়ে মূল বাক্যকে আরও সহজবোধ্য ক'রে তুলুন। পরে Absolute-কে বিশ্লেষণ করার জন্যও প্রয়োজনবোধে উপরের 1 ও 2 নং ধাপগুলো অনুসরণ করুন।

6. বাক্যে Subordination এর উপস্থিতি আছে কি-না তা যাচাই করুন। যদি থাকে তাহলে S, O, বা C-হিসেবে যদি clause ব্যবহৃত হয় তাহলে তাকে (বা তাদের প্রত্যেকটিকে) বিশ্লেষণ করার জন্য 1 ও 2 নং ধাপগুলো অনুসরণ করুন।

7. প্রতিটি ধাপেই পূর্ববর্তী 20টি Rule-এর এক বা একাধিকটি প্রযোজ্য কি-না তা যাচাই করুন।

* * *

এই হল আমাদের মূল পদ্ধতি। দেখতে সহজ মনে হলেও এই পদ্ধতি থেকে লাভবান হওয়ার জন্য বেশ খানিকটা অনুশীলন প্রয়োজন। এই বইয়ের পরবর্তী অংশের সর্বত্রই এই পদ্ধতি প্রয়োগ ক'রে বাক্যের ভুল elementটি বেছে বের করা হবে। সুতরাং সেগুলো পড়তে পড়তেই পদ্ধতিটি আপনার আয়ত্তে এসে যাবে ব'লে আশা করা যায়।

## Application of the Method

(পদ্ধতিটির প্রয়োগ)

**Faulty Parallelism :** প্রথমে প্রদত্ত প্রশ্নটি মনোযোগ দিয়ে পড়বেন এবং সম্ভব হলে ভুল elementটিকে চিহ্নিত করবেন। পরে পরবর্তী আলোচনা প'ড়ে আপনার ধারণা এবং সিদ্ধান্তকে যাচাই ক'রে নিবেন।

1. *Diligence and honesty, as well as* (A) *being intelligent,* (B) *are* (C) *qualities which I look for when* (D) *I interview applicants. (Barron's SAT থেকে) No error* (E).

আপনার নিজস্ব সিদ্ধান্ত খাতায় লিখে রাখুন। এবার পরবর্তী ব্যাখ্যা দেখুন।

ব্যাখ্যা : বাক্যের মূল বক্তব্য হল-

Diligence . . . . . . being intelligent (S) are (LV) qualities (C) (←M)

অর্থাৎ are-এর আগ পর্যন্ত সবটুকু হল S. qualities এর পরবর্তী clause হল 'qualities'-এর modifier. এটুকুতে কোনো ভুল নেই। S-plural ব'লে verb 'are' শুদ্ধ।

এবার S-এর পূর্ণ রূপটা দেখা যাক।

S = Diligence (N) and honesty (N), as well as (K) being intelligent (Noun-নয়)



দেখা যাচ্ছে S-এর মধ্যে তিনটি coordinate element আছে। parallel structure-এর নিয়ম অনুসারে প্রতিটি উপাদানের গঠন সমধর্মী হ'তে হবে। কিন্তু প্রথম দু'টি হল noun (N) এবং এক-word শেষের টি noun নয় (being honest) এবং phrase। সুতরাং ভুল হল B। সঠিক রূপ : being honest এর স্থলে শুধু honesty (honest এর noun রূপ) বসাতে হবে।

2. *Writing a fine short-story* (A) *is as much* (B) *an achievement as to finish* (C) *a 500-page novel* (D). *No error* (E).

ব্যাখ্যা : Rule xix (a) পড়ে নিন।

এখানে বলা হচ্ছে যে achievement হিসাবে-

writing a fine short-story = finish a 500-page novel.

সুতরাং phrase দু'টি সমপর্যায়ের, অর্থাৎ coordinate। (কিছুটা একে অপরের complement-এর মত।) তাহলে উভয় phrase এর গঠনরীতি একই রকম হওয়া উচিত। প্রথম phraseটির শুরুতে আছে **writing**; দ্বিতীয় phrase টির শুরুতেও **finishing** হওয়া উচিত। সুতরাং ভুল হল C।

শুদ্ধ রূপ : to finish এর স্থলে finishing লিখুন।

3. *We have come to the conclusion* (A) *that we can end riots in that area* (B) *of the world by supplying food to both sides, bringing the opposing forces to the negotiation table* (C), *and to guarantee* (D) *financial aid to both sides once peace is established. No error* (E).

ব্যাখ্যা : We (S) have come (V) to the conclusion . . . . (C)

এটুকুতে কোনো ভুল নেই। পরবর্তী অংশটুকুতে conclusion কেই describe করা হচ্ছে। conclusion-এর উপাদান একটা নয়, একাধিক। কিন্তু প্রতিটিই একই

conclusion-এর অন্তর্ভুক্ত। সুতরাং প্রতিটি element-ই coordinate। অতএব তাদেরকে parallel হতেই হবে। পরীক্ষা ক'রে দেখা যাক ঃ

. . . . . conclusion that . . . . .
. . . . . . . . . . . . . . . area by —
- supplying food . . . . . . . . . ., (gerund)
- bringing the opposing . . . , (gerund)
- and to guarantee . . . . . . . . (infinitive)

বুঝাই যাচ্ছে যে তিনটি phrase-কেই gerund হতে হবে। কিন্তু D যেহেতু infinitive, সেহেতু ওটাই ভুল।

শুদ্ধ রূপ ঃ to guarantee-এর স্থলে guaranteeing বসাতে হবে।

4. *I have <u>to make dinner, wash the dishes, do my homework, and then relaxing.</u>*

(A) *to make dinner, wash the dishes, do my homework, and then relaxing.*

(B) *to make dinner, washing the dishes, my homework, and then relax.*

(C) *to make dinner, wash the dishes, doing my homework and then relaxing.*

(D) *to prepare dinner, wash the dishes, do my homework, and then relaxing.*

(E) *to make dinner, wash the dishes, do my homework, and then relax.*

underline-করা অংশটুকুর স্থলে কোন্‌টি বসানো যাবে—A, (যা আছে তাই), B, C, D না E ?

ব্যাখ্যা ঃ Rule (iii) পড়ুন



I have to (S V) + C + C + C + C (verbএর comple.)

তাহলে প্রতিটি complement-কেই parallel হতে হবে। যাচাই ক'রে দেখা যাক ঃ

I have to —
- make dinner, (V)
- wash the dishes, (V)
- do my homework, and then (V)
- relaxing. (gerund)

স্পষ্টভাবে বুঝা যাচ্ছে যে ভুল হল relaxing-এ। হওয়া উচিত relax। সুতরাং (E) বেছে নিন।

5. *The corporate manager, <u>planning</u> (A) to attend the conference in Dhaka, <u>could not decide</u> (B) whether to travel on or <u>remaining at the hotel</u> (C) was the <u>better</u> (D) choice. <u>No error</u> (E)*

ব্যাখ্যা ঃ মূল অংশ হল-

The corporate manager could not decide + O

এখানে O = whether to travel . . . . . better choice-এই সমুদয় অংশ।

একটিমাত্র element (object) অথচ এত লম্বা। সুতরাং এটাকেই প্রথমে বিশ্লেষণ করা যাক।

Back to Contents

could not decide whether to —
- travel on or (V)
- remaining at the . . . . . choice. (gerund)

দেখা যাচ্ছে যে এর মধ্যে আবার 'decide'-verb এর দু'টো object :

Whether to travel on

Whether to remain at the hotel . . . .

Whether to কে একবার ব্যবহার করলে বাকি অংশে শুধু travel এবং remain ব্যবহার করলেই চলে। Parallel হতে হলে remaining-কে remain- হতে হয়। সুতরাং ভুল হল C।

6. *In order to* (A) *increase public conciousness concerning environmental problems, everyone* (B) *should distribute leaflets, write to his or her* (C) Congressman, *as well as signing* (D) *the necessary petitions. No error* (E).

ব্যাখ্যা ঃ মূল অংশ হল-

every one (S) should (V) distribute . . . .petition

এখানে should এর পরে verb সহ verb এর complement হল বাকি সমস্ত অংশ। এটা একাধিক অংশের সমষ্টি। এই অংশগুলোকে বিশ্লেষণ করা যাক ঃ

everyone should —
- distribute leaflets,
- write to his on her Congressman, as well as (K)
- signing the necessary petitions.



should এর পরে একটি bare infinitive (to বিহীন infinitive) থাকার কথা। আছে তিনটি। সুতরাং এই তিনটিকে parallel হতে হবে, কারণ তিনটিই সমপর্যায়ের। আরো বিস্তারিত রূপগুলো দেখুন ঃ

everyone should **distribute** leaflets,

everyone should **write** . . . . . . ., as well as

everyone should **sign** the necessary . . . .

কিন্তু everyone should বারবার ব্যবহার না ক'রে একবার ব্যবহার করাই যথেষ্ট। তাহলে পাওয়া যাবে ঃ

everyone should —
- distribute . . . . . . . .,
- write . . . . . . . . . . , as well as
- sign the . . . . . . . . . .

প্রদত্ত বাক্যে এই parallelism রক্ষিত হয়নি ব'লে D ভুল।

7. *The group-leader reminded* (A) *his men that the only information to be given* (B) *to the club was each* (C) *individual's name, membership status, and what his permanent address was* (D) *No error* (E).

ব্যাখ্যা ঃ প্রথম clause টি হল-

The group-leader (S) reminded ($V^o_o$) his men (O) that . . . address was (O).

দেখা যাচ্ছে যে remind verbটি দুইটি object গ্রহণ করতে পারে। একটি object হল his men (phrase) এবং অপরটি হল that the only . . . . .

এভাবে বাক্যের বাকি অংশের সবটুকু। অর্থাৎ পরবর্তী সবটুকু অংশ একটিমাত্র Function Element হিসেবে ব্যবহৃত হয়েছে। এটা subordination -এর উদাহরণ। এবার এই objectটিকে বিশ্লেষণ করা যাক ঃ

that the only information to be given to the club
K

S

was each individual's name, membership **status** . . . .
LV C

অর্থাৎ এই clauseটির গঠন হল S+ LV + C।

c-তে s-কে describe করা হচ্ছে। (Rule xix-এর a, b, c দেখুন)। অর্থাৎ information-কে বর্ণনা করা হচ্ছে। information-এর উপাদান কী কী ?

দেখা যাক ঃ

information = [ . . . . . name,
rank, and
what his permanent address was.

' = ' চিহ্নের ডানপাশের সব হল complement. এই complement-এর যতগুলো element থাকবে সবগুলোকে coordinate এবং parallel হতে হবে। কিন্তু name, rank, -এই দু'টি element noun, অথচ শেষেরটি clause। সুতরাং শেষেরটিরও noun হওয়া উচিত। অতএব ভুল D।

শুদ্ধ রূপ ঃ What his permanent address was এর স্থলে his permanent address বসান।

8. *Please help me decide which of the two activities to*
A B
*choose—going to Mogh Bazar to my friend's house or to attend*
C D
*the party at my sister's house. No error.*
E

ব্যাখ্যা ঃ alternative activities গুলো হল—



activities — = [ going to Mogh Bazar . . . . , or
to attend . . . . .

দুইটা phrase-ই coordinate অর্থাৎ সমান rank-এর। কারণ এরা 'activities' কে দুইভাবে describe করছে। সুতরাং গঠন হওয়া উচিত parallel. অর্থাৎ-

[ to go to . . . . . . , or
to attend . . . .

এরূপ হওয়া উচিত; কিংবা-

[ going to . . . . . . , or
attending . . . .

এরূপ হওয়া উচিত। কিন্তু আমরা 'going' কে পাল্টাতে পারি না, কারণ এর নিচে দাগ নেই। সুতরাং to attend-কে 'attending'-এ রূপান্তরিত করতে হবে। অতএব ভুল D।

9. *This method will enable a worker to learn more quickly*
A B
*and to have retained the knowledge for a longer period of time.*
C D
*No error.*
E

ব্যাখ্যা ঃ This method will enable a-worker to . . . .
S V O C

অর্থাৎ O-এর পরবর্তী সবটুকু হল verb এর complement। কিন্তু এর মধ্যে আবার coordinate element রয়েছে। যেমন ঃ

to learn more . . . . . . , and

to have retained the knowledge . . . .

এই দু'টি phrase হল verb এর স্বাধীন দু'টি complement। সুতরাং এটা হল coordination এর-উদাহরণ (দু'টোকেই and দ্বারা যুক্ত করা হয়েছে)। সুতরাং phrase দু'টির গঠন হওয়া উচিত parallel, তদন্ত ক'রে দেখা যাক ঃ

to learn ( = to + verb simple)

to have retained . . . (= to+have+verb, past participle)

দেখা যাচ্ছে যে constructionটা parallel নয়। to have retained-এর জায়গায় to retain বসাতে হবে। ভুল C।

10. *We are more concerned that the best possible candidate be hired than the following of such rigid rules.*

*(A) than the following of some rigid rules.*

*(B) than that one should follow such rigid rules.*

*(C) than our following such rigid rules.*

*(D) than that such rigid rules be followed,*

*(E) and not in following such rigid rules.*

ব্যাখ্যা ঃ কী কী ব্যাপারে concerned তা দেখা যাক ঃ

. . . concerned —
- that the best possible candidate be hired, than
- that such rigid rules be followed.

এটাই হওয়া উচিত। এভাবে গঠিত হলে clause দু'টি parallel হত। গঠনরূপ হত এরকম ঃ



concerned —
- that + S + be + $V_{p.p.}$ (than)
- that + S + be + $V_{p.p}$

সুতরাং D বেছে নিন।

11. *The soldiers were ordered to take an overnight hike, pitch camp, prepare dinner, and that they should be in bed by 10 P. M.*

*(A) to take an overnight hike, Pitch camp, prepare dinner, and that they should be in bed by 10 P.M.*

*(B) to take an overnight hike, pitch camp, prepare dinner, and that they should go to bed by 10 P. M.*

*(C) to take an overnight hike, pitch camp, prepare dinner, and be in bed by 10 P. M.*

*(D) to take an overnight hike, pitching camp, preparing dinner, and going to bed by 10 P. M.*

*(E) to engage in an overnight hike, pitch camp, prepare dinner, and that they should be in bed by 10 P. M.*

বাক্যটির মূল অংশ হল ঃ

The soldiers (S) were ordered (V) to + V . . ., to + V, . . . (C)

এই complement এর মধ্যে coordinate উপাদান রয়েছে এবং সেগুলোকে parallel হওয়া উচিত। দেখা যাক ঃ

. . . were ordered to —
- take (V) . . . . . .
- pitch (V) . . . . .
- prepare (V) . . . . , and
- that they . . . . .

অর্থাৎ —
- verb + . . . . . . .
- verb + . . . . . . .
- verb + . . . . . . .
- clause .

তাহলে এই clauseটিই ভুল। এই elementটির গঠনও হওয়া উচিত ছিল verb + . . . . , অর্থাৎ be in bed by 10 A.M. সুতরাং (C) বেছে নিন।

12. *Some of the solutions that res earchers have proposed (A) in order to (B) increase motivation in women workers include (C) flexible work hours, nursery centers, and allowing (D) work rotation. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ হল ঃ

some of the solutions (S) . . . include (V) . flexible . . . rotation (O)

S কে পরবর্তী clause টি দিয়ে modify করা হচ্ছে। আমরা S + V + O-এর O কে আগে বিশ্লেষণ করি।

. . . . include —
- flexible work hours,
- nursery centers, and
- allowing work rotation.



এই তিনটি হল 'include'-verb-এর object। তিনটি object পরস্পরের coordinate। সুতরাং প্রত্যেকটার গঠন parallel হওয়া উচিত। তদন্ত ক'রে দেখা যাক ঃ

include —
- noun phrase
- noun phrase
- v + ing + noun phrase

তৃতীয় elementটির গঠন ঠিক নেই। v + ing-অংশটির এর গঠনে অসাম্যের সৃষ্টি করেছে। ওটুকু বাদ যাবে। ভুল D।

13. *If you plan to become (A) well-versed in English, you (B) should learn grammar, read lots of books (C) as well as practicing (D) your writing skills. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ হল-

you (S) should learn (V) . . . . . , read (V) . . . . , practicing (V) . . . .

অর্থাৎ S + V + O-আলাদাভাবে পাওয়া যাচ্ছে না, subordination এর মাধ্যমে S + [V + O, V + O, V + O] এরূপে ব্যবহার করা হয়েছে। তাহলে এই V + O-গুলোকে প্রথমে বিশ্লেষণ করা যাক ঃ

Back to Contents

. . . . you should —
- learn grammar,
  V
- read lots of books, as well as
  V
- practicing . . . . . . . .
  V + ing

এই construction গুলো parallel হওয়া উচিত। কিন্তু শেষের constructionটির V + ing-সেই parallelism নষ্ট ক'রে দিয়েছে। ব্যবহার করা উচিত **practice** your writing skills. সুতরাং ভুল D।

**14.** *Now-a-days managements in many organizations have begun to provide health club facilities for employees because exercise builds stamina. decreases tension, and absenteeism is reduced.*

*(A) decreases tension, and absenteeism is reduced.*

*(B) tension is decreased, and absenteeism reduced.*

*(C) decreases tension, and reducing absenteeism.*

*(D) decreases tension, and reduces absenteeism.*

*(E) decreasing tension, and absenteeism is reduced.*

A, B, C, D, E- এর মধ্য থেকে underlined অংশের জন্য কোন্‌টি বেছে নিবেন?

ব্যাখ্যা ঃ because এর আগে আছে একটি clause। because-এর প'রে আছে কয়েকটি কারণ। এগুলো একটি clause-এর অন্তর্ভুক্ত। অর্থাৎ-

. . . . + because + exercise (S) builds (V) . . ., decreases (V) + . . . , . . .

because এর পরবর্তী এই কারণগুলোর প্রত্যেকটি একটি clause-এ বর্ণিত। সুতরাং এটা হল coordination-এর উদাহরণ। বিস্তত clause গুলো ছিল এরূপ ঃ



. . . . because exercise builds (V) stamina

. . . . because exercise decreases (V) tension

. . . . because exercise reduces (V) absenteeism

এগুলোকে coordination-এর কৌশল ব্যবহার ক'রে এভাবে লেখা যায় ঃ

because exercise —
- builds stamina,
- decreases tension, and
- reduces absenteeism.

এভাবে clause গুলোকে coordinate করা হলে parallelism বজায় থাকে। সুতরাং ভুল হল এখানে —"and absenteeism is reduced", কারণ প্রথমোক্ত clause দু'টোর গঠন যেখানে active, এটার গঠন সেখানে passive। সুতরাং (D) বেছে নিন।

**15.** *Because of (A) its effectiveness in bringing about good results and because it has some other advantages (B), this teaching method has (C) been adopted by most of the universities (D) of the country. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশটি হল-

this teaching method (S) has been adopted by + O (V (passive))

এই passive verbটি modified হয়েছে পূর্ববর্তী অংশটুকু দিয়ে (Because of . . . . advantages)। সুতরাং পূর্ববর্তী অংশটুকু হল V এর M। কিন্তু

because দুইবার আছে। এ থেকে বুঝা যায় যে কারণ হল দুইটা, অর্থাৎ V- এর M- হল দুইটা। এই M দু'টিকে হওয়া উচিত coordinate এবং parallel.। তদন্ত ক'রে দেখা যাক ঃ

Because of its effectiveness . . . and

because it has some other . . . .
S V O

দেখা যাচ্ছে যে construction দু'টি parallel নয়। (parallel না হ'লে একাধিক construction কে coordinate করা যায় না।) প্রথমটি হল phrase, দ্বিতীয়টি clause। উভয়টিকেই phrase বা clause হতে হবে। সঠিক construction হবে ঃ

**Because of its** effectiveness . . . and

**because of its** some other advantages.

সুতরাং ভুল হল B।

16. *In the present decade, the world community has discovered the need to conserve energy and attempts have been made to meet the crisis.*

*(A) discovered the need to conserve energy and attempts have been made to meet the crisis.*

*(B) discovered the need to conserve energy and that the crisis has to be met.*

*(C) discovered the need to conserve energy and has made attempts to meet the crisis.*

*(D) needed to conserve energy and to meet the crisis.*

*(E) needed to conserve energy and attempts have been made to meet them.*



ব্যাখ্যা ঃ মূল অংশ হল-

the world community . . . . . . energy and
clause

attempts have been made . . . . . crisis
clause

and দ্বারা যুক্ত clause দু'টি হল coordinate। দু'টি clause-এরই একই S। সুতরাং এদের গঠন parallel হওয়া চাই। তদন্ত ক'রে দেখা যাক ঃ

১ম clause : S + V + O (active)

২য় clause : S + V + C (passive)

active আর passive construction পরস্পর coordinate হতে পারে না। উভয়কেই হয় active না হয় passive হতে হবে।

সুতরাং clause দু'টির construction এরূপ হতে পারে ঃ

. . . world community has discovered the need . . . . . , and
V (p.p.)

. . . world community has made attempts . . . . .
V (p.p.)

coordinate-ক'রে পাওয়া যায়—

world community — has discovered the need . . . , and
world community — has made attempts . . . . .

সুতরাং choice (C)-ই সঠিক হবে।

17. *strict economic sanctions that have been imposed against the country ban investments there and numerous goods may not be imported.*

Back to Contents

*(A) ban investments there and numerous goods may not be imported.*

*(B) ban investments there and the importation of numerous goods.*

*(C) ban investing there and numerous goods may not be imported.*

*(D) ban investments in that country, also, numerous metals may not be imported.*

*(E) ban investing there and numerous goods have not been imported.*

underline-করা অংশের জন্য কোন choiceটি সঠিক?

**ব্যাখ্যা ঃ** বাক্যটাকে অনেকের কাছে বেশ জটিল ব'লে হতে পারে। সুতরাং ব্যাখ্যাটাও সহজ করা হবে।

মূল অংশ ঃ

strict economic sanctions ban investments there

S V O M

অর্থাৎ মূল অংশের গঠন ঃ S + V + O.

that has been imposed against the country-এই clauseটি দ্বারা S-কে Modify করা হয়েছে। লক্ষ্য করুন, S + V + O + there-এর পরে আরেকটি clause আছে যা S + V + O-এর সাথে and দ্বারা যুক্ত। and হল coordinating connective। সুতরাং পরবর্তী clauseটি S + V + O-এর coordinate। তাহলে গঠনগত দিক থেকে এই clauseটিকে S + V + O-এর parallel হতে হবে। কিন্তু S + V + O-clauseটি active অথচ পরবর্তী clauseটি passive। সুতরাং parallelism-এর নিয়ম এখানে লঙ্ঘিত হয়েছে। আসলে বক্তব্যটা হল ঃ strict economic sanction দুইটা জিনিসকে ban করেছে-সেখানে investment করা এবং সেখান থেকে import করা। তাহলে এই দু'টি বিষয়ই একই ban-এর object। প্রথম objectটি হল noun



(investments). সুতরাং দ্বিতীয় objectটিকেও, parallelism-এর খাতিরে, noun হতে হবে। সুতরাং clauseকে noun phrase-এ পরিবর্তিত করতে হবে।

তাহলে ঃ

. . . sanctions . . . . ban — investments . . . . . . , and / the importation of numerous goods.

এই constructionটিই সঠিক। তাহলে choice (B) সঠিক।

**18.** *He was <u>very qualified for the position because he had studied personnel management and how to operate the personal computer.</u>*

*(A) very qualified for the position because he had studied personnel management and how to operate a personal computer.*

*(B) very qualified for the position because studying personnel management and the operation of the personal computer.*

*(C) very qualified for the position because he had studied personnel management and how to make operation of the personal computer.*

*(D) very qualified for the position because he had studied personnel management and the operation of the personal computer.*

*(E) very qualified for the position because he has studied personnel management and how to use a personal computer.*

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

He was very qualified for the position.

এর পরে সে কেন qualified তা বলা হয়েছে। অর্থাৎ because-এর পরবর্তী clauseটিকে এই মূল অংশের subordinate ক'রে দেয়া হয়েছে। এই subordinate অংশটি বিবেচনা করা যাক ঃ

(because) he had studied personnel management and . . . .
S V O

এই and এর পর আরেকটি object-এর সন্ধান পাওয়া যাচ্ছে, কিন্তু তার গঠনটা স্পষ্ট নয়। সে দুইটা জিনিস study করেছিল-personnel management এবং operation of personal computer. পরবর্তী বিষয়টিকে পূর্ববর্তী বিষয়ের সাথে coordinate হিসেবে ব্যবহার করা হয়েছে। সুতরাং how to operate the personal computer-অংশটুকুকে noun phrase-এ রূপান্তরিত করতে হবে। অর্থাৎ লিখতে হবে-the operation of a personal computer. সুতরাং choice (D)-ই সঠিক।

19. *Because* (A) *Shilpi likes* *visual feedback* (B) *she finds* *talking* (C) *to her friends face to face a pleasure and* *to write* (D) *letters an inconvenience.* *No error* (E) .

ব্যাখ্যা ঃ

. . . . she finds — talking to her . . . . a pleasure, and / writing letters . . . . . .

এরূপ হওয়া উচিত ছিল। সুতরাং D-ভুল।



20. *The opposition party stated that Dr. Kamal* *had opposed* (A) *the proposed tax because* *it* (B) *was* *not only* (C) *regressive but also* *because of its being* (D) *unnecessary.* *No error* (E)

ব্যাখ্যা ঃ The opposition party stated + O
S V

এ object হল that Dr. Kamal . . . . থেকে শুরু ক'রে পরবর্তী সবটুকু। এই O-কে বিশ্লেষণ করা যাক ঃ

Dr. Kamal had opposed the proposed tax because . . . . .

because-এর পরেই রয়েছে কারণ। দেখুন তাহলে—

. . . because it was — regressive, and / unnecessary.

এই দুইটি parallel adjectiveকে not only but also দিয়ে যুক্ত করলে পাওয়া যায়—

. . . . . . not only regressive but also unnecessary.-এটাই হওয়া উচিত। সুতরাং D-ভুল। D-নির্দেশিত অংশটুকু বাদ দিতে হবে।

21. *I* *must* (A) *advise* (B) *you to buy this book because of its* *simple method* (C) *of presentation and* *because it is cheap* (D) . *No error* (E) .

ব্যাখ্যা ঃ I must . . . . this book-এটা হল বাক্যটির স্বাধীন clause. পরবর্তী অংশটুকু এই clause-এ প্রদত্ত advice-এর কারণ ব্যাখ্যা করছে বলে তাকে এই স্বাধীন clause এর subordinate ক'রে দেয়া হয়েছে। এই subordinate অংশটুকু পরীক্ষা ক'রে দেখা যাক ঃ দুইটি কারণ, যথা-

Back to Contents

because of its simple method of presentation
noun phrase

(and) because of . . . . . . .(noun phrase) . . . .

দ্বিতীয় কারণটিকেও প্রথমটির মত ক'রে প্রকাশ করতে হবে। অর্থাৎ দ্বিতীয়টিতেও because of এর পরে একটি noun clause থাকতে হবে। তাহলে ঃ

because of its cheapness
noun phrase

দু'টি phrase কে coordinate ক'রে পাওয়া যায়—

. . . . . because of its simple method of presentation and cheapness.

সুতরাং ভুল D ।

## The case :

**21.** *Except for he and I, everyone went there.*

(A) *Except for he and I, everyone went*

(B) *Except for he and me, everyone went*

(C) *With the exception of he and I, everyone went.*

(D) *Except for him and me, everyone went*

(E) *Except for you and me, everyone had gone.*

underline-করা অংশটুকুর জন্য কোন্ choiceটি সঠিক?

ব্যাখ্যা ঃ প্রথমে Rule (XV) দেখে নিন।

for হল preposition। এর পরবর্তী pronounটি হল এর object। সুতরাং he এবং I এর objective case ব্যবহার করতে হবে। choice-(D) বেছে নিন।



ব্যাখ্যা ঃ মূল অংশ হল—

I (S) should like (V) + [ ] (object) + to submit + [ ] (object)

অর্থাৎ-I should like + [ ] ($O_1$) to submit the report . . . .

$O_1$-এ রয়েছে দুইটি pronoun-you আর he. যেহেতু এরা object এর স্থানে বসেছে সেহেতু এদের objective case ব্যবহার করা উচিত। you এর objective case 'you', এবং he এর objective case 'him'। সুতরাং B-ভুল। (Rule-(i)-দেখুন।)

**23.** *No one but (A) I (B) understood the intrinsic (C) meaning (D) of the drama. No error (E).*

ব্যাখ্যা ঃ but হল এখানে preposition। এর পর me বসবে। ভুল B। (Rule-(XV) দেখুন।)

**24.** *He was the (A) man whom (B) I believed (C) was the most important (D) person of the club. No error (E).*

ব্যাখ্যা ঃ (Rule-xii দেখুন)

He was the man . . . . . . . .

এর পরবর্তী সবটুকু অংশ man কে modify করছে। তাহলে বাক্যটাকে এভাবে লেখা যাক ঃ

He was the man ← [whom I believed was the most important person of the club.] (M)

এই M-এর মধ্যে আবার দুইটি clause আছে। একটি হল I believed-যা M-এর মধ্যে একটি Absolute. যেহেতু Absolute-এর সাথে বাক্যের বা clause-এর কোনো গঠনগত সম্পর্ক নেই সেহেতু তাকে বাদ দিলে বাক্যের গঠনে কোনো ত্রুটি ঘটে না, বরং বাক্য আরও সহজবোধ্য হয়। তাহলে Absolute-কে বাদ দেয়া যাক ঃ

whom . . . . . . . . was the most important . . . .

S V

দেখা যাচ্ছে যে 'whom' বসেছে was-এর subject-এর জায়গায়। সুতরাং whom (এটা হল objective রূপ)-এর subject case who ব্যবহার করতে হবে। ভুল B।

আপাতদৃষ্টিতে whom কে 'believe'-verb-এর object ব'লে মনে হতে পারে। ফলে এটা মনে হওয়া স্বাভাবিক যে whom-রূপটি সঠিক। কিন্তু I believe-যেহেতু absolute সেহেতু 'believe' এর সাথে whom এর কোনো Functional Relationship নেই।

**25.** *In order for* (A) *he and I* (B) *to be able to reach there by noon* (C), *we will need to hire* (D) *a microbus* *No error* (E).

ব্যাখ্যা ঃ In order for him to be able to . . . .

In order for me to be able to . . .

আলাদা আলাদা ক'রে লিখলে অবস্থাটা উপরের expression দুটির মত দাঁড়ায়। এখানে দু'টি Rule-এর মাধ্যমে আমরা him এবং me এর অবস্থান ব্যাখ্যা করতে পারি। Rule XV-অনুসারে for এর পরে objective case 'him' হবার কথা; আবার Rule-xiv অনুসারে to be এর subject হিসেবে 'him'-এর রূপটি



এখানে সঠিক। আলাদা আলাদা phrase-এর এই him এবং me কে একই phrase-এ coordinate ক'রে পাওয়া যায় ঃ

In order for him and me to be able . . .

সুতরাং B-ভুল।

**26.** *Unless* (A) *two or more members support him allocating* (B) *so much money on* (C) *such an issue, he will not be able* (D) *to do it. No error* (E).

ব্যাখ্যা ঃ (Rule-xvii) দেখুন) him-এর স্থলে his হবে।

**27.** *He was told to give the award to whomever he thought had done the most valuable work on this subject.*

(A) *to whomever he thought*

(B) *to whoever he thought*

(C) *to the person whom he thought*

(D) *to whomsoever*

(E) *to him whom he thought*

underline-করা অংশটুকুর বদলে কোন্‌টি বসাতে হবে—A, B, C, D, না E ?

ব্যাখ্যা ঃ (Rule-xii) এবং xvi দেখুন)

বাক্যটির মূল অংশ হল—

He (S) was told to give (V (complement-সহ)) the award (O) to [ ] (O (clause))

clause চিহ্নিত শূন্যস্থানে যাকে awardটি দেয়া হবে তার নাম বসবে। কিন্তু সরাসরি তার নাম না ব'লে কথাটাকে ঘুরিয়ে একটা clause-এ পরিণত করা হয়েছে (subordination)। Rule-xvi অনুসারে, এখানে to দ্বারা 'whomever'-রূপটি

নির্ধারিত হবার কথা নয়। 'whomever' রূপটি সঠিক কি-না তা জানতে হলে তার নিজস্ব clause-এ তার অবস্থান কী তা জানতে হবে।

whomever (S) he thought (A) had done the . . . .

দেখা যাচ্ছে he thought হল Absolute. এটার সাথে এই clause-এর গঠনগত কোনো সম্পর্ক নেই। সুতরাং এটাকে বাদ দেয়া যাক। এখন স্পষ্টভাবে বুঝা যাচ্ছে যে had done-এর subject হল whomever, কিন্তু subjective রূপটি হবে **whoever**। সুতরাং choice (B) সঠিক।

28. *Sheikh Mujibur Rahman, to who (A) the title (B) "Banga Bandhu" was given (C), bravely led (C) the nationalist movement (D) in Bangladesh against Pakistani rule. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ—

Sheikh Mujibur Rahman (S) . . . bravely (M) led (V)
the nationalist movement (O) . . .

এই S-কে modify করা হচ্ছে to who the title "Banga Bandhu" was given। এটি একটি clause। এর গঠন জানতে হবে।

the title was given to him (O)

এই বাক্যটা সহজ। to এর object হিসেবে **him** বসেছে। to him-কে সামনে বসানো যাক ঃ

to him the title was given



এখনও was given-এর object হল him, স্থান বদলেছে মাত্র। him এর স্থলে একটি relative pronoun বসাতে হবে। কারণ আমরা এই clauseটিকে অন্য একটি clause-এর subordinate করতে চাই এবং একই সাথে একে M-হিসেবে ব্যবহার করতে চাই। তাহলে ঃ

to whom (O) the title was given (V)

whom-ই ব্যবহার করতে হবে, কারণ এটাতো object এর স্থানেই বসেছে। এবার title টাকে describe করা যাক ঃ

to whom the title "Banga Bandhu" was given তাহলে ভুল A।

29. *Even though (A) the guilty persons have (B) been caught, everything depends upon (C) him (D) arriving on time and giving the decision about their punishment. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

everything (S) depends upon (V) him arriving on time (O) . . . .


S ও V তে অযৌক্তিক কিছু নেই। O-কে পরীক্ষা করা যাক। Object হল একটি phrase। object (Subject, Complement) হিসেবে কোনো phrase-কে বসতে হলে তাকে noun phrase হতে হয়। এই phraseটির গঠন হল ঃ

objective case + V (-ing) + M (on time = V-এর modifier)

Rule-xvii অনুসারে v+ing এর subject হবে possessive case, objective case নয়। সুতরাং **him** arriving এর স্থলে **his** arriving বসাতে হবে। এখানে arriving হল gerund, এবং একারণে noun। '**his**' দ্বারা এই gerund কে modify করা হচ্ছে। ভুল D।


30. *The man* *whom* (A) *I thought* *would* (B) *win the game* *could* (C) *not win* *at last* (D). *No error* (E).

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ





(at last হল Vi-এর modifier)

এই S + Vi + M-construction-এ কোনো ভুল নেই। S কে modify করা হয়েছে whom I thought would win the game-এটুকু দিয়ে। কিন্তু এখানে দু'টো verb আছে-thought এবং would win। এদের নিজ নিজ subject নিচে দেখানো হল ঃ





অর্থাৎ thought-এর subject হল I। clause-এর অন্য কোনো element-এর সাথে এর সম্পর্ক নেই। আসলে I thought হল Absolute। সুতরাং Absoluteটিকে বাদ দিলে থাকে—





এখন স্পষ্টভাবে দেখা যাচ্ছে যে win-এর subject এর স্থানে বসেছে ব'লে whom-কে 'who'-তে রূপান্তরিত হতে হবে। সুতরাং ভুল হল A। পাঠকের সুবিধার জন্য বাক্যটির বিভিন্ন element এর Functional Relationship গুলো নিচের কায়দায় দেখানো হল ঃ






M-এর বাক্যটাকে সরিয়ে নিলে আরও পরিষ্কার হয়ে যাবে ঃ




এটাই main clause। M-কে এর subordinate করা হয়েছে। M-এর মধ্যে আবার আরেকটি clause (A) আছে যা তার নিজের নয়। তাহলে দেখা গেল যে বাক্যটাকে জটিল করা হয়েছে তিনটি উপায়ে ঃ

— subordination-এর কৌশল প্রয়োগ ক'রে,

— modification-এর কৌশল প্রয়োগ করে, এবং

—absolute ব্যবহার ক'রে।

(এ সম্পর্কে আমাদের পূর্ববর্তী আলোচনা মনে আছে তো?)

31. *With he exception of Rumi and I, everyone in the accident was injured seriously.*

(A) *Rumi and I, everyone in the accident was injured seriously.*

Back to Contents

*(B)* *Rumi and me, everyone in the accident injured seriously.*

*(C)* *Rumi and me, all others in the accident was injured seriously.*

*(D)* *Rumi and I, all were seriously injured in the accident.*

*(E)* *Rumi and me, everyone in the accident was injured.*

ব্যাখ্যা ঃ Rumi হল of এর object. আবার I হল Rumi এর সম-পর্যায়ের, অর্থাৎ coordinate। সুতরাং I-ও of (preposition) এর object। এ কারণে I এর স্থলে me-বসবে। অন্যান্য element-এর ব্যবহার ঠিক আছে। কাজেই অধিক ব্যাখ্যা নিষ্প্রয়োজন।

choice (E) সঠিক। (Rule-XV দেখুন।)


**32.** *Between you and I,* (A) *the old guy is likely* (B) *to be fired* (C) *from the job because of his gruff* (D) *behavior with customers. No error* (E).

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

That old guy is likely to be fired

এটুকুতে কোনো ভুল নেই।

Between you and I হল absolute. (অর্থ হল আর কেউ যেন না জানে, অর্থাৎ, তোমার আমার মধ্যে গোপন থাক।) এর গঠনটা দেখা যাক ঃ





অর্থাৎ you এবং I হল between এর object (Rule-XV)। সুতরাং এই pronoun দু'টির objective case ব্যবহার করতে হবে। ভুল A। I-এর স্থলে me বসাতে হবে।



**33.** *He resented* (A) *them* (B) *criticizing his efforts* (C) *because when be had* (D) *asked them to help him they had not show any eagerness. No error* (E).

ব্যাখ্যা ঃ (Rule-xvii দেখুন)। মূল অংশটি হল ঃ





এটুকুর গঠন হল—S + V + O। O-আবার একটি phrase যার মধ্যে একটি gerund আছে। gerund একই সাথে noun ও verb এর কাজ করে। ফলে verb হিসেবে gerund এখানে একটি object (his efforts) গ্রহণ করেছে। noun হিসেবে them দ্বারা modified হয়েছে। কিন্তু pronoun-এর possessive রূপই অন্য কোনো noun কে modify করতে পারে। (মনে আছে?) সুতরাং them এর স্থলে **their** বসবে। ভুল B।

**34.** *Whenever* (A) *he travels* (B) *on* (C) *a train, he talks to whoever* (D) *sits next to him. No error* (E).

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

he (S) talks to (V) whoever sits next to him (O (clause))

S ও V-তে কোনো ভুল নেই। O-হল একটি clause। এটাকে বিশ্লেষণ ক'রে দেখতে হবে ঃ



দেখা যাচ্ছে যে clauseটির verb হল sits, এই verb এর subject হল whoever এবং modifier ডান পাশের phraseটি। whoever এর বামে to-prepositionটি আছে। তাহলে কি Rule-XV অনুসারে এর objective case whomever ব্যবহৃত হবে? কিন্তু Rule-xvi অনুসারে তা হবার কথা নয় (Rule-xvi পড়ে দেখুন।) সুতরাং S-এ কোনো ভুল নেই। উত্তর হল E। বাক্যটি শুদ্ধ।

**35.** *She was <u>disturbed</u> by <u>you</u> <u>entering</u> her room <u>without</u> her permission. <u>No error</u>*
*A — disturbed, B — you, C — entering, D — without, E — No error*

ব্যাখ্যা ঃ Rule-xvii অনুসারে B ভুল। কারণ you এর স্থলে your হবে। (Rule-xvii পড়ুন)।

**36.** *নিচের বাক্যগুলোর মোটা অক্ষরের অংশগুলো ভুল না শুদ্ধ তা বলুন।*

a. She wants you and **I** to get married.

b. A group of **we** boys have arranged for a picnic.

c. Rina, **who** I dislike, is coming with her.

d. He means us two, you and **I**.

e. The prize should go to **whoever** has done the highest score.

f. Select **whomever** you wish.

g. Let's keep it a secret between **we** two.

h. He said he liked us both, but **me** better than **her**.

i. Tell it to **whomever** will listen.

j. Listen to **his** singing a Hindi song.

k. Can you imitate **his** singing?

l. I want to catch **him** doing that.

m. If you were **me** would you take this job?

n. We had trouble finding out **whom** the thief was.



o. That is the man **who** they say used to be her husband.

p. **His** refusing our offer was a disappointment.

q. **Who** can you imagine did it?

r. Was it really for my brother and **I**?

s. Between you and **I**, she is asking for trouble.

t. All the men went fishing, **him** along with the others.

u. The teacher was disappointed by **us** performing so badly.

v. We were all relieved by **him** leaving the room early.

w. Such a drama does not appeal to **we** Bangalis.

x. That was the last of **me** running for office.


y. I don't know whether I can do it as well as **him**.

z. I want **him** to be notified.

## Answers :

(Correct = C, Incorrect = I) : a. I b. I c. I d. I e. c. f. c g. I h. c i. I j. I k. I l. c m. I n. I o. c p. c q. c r. I s. I t. I u. ব্যাখ্যা দেখুন v. ব্যাখ্যা দ্রঃ w. I x. I y. I z. c.


## Explanation :




অর্থাৎ 'wants' verb-এর object ব'লে, কিংবা infinitive (to + get)-এর subject ব'লে me ব্যবহৃত হবে।


(Rule—i ও xiv—দেখুন।)

b. A group of boys have arranged . . .





উপরের চিত্র থেকে দেখা যাচ্ছে যে have arranged-এর subject হলো A. group, we—নয়। of-এর object হলো we-এর objective case us (Rule—xv), এবং of us boys—এই পুরো অংশকে s-এর plural modifier।

c. oNu lÄv ”




is coming-এর subject হলো Rina, who নয়। Rinaকে modify করছে একটি clause who (O) I (S) dislike (V). এই clause-এর object হল **whom**, সুতরাং 'who'—সঠিক নয়। (Rule—xvi দেখুন।)





you and me হলো us-এরই description, অর্থাৎ apposition। সুতরাং . . . Rule—V দেখুন।

e. the prize should go to [ ]


clause




এই clause-এর verb 'has done'-এর subject-এর স্থানে বসেছে বলে whoever সঠিক হয়েছে। to-এর কারণে এর রূপ বদলাবে না। (Rule—xvi)




select-এর object হলো পরবর্তী পুরো clauseটি, 'whomever' নয়। সুতরাং select—দ্বারা whomever রূপটি নির্ধারিত হবার কথা নয়। clauseটি দেখা যাক ঃ





অর্থাৎ wish—verbটির object-এর স্থানে বসেছে বলে whomever রূপটি সঠিক হয়েছে। (Rule—xvi)




rule—xv অনুসারে between-এর পরে us বসবে।

h. us-এর (O) description হলো me-এর her। সুতরাং এরা us-এর coordinate বা সমপর্যায়ের। এ কারণে (us object ব'লে) me এবং her এই objective case দু'টি সঠিক। কারণ ঃ





—তিনটিই সম rank-এর।



Back to Contents

i. Rule—xvi দেখুন। whoever বসবে।

j. listen মানে শোনা। এরপর to বসালে বুঝতে হয় যে কোনো ব্যক্তির দিকে শুনতে বলা হচ্ছে। এ কারণে him বসবে। আর তখন singing—হবে him-এর modifier।




k. imitate মানে অনুকরণ করা। him বসালে ব্যাখ্যা j-এর মতো; his বসালে 'গান গাওয়া'-কে অনুকরণ করা বোঝায়। দুই ক্ষেত্রে অর্থের সূক্ষ্ম পার্থক্য এসে যায়।

l. his বসালে যে অর্থ হয় তা অযৌক্তিক। আমি তার 'কাজ করা' ধরতে চাই বলা কি ঠিক? বলতে হবে—আমি ঐ কাজ করা অবস্থায় 'তাকে' ধরতে চাই। সুতরাং him সঠিক। (Rule—xvii-এর সাথে এই নিয়মের পার্থক্য বুঝার চেষ্টা করুন।)

m. Rule—xiii অনুসারে me-এর স্থলে I হবে।

n. Rule—xvi অনুসারে whom-এর স্থলে who বসবে।

o. Rule—xvi অনুসারে who সঠিক। কারণ they say হলো parenthetical clause—এটাকে বাদ দিয়ে who থেকে বাকি অংশটি বিবেচনা করুন।

p. Rule—xvii অনুসারে His—সঠিক।

q. can you imagine হলো parenthetical clause বা absolute। এটাকে বাদ দিয়ে দেখুন। who সঠিক না?

r. 'for'-এর object ব'লে 'I'-এর স্থলে 'me' ব্যবহৃত হবে। (Rule—xv)

s. I-এর স্থলে me বসবে। Between হলো preposition। Rule—xv দেখুন।

t. প্রথম অংশটি একটি clause, ২য় অংশটি তারই coordinate—তবে এখানে verb উহ্য। সুতরাং এই উহ্য verb (went) এর subject হিসেবে him না ব'সে he বসবে।



u. Rule—xvii অনুসারে us-এর স্থলে our হবে। us বসালেও এক্ষেত্রে বাক্যটা সঠিক। অর্থের সূক্ষ্ম পার্থক্যটা বোঝা চাই।

v. u চিহ্নিত বাক্যের ব্যাখ্যা দেখুন।

w. we-এর স্থলে 'us' বসবে, কারণ এটা 'to' (preposition)-এর object। Rule—xv দেখুন।

x. Rule—xv অনুসারে of-এর পর me হবে বলে মনে হতে পারে। কিন্তু Rule—xvii অনুসারে my ব্যবহৃত হবে। (Rule—xvii পড়ুন।)

y. এখানে as well as = and নয়।

. . . as big as . . .

. . . as good as . . .

. . . as **well** as . . .

ঠিক এই কায়দায় তুলনা বোঝাবার জন্য as well as ব্যবহৃত হয়েছে। Rule—xviii পড়লেই বাক্যটির গঠন বুঝতে পারবেন।

. . . I can do it well.

he can do it well.

coordinate ক'রে (তুলনা বুঝাবার জন্য) ঃ

I can do it as well as he **can do it.**

শেষের can do it বাদ দিলে থাকে—

. . . . . I can do it as well as **he.**

z. Rule—xiv অনুসারে him সঠিক।

— — —

## S—V—Relationship :

**37.** *Neither Rahim or Karim is competent for the position. No error.*
(A = Neither, B = or, C = is, D = for, E = No error)


ব্যাখ্যা : Neither . . . . . nor, either . . . . or-এভাবে ব্যবহৃত হয়। ভুল B।

**38.** *Neither the officers nor the manager were aware of such an incident in the organization. No error.*
(A = nor, B = were, C = of, D = incident, E = No error)

ব্যাখ্যা : Rule-vi অনুসারে B ভুল। the manager যেহেতু singular subject, সেহেতু verbটি হবে 'was'।

**39.** *Either of the two men who work in that hospital are now living in this locality but unfortunately I do not exactly know where. No error.*
(A = Either, B = of, C = work, D = are, E = No error)

ব্যাখ্যা : বাক্যটাকে ভালভাবে বিশ্লেষণ করতে হবে।




চিত্র থেকে দেখা যাচ্ছে যে বাক্যের মূল অংশ



Either . . . . . . are now living . . . . . .
S V (M-সহ)

বৃহত্তর বক্স এর মধ্যকার সবটুকু অংশ হল S-এর modifier। এই M-এর মধ্যেও 'man'-কে আবার আরেকটি M (clause) modify করছে। এগুলোকে আলাদা আলাদাভাবে বিশ্লেষণ ক'রে কোনো ভুল পাওয়া গেল না। তাহলে মূল অংশটির দিকে আরেকবার খেয়াল করা যাক।

Rule-(x) অনুসারে Either-এর পর এখানে is হওয়া উচিত। (Rule-x পড়ুন।) সুতরাং ভুল D।

**40.** *Now neither the blue-eyed girls nor their father are looking for the young man who they think has got lost in the midst of the crowd. No error.*
(A = blue-eyed, B = nor, C = are, D = they think, E = No error)

ব্যাখ্যা : they think-হল absolute বা parenthetical clause। এটাকে বাদ দিয়ে সংশ্লিষ্ট clauseটি পড়ুন, বুঝতে সুবিধা হবে।

Rule-(vi) অনুসারে C ভুল, কারণ are-এর স্থলে is হবে। (Rule-vi পড়ুন।)

**41.** *The commander with his courageous soldiers have made an attack on the enemygroup consisting of five hundred soldiers but has completely vanquished them. No error.*
(A = courageous, B = have made, C = of, D = vanquished, E = No error)

ব্যাখ্যা : মূল অংশ :

The commander← . . . . . . has made an attack . . . এবং
M V O

এর coordinate :

. . . . but has completely vanquished them এই শেষের constructionটিতে কোনো ভুল নেই। সুতরাং

Back to Contents

প্রথমটি বিবেচনা করা যাক। [ ] (M) -এর স্থানে আছে with his courageous soldiers- এটা একটা plural modifier যা 'with' দ্বারা S-এর সাথে যুক্ত। . . . . Rule-vii অনুসারে এখানে B ভুল; have এর স্থলে has বসবে। (Rule-টি পড়ে দেখুন।)

**42.** *He is one of the boys who does not always speak the truth.*

(A) *One of the boys who does not always speak the truth.*

(B) *one of the boys that does not always speak the truth.*

(C) *one of the boys who do not always speak the truth.*

(D) *one of the boys who do not never speak the truth.*

(E) *one of the boys who do not always speaks the truth.*

| He | is | [ ] |
|---|---|---|
| S | LV | C |

অর্থাৎ one of the . . . . . . truth এই সম্পূর্ণটুকু হল complement. এই C-কে বিশ্লেষণ করা যাক ঃ

One of the boys who does not speak the truth.
V (does)

Relative pronoun যাকে নির্দেশ করে তাকে বলে তার antecedent। সচরাচর antecedent তার relative pronoun-এর ঠিক আগে বসে। এবং ঐ relative pronoun এর পরবর্তী verb এর রূপ antecedent দ্বারা নির্ধারিত হয়। সুতরাং 'does' এর রূপ নির্ধারিত হবে 'boys' দ্বারা। boys হল plural verb; এ কারণে does-এর স্থলে **do** ব্যবহৃত হবে। অতএব choice (C) সঠিক। choice (D) সঠিক নয় কারণ এতে double negative 'do not never' ব্যবহৃত হয়েছে।




**43.** *The Metamorphosis, along with (A) several other stories by Kafka, are (B) going to be (C) discussed in our next (D) class today. No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

The metamorphosis (S) . . . . are (V) going to be discussed . . . .

মধ্যের অংশটুকু হল S-এর modifier. পুরো বাক্যটাকে নিম্নরূপে বিশ্লেষণ করা যায় ঃ




M-এর মধ্যে কোনো ভুল নেই। এটি plural। কিন্তু verb 'are . . . .' এর রূপ নির্ধারিত হবে S-দ্বারা, S-এর modifier দ্বারা নয়। সুতরাং are এর পরিবর্তে '**is**' ব্যবহৃত হবে। (Rule-ii দেখুন।)

সুতরাং ভুল B। (Rule-vii ও দেখুন।)


**44.** *The data which (A) you presented in the report was (B) not pertinent (C) to the matter under discussion (D). No error (E).*

ব্যাখ্যা ঃ মূল অংশ ঃ

The data (S) . . . . . was (LV) not pertinent (M (c))


which you presented in the report-এই clauseটি দিয়ে S-কে modify করা হচ্ছে। আগে ভুল অংশটি চিহ্নিত করা যাক। data-হল plural noun। সুতরাং এর পর 'were' বসবে, 'was' নয়। অতএব ভুল D। (Rule-8 দেখুন।)

বাক্যটির Function Unitগুলোর relationship গুলোকে এভাবে দেখানো যায়:




45. A *complete list* of the names and addresses of *all* the members of the club *have* been *made* by the clerk. *No error*.
(A = complete list, B = all, C = have, D = made, E = No error)

ব্যাখ্যা: বাক্যটির Function Unit গুলোর relationship গুলোকে নিম্নরূপে দেখানো যায়:






দেখা যাচ্ছে যে বাক্যটির মূল অংশ হল:

A complete list ...... have been made


এতে ভুল আছে। list হল singular noun। সুতরাং have-এর স্থলে has ব্যবহৃত হবে। ভুল C। (Rule-8 দেখুন।)

বাক্যটির গঠন আরও সংক্ষেপে এভাবে দেখা যায়:

S—m.p—m.p—m.p + V (passive) + by + O

S এর পরে কতগুলো modifier পাশাপাশি বসে আছে


এদেরই পৃথকভাবে দেখানো এখানে চিহ্নিত করা যায়। দেখুন আবার:





অর্থাৎ S-এর modifier হল $M_1$, $M_1$-এর modifier $M_2$, এবং $M_2$-এর $M_3$। M.P. দিয়ে বুঝানো হয়েছে modifier (phrase)। যদিও এই অংশগুলোর মধ্যে কোনো ভুল নেই, পাঠকের মধ্যে অধিকতর স্বচ্ছতা সৃষ্টি করার জন্য দেখানো হল।

46. It is not you *who* are at fault; *rather*, it is *I* who *is* to blame. *No error*.
(A = who, B = rather, C = I, D = is, E = No error)

ব্যাখ্যা:



প্রথম who এর antecedent হল 'you'। সুতরাং who এর পরবর্তী verb 'are' এর রূপ নির্ধারিত হবে 'you' দ্বারা। অতএব 'are' সঠিক।

পরবর্তী who-এর antecedent হল 'I'। সুতরাং who এর পরবর্তী verb '**is**'-এর রূপ নির্ধারিত হবে 'I' দ্বারা। (তীর চিহ্ন দেখুন।) I-এর পরে am বসবে। সুতরাং ভুল D।

**47.** *Neither the students nor (A) the instructor were (B) statisfied with (C) the (D) performance of the class. No error (E).*

**ব্যাখ্যা :** Rule-vi দেখুন। instructor-হল singular subject। সুতরাং verb-ও হবে singular, অর্থাৎ '**was**'। ভুল B।

**48.** *Neither of (A) the students were (B) prepared for (C) the questions the inspector asked them (D). No error (E).*

**ব্যাখ্যা :** Rule-(x) দেখুন। এছাড়া Neither কে S বিবেচনা ক'রে Rule-ii দেখুন, কারণ of the students-হল S-এর modifier. ভুল B। বুঝতে পেরেছেন তো? (Rule-দেখে থাকলে নিশ্চয়ই বুঝেছেন।)

**49.** *The number of Rayal Bengal tigers, decimated by frequent storms, floods, and other calamites including lack of food, are currently given as fewer than one thousand.*

*(A) are currently given as fewer than one thousand.*

*(B) currently are given as fewer than one thousand.*

*(C) is currently given as fewer than one thousand.*

*(D) is currently given as less than one thousand.*

*(E) are currently given as less than one thousnad.*



**ব্যাখ্যা :** মূল অংশ :

The number (S) . . . . . are given (V) as fewer than one thousand.

এখানেই ভুল রয়েছে। S-হল singular number। সুতরাং verb '**is**' বসবে। লক্ষ্য করুন বাকি অংশটুকু হল S-এর modifier। সুতরাং Rule-ii অনুযায়ী modifier নয়, subject দ্বারাই verbএর রূপ নির্ধারিত হয়। choice (C) সঠিক।

**50.** *Use the correct form of the verb.*

1. *All hope of finding the victims alive (has, have) been abandoned.*
2. *One of the three brothers (is, are) going.*
3. *Neither of his sisters (have, has) married.*
4. *There (is, are) plenty to go around.*
5. *There (is, are) a boy and a girl standing on the street near the traffic island.*
6. *One thousand taka (is, are) a good salary for that girl.*
7. *Either Tuhin or Ruhin (was, were) there.*
8. *Neither Roni nor his father (are, is) well-versed in English.*
9. *Neither Bithi nor her friends (are, is) happy today.*
10. *Neither the three brothers or their father (are, is) guilty for this.*
11. *The father no less than the children (is, are) to blame.*
12. *The gang leader, with all his henchmen, (have, has) arrested.*
13. *Everyone of the group (is, are) here.*
14. *Here (is, are) a pen and a pencil.*
15. *A school of fish (was, were) seen by the fisherman.*

16. *The teacher in addition to his students (is, are) present here.*
17. *It (is, are) the Mulliks.*
18. *There (is, are) one for each person.*

**Answers :**

1. **has** : S = hope (singular) : of finding the victims alive = subject এর modifier. (Rule-ii দেখুন।)
2. **is** : Rule-ii & x দেখুন।
3. **has** : Rule- (x) এবং (ii) দেখুন।
4. **is** : plenty দিয়ে একটি পরিমাণ বুঝানো হচ্ছে।
5. **are** : Rule-(vi) দেখুন।
6. **is** : one thousand taka-দ্বারা একটি পরিমাণ বুঝাচ্ছে; সুতরাং এটা singular.
7. **was** : Rule-(vi) দেখুন। দুটি S-or দ্বারা যুক্ত।
8. **is** : Rule-(vi) দেখুন।
9. **are** : Rule-(vi) দেখুন।
10. **is** : Rule-(vi) দেখুন।
11. **is** : Rule-(vii) দেখুন।
12. **has** : Rule-(vii) দেখুন।
13. **is** : Rule-(xi) দেখুন।
14. **are** : Rule-(vi) দেখুন। দু'টি S যুক্ত হয়েছে and দ্বারা।
15. **was** : school এখানে collective noun, একটি group বুঝাচ্ছে।
16. **is** : Rule-(vii) দেখুন।
17. **is** : It এর পর singular verb বসে।
18. **is** : S-হল one।



**51.** নিচের বাক্যগুলোতে underline করা অংশগুলো correct না incorrect তা বলুন।


1. *Neither of the applicants <u>are</u> fully qualified.*
2. *The cost of food, clothing, and household goods <u>have</u> gone up.*
3. *He is one of those men who <u>votes</u> for communism.*
4. *It <u>don't</u> make any difference.*
5. *There <u>is</u> two or three alternatives that you can take.*
6. *What I am looking for <u>is</u> boys who are meritorious.*
7. *Not only his clothes but even his appearance <u>were</u> shabby.*
8. *The moneybad, including the money and the phone-cards, <u>were</u> stolen.*
9. *The extent of the losses <u>have</u> not yet been determined.*
10. *Hira and I <u>are</u> friends.*
11. *Either Hira or I <u>am</u> going to go.*
12. *One of the boys who <u>reads</u> in this school <u>are</u> in the hospital.*
13. *That his uncle is a doctor <u>is</u> known to me.*
14. *Investment in government bonds <u>is</u> a secure way of saving.*
15. *One of the things I like best about the spring <u>is</u> the attractive yellow dresses the girls wear.*
16. *What I want to know <u>is</u> the per-head cost of the journey.*
17. *There <u>has</u> never been any problems with this machine as yet.*

Back to Contents

18. *This is one of those questions that has more than one answer.*
19. *Economics are very difficult to me.*
20. *Latin and French are difficult to me; so are mathematics.*

**Answers :**

1. incorrect. are -এর স্থলে is বসবে। Rule-(x).
2. incorrect. have-নয়, has. Subject হল The cost of food . . . . goods-এটুকু S-এর modifier. Rule-(ii)।
3. incorrect. votes নয়, vote. Relative pronoun who-এর antecedent হল men। সুতরাং whoএর verb-এর রূপ নির্ধারিত হবে men দ্বারা। men-plural ব'লে 'vote' ব্যবহৃত হবে। দেখুন ঃ




অর্থাৎ men এর প্রভাবে V-এর রূপ নির্ধারিত হবে।

4. incorrect. It এর পরে singular verb ব্যবহৃত হবে। don't নয়, doesn't।
5. incorrect. 'are' ব্যবহৃত হবে।
6. correct. S হল is এর পূর্ববর্তী clause। Rule -(xxiv) দেখুন।
7. Incorrect. Rule-(vi) দেখুন। was হবে।
8. incorrect. Rule-(vii) দেখুন। was হবে।



9. incorrect. Subject = extent (singular). of the losses হল S-এর modifier. Rule-(ii) দেখুন। has বসবে।
10. correct. Rule-(vi) দেখুন।
11. correct. Rule-(vi) দেখুন।
12. incorrect. read বসবে। Rule (xxi) দেখুন।
13. correct. Rule-(xxiv) দেখুন।
14. correct. Rule-(ii) দেখুন। Investment হল S, in the government bonds হল S-এর M।
15. correct. Rule-(ii) এবং (xxiv) দেখুন।
16. correct. Rule (xxiv) দেখুন।
17. incorrect. Rule-(xxii) দেখুন। এখানে Subject = 'problems.'
18. incorrect. that-হল relative pronoun. Rule-(xxi) দেখুন। have বসবে।
19. incorrect. Subject হল singular. 'is' বসবে।
20. incorrect. 'is' বসবে।

---

## Adverbs :

52. *He can hardly (A) believe your tale of military operations; the sophisticated secret weapons and the increasing violent (B) invasions that were (C) demonstrated by just one hundred soldiers seem (D) unbelievable. No error (E).*

ব্যাখ্যা ঃ (I can hardly believe-আমি প্রায় বিশ্বাসই করতে পারছি না . . )

Rule—(xx) অনুসারে adjective কে modify করতে হলে adverb ব্যবহার করতে হবে। এখানে B-এর violent হল adjective। একে modify করা হয়েছে আরেকটা adjective 'increasing' দ্বারা। এটা ভুল। ব্যবহার করতে হবে adverb, অর্থাৎ increasingly। সুতরাং ভুল B।

**53.** *I can never (A) forget that horrible accident where (B) not only two people were killed but (C) several other people were badly (D) injured. No error (E)*

ব্যাখ্যা : . . . . . . . accident where . . . . . .
noun M

বাক্যটিতে accident (noun) কে modify করা হয়েছে adverb 'where' দিয়ে। nounটি কোনো স্থান বুঝাচ্ছে না।

সুতরাং 'where'—এর ব্যবহার এখানে অযৌক্তিক। where (যেখানে) এর বদলে in which (যাতে) বসাতে হবে।

**54.** *I feel (A) badly (B) about (C) the present (D) political situation of the country. No error (E).*

ব্যাখ্যা : Rule (xix) এর (C) অনুসারে feel-কে modify করার জন্য adjective (bad) ব্যবহার করতে হবে, adverb (badly) নয়।

**55.** *Rina sat (A) in front of (B) the man who came to our country from London two days ago to spend (C) some weeks with our family and I sat in back of (D) his wife. No error (E).*

ব্যাখ্যা : in front of সঠিক, কিন্তু in back of সঠিক নয়। behind ব্যবহার করতে হবে।



**56.** *Mr. Das, who recently (A) died, painted many beautiful executed (B) fantasies (C) both in the country and (D) in some other countries. No error (E)*

ব্যাখ্যা : Rule-(xx) অনুসারে, verb কে modify করতে হয় adverb দ্বারা। সুতরাং beautiful এর স্থলে beautifully বসাতে হবে।

**57.** When we reached his home he received (A) us cordially at first and then he entertained us with (B) special prepared (C) food and beverages (D). No error (E).

ব্যাখ্যা : Rule-(xx) অনুসারে 'prepared' (verb এর past participle, adjective হিসেবে ব্যবহৃত) কে modify করার জন্য adverb 'specially' ব্যবহার করতে হবে।

**58.** *He plays every shot (A) so easy (B) and in so efficient a (C) manner that it looks not only simple but also interesting (D). No error (E).*

ব্যাখ্যা : He plays every shot . . . . easy . . . . .
V O M

'plays' verb এর modifier হল M। কিন্তু Rule-(xx) অনুসারে verb এর modifier-কে অবশ্যই adverb হতে হবে। অর্থাৎ ব্যবহার করতে হবে **easily**। ভুল B।

**59.** *She near (A) fainted when (B) she saw that an extraordinarily (C) tall figure was standing in the dark (D) and moving its bright eyes only. No error (E).*

Back to Contents

ব্যাখ্যা ঃ She near fainted when . . . . .

S M V

verb 'fainted' এর modifier হল near। কিন্তু Rule-(xx) অনুসারে এটার রূপ হওয়া উচিত nearly (adverb)। ভুল A।

60. It *was* (A) *obviously* (B) a *cheap made* (C) *dress* (D). *No error* (E).

ব্যাখ্যা ঃ It was obviously a cheap made dress.

M M noun

Rule-(xx) অনুসারে, noun এর modifier হল adjective এবং adjective-এর modifierহল advrb। সুতরাং ভুল C। Adverb 'cheaply' ব্যবহার করতে হবে।

61. He always wants to divide *all* (A) responsibilities *equal* (B) *among* (C) the four of us with the *exception* (D) that he never wants to divide the power which he retains autocratically. *No error* (E).

ব্যাখ্যা ঃ He . . . . . wants to divide . . . . equal . . . .

S V M

Rule-(xx) অনুসারে verb-এর modifier হবে adverb। সুতরাং equally ব্যবহার করুন। ভুল B।

62. If you *want not* (A) to do any one *harm* (B), please tie your dog *tight* (C) *to* (D) the pillar. *No error* (E).



ব্যাখ্যা ঃ . . . . . please tie your dog tight . . . .

V O M

tight হল verb এর modifier. (এটি how?-এর উত্তর দিচ্ছে।) সুতরাং Rule-(xx) অনুসারে এটাকে অবশ্যই adverb (tightly) হতে হবে। ভুল C।

63. The teacher *explained* (A) the problem *as good as* (B) he could, but *nobody* (C) in the class could understand him *properly* (D). *No error* (E).

ব্যাখ্যা ঃ . . . . . explained . . . . . . as good as . . . .

V M

Rule-(xx) অনুসারে good এর স্থলে well (adverb) বসবে।

64. When I went to *visit* (A) the workplace, I *saw* (B) that the workers *had* (C) done the work *real as nice* (D) as I had expected. *No error* (E).

ব্যাখ্যা ঃ . . . . had done . . . . real as nice as I had.

V M m

Rule-(xx) অনুসারে verb এর modifier হিসেবে nicely (adverb) এবং এই adverb এর modifier হিসেবে really (adverb) ব্যবহার করতে হবে। ভুল D।

65. *In the beginning he made a great mistake but became considerable wiser after the experience of the loss. No error.*
(A: In, B: made, C: considerable, D: loss, E: No error)

ব্যাখ্যা ঃ .... became considerable wiser .....

M adj.

wise হল adjective। এর comparative রূপ হল wiser। সুতরাং Rule-(xx) অনুসারে এই adjective কে modify করতে হবে adverb দিয়ে। অতএব ভুল C। considerably-ব্যবহার করুন।

66. *Though it was a real difficult job for both of us to do, we had to do it since we badly needed some money. No error.*
(A: Though, B: real, C: both of, D: badly needed, E: No error)

ব্যাখ্যা ঃ .... it was a (real) difficult job ....

M M n

Rule -(xx) অনুসারে, noun (job) এর modifier হিসেবে adjective (difficult) এর ব্যবহার সঠিক, কিন্তু adjective (difficult)-এর modifier হিসেবে real (adjective) এর ব্যবহার সঠিক নয়। ব্যবহার করতে হবে adverb (really)। অতএব ভুল B।

67. *He tried to do it as careful as he could but at last he found that he had made many mistakes. No error.*
(A: careful, B: could, C: found, D: made, E: No error)



ব্যাখ্যা ঃ He tried to (do) ..... as (careful) as ....

V M

verb এর modifier হিসেবে adverb 'carefully' ব্যবহার করা উচিত। ভুল A।

— — —

## Relative Pronouns & Pronouns :

68. *The animals who were bought for staughtering for the Eid-ul-Azha, were all cows. No error.*
(A: The, B: who, C: staughtering, D: all, E: No error)

ব্যাখ্যা ঃ The animals (who) ......

relative pronoun 'who' এর antecedent হল 'animals'। নিয়ম হল মানুষের ক্ষেত্রে who/whom, প্রাণী বা অচেতন বস্তুর ক্ষেত্রে which, এবং উভয়ের ক্ষেত্রে that বসাতে হয়। সুতরাং ভুল B।

69. *Last night we highly enjoyed the drama; it was so beautifully performed that the imaginary, fanstastic plot with all their actors and actresses seemed to be a reality. No error.*
(A: highly enjoyed, B: beautifully, C: fanstastic, D: their, E: No error)

ব্যাখ্যা ঃ ..... plot with all (their) actors ......

plot হল pronoun 'their' এর antecedent। এখানেই ভুল। অচেতন বস্তু বা কোনো বিষয়কে নির্দেশ করতে 'it' ব্যবহার করতে হয়। ভুল D। their-এর স্থলে its ব্যবহার করুন।

70. *Both the students were wrong in interpreting the*
A B
*problem, and the teacher who came to help them solve its*
C D
*problem was also wrong. No error.*
E

ব্যাখ্যা ঃ who হল relative pronoun। এর antecedent হল 'teacher'। সুতরাং C-তে কোনো ভুল নেই। 'its' এর antecedent হল students। এখানেই ভুল। their ব্যবহার করতে হবে।

71. *Everybody but him has paid their dues; now we*
A B C
*have to think about whether to penalize him. No error .*
D E

ব্যাখ্যা ঃ [Everybody] but him has paid [their] dues; . . .
S

their-এর antecedent হল subject। এটা (everybody) হল singular number। সুতরাং their-এর স্থলে his বসাতে হবে। ভুল C।

72. *Every father in our country hopes that their children*
A B
*will become good people in the future but very few become good*
C D
*actually. No error.*
E

ব্যাখ্যা ঃ [Every] father . . . . . hopes that [their] . . . .

their এর antecedent 'every' ব'লে এটা ভুল। their-এর স্থলে his বসাতে হবে।



73. *If you work sincerely and hard, one will soon find*
A B C
*that success in not actually unattainable. No error.*
D E

ব্যাখ্যা ঃ ১ম clause-এর subject আর ২য় clause-এর subject একই। সুতরাং one-এর জায়গায় you বসবে। ভুল B।

74. *Though the problem seemed to be simple to many*
A B
*others present in the meeting, it seemed to be too difficult to*
C
*myself . No error.*
D E

ব্যাখ্যা ঃ [I] said to [myself] . . . . .

[He] fanned [himself] and . . . . . ইত্যাদি।

দেখা যাচ্ছে যে reflexive pronoun (myself, yourself, himself etc.) ব্যবহার করতে হলে তার আগে ঐ pronoun এর subjective বা objective রূপ অবশ্যই থাকতে হবে, নইলে কোনো reflexive pronoun কে সরাসরি object হিসাবে ব্যবহার করা যাবে না। সুতরাং D ভুল। me বসাতে হবে।

75. *When we arrived at the workplace in order to*
A
*observe how things were going, some of them sitting idle and*
B C D
*gossiping together soon got up and began to work. No error.*
E

ব্যাখ্যা ঃ pronoun (they) + { V+ing . . . / to + V . . . / who . . . }

এরূপে ব্যবহৃত হ'লে 'they'-এর স্থলে **those** ব্যবহৃত হয়। যেমন ঃ

We are looking for them waiting for the next train. -এখানে those ব্যবহৃত হবে।

They who want to participate in the game are asked to come up.

-এখানে they-এর স্থলে those বসাতে হবে।

সুতরাং আমাদের উপরোক্ত প্রশ্নে D ভুল। those বসাতে হবে।

76. *Ever since the taking of such a decision by the government, there has been much opposition from them who maintain that it was an illegal decision.*

*(A) from them who maintain that it was an illegal decision.*

*(B) from they who maintain that it was an illegal decision.*

*(C) from those who maintain that it was an illegal decision.*

*(D) from they maintaining that it was an illegal decision.*

*(E) from them maintaining that it had been an unauthorized decision.*

ব্যাখ্যা ঃ from them who maintain that . . . . . relative pronoun 'who' এর antecedent হবে 'those'। সুতরাং choice (C) সঠিক।

77. *In the haste* (A) *to get to* (B) *the Board Meeting in time, one of the board members* (C) *forgot to bring their* (D) *necessary documents. No error* (E).



ব্যাখ্যা ঃ One of the board members forgot to bring their necessary documents.

S ×

চিত্রে দেখা যাচ্ছে যে their এর antecedent হল one, members নয়। সুতরাং their এর স্থলে his বা her বসাতে হবে।

78. *Do* (A) *you think that he always believes* (B) *she* (C) *to be* (D) *honest? No error* (E).

ব্যাখ্যা ঃ Rule-(xiv) এবং (i) দেখুন। she এর স্থলে her বসবে।

79. *Tom and myself* (A) *were* (B) *present in the meeting when the president delivered* (C) *his invaluable* (D) *speech on the greatest achievements of the club during the preceeding year. No error* (E).

ব্যাখ্যা ঃ ভুল A। কারণ reflexive pronoun কে (myself, himself etc.) এককভাবে subject হিসেবে ব্যবহার করা যায় না। অবশ্য subject এর modifier হিসেবে ব্যবহার করা যায়; যেমন ঃ

He himself said this !

S M

(সে নিজেই একথা বলল !)

সুতরাং myself-এর স্থলে I (personal pronoun) বসাতে হবে।

80. *Unless* (A) *the government takes* (B) *all possible steps to prevent floods, the lives of them* (C) *who live* (D) *in the islands can not be safe and comfortable. No error* (E).

ব্যাখ্যা ঃ them এর স্থলে those বসাতে হবে। ভুল C।

**81.** *With a view to giving (A) proper attention to all students individually and most effectively, most competent teachers are (B) now giving importance to team teaching, which (C) divides students according to his and her (D) abilities. No error (E).*

ব্যাখ্যা ঃ relative pronoun which এর ব্যবহার সঠিক, কারণ এর antecedent হল team teaching। his and her-এর antecedent হল students, অর্থাৎ—

. . . . . . which divides [students] according to (his and her) abilities.

antecedent singular হলে এবং তা দ্বারা নারী ও পুরুষ উভয়কে বুঝালে pronoun "his or her" ব্যবহার করা যায়, কিন্তু his and her-দ্বারা 'their' এর কাজ সারা যায় না। সুতরাং ভুল D। their বসাতে হবে।

**82.** *He works very hard (A) in order to provide for (B) their (C) family's (D) comfort and his children's educations. No error (E).*

ব্যাখ্যা ঃ their-এর antecedent হল 'He' (subject)। সুতরাং ভুল C। his বসাতে হবে।

**83.** *Many people in our country drink (A) wine; some of them (B) who drink wine heavily (C) don't realize they (D) are addicted until they get liver cirosis or such other dangerous diseases. No error (E).*



ব্যাখ্যা ঃ . . . . . some of (them) (who) drink . . . .

relative pronoun 'who' এর antecedent they বা them হতে পারে না। এক্ষেত্রে those ব্যবহার করতে হবে। ভুল B।

**84.** *It was decided at last that the names of them (A) to be (B) brought into the new religion from the old one they were in are (C) to be changed or (D) modified. No error (E).*

ব্যাখ্যা ঃ them-এর স্থলে those বসাতে হবে।

they/them + [to be + verb (past participle)] —
M

এভাবে they বা them কে modify করতে হলে they/them এর স্থলে those বসাতে হবে।

**85.** *During (A) his (B) visit to the camp near the frontier the commander ordered that they (C) must always be on the alert (D) lest the enemies should attack. No error (E).*

ব্যাখ্যা ঃ B-তে ভুল আছে? বাক্যে pronoun ব্যবহার করতে হলে তার জন্য স্পষ্টভাবে বর্ণিত একটি antecedent থাকা উচিত। his এখানে যাকে নির্দেশ করছে তা হল 'the commander'। সুতরাং এর ব্যবহারে কোনো ভুল নেই। কিন্তু they-pronounটি কাকে নির্দেশ করছে তা বাক্যে স্পষ্ট নয়; অর্থাৎ এর কোনো antecedent নেই। সুতরাং C ভুল। they-এর স্থলে the soldiers বসাতে হবে।

**86.** *Use the correct word/expression.*

(i) *A person has to decide for (himself, themselves).*

(ii) *Neither of the two brothers is likely to come up with (their, his) proposal.*

Back to Contents

(iii) *Everyone must bring (him, their) own utensils.*

(iv) *A person must do (his, one's) best.*

(v) *Each of the boys tried as hard as (they, he) could.*

(vi) *One must do (their, one's) utmost.*

(vii) *The team was cheered for (their, its) courage.*

(viii) *Nobody in the room (were, was) willing to give up (their, his) (seat, seats).*

(ix) *He would just as soon insult a person as look at (them, him).*

(x) *One must work at least thirty years to be eligible for (their, one's, your) pension.*

(xi) *There is the woman (which, that) lost the bag.*

(xii) *Each girl must contribute (her, their) share of the expenses.*

(xiii) *Every boy and girl in the class (were, was) awarded a certificate for (their, his, her) work.*

(xiv) *The car (with the broken fender, whose fender is broken) is mine.*

(xv) *Give this to the lady (which, that) lost it.*

(xvi) *The committee (have, has) always voted according to (its, their) consciences.*

(xvii) *Has everyone got (his, their) own coat?*

(xviii) *The nation to (whom, which) I am referring is not Canada.*



**Answers :**

(i) himself (ii) his (iii) his (iv) his (v) he (vi) one's (vii) its (viii) was, his, seat (ix) him (x) one's (xi) that (xii) her (xiii) was, his (xiv) with the broken fender (xv) that (xvi) has, its (xvii) his (xviii) which

> বিঃ দ্রঃ pronoun সম্পর্কিত টুকি-টাকি নিয়ম-কানুন পাঠক জানেন ব'লে ধ'রে নেয়া হল। এই বইতে Rule-হিসাবে আলোচনা করা হয়নি এমন কোন (pronoun সম্পর্কিত) নিয়ম পাঠকের কাছে না-জানা ব'লে মনে হলে তাঁকে A Passage to the English Language-বইটির "Agreement" শীর্ষক অধ্যায় দুটি পড়ার জন্য পরামর্শ দেওয়া গেল।

— — —

## Dangling Modifiers :

Rule-(xxv) এখনই একবার পড়ে নিন। এই Rule-এ যে বাক্যের ভুল এর কথা বলা হয়েছে তা মূলত modifier এর ভুল। এরূপ ভুল modifier কে dangling modifier বলে। কয়েকটি উদাহরণ দেখুন।

**87.** *Having performed very well during the last financial year, <u>the Board of Directors awarded the Manager one lakh taka.</u>*

(A) *the Board of Directors awarded the Manager one lakh taka.*

(B) *the Board of Directors awarded taka one lakh to the Manager.*

(C) *the Manager was awarded one lakh taka by the Board of Directors.*

(D) *the Manager was awarded by the Board of Directors with one lakh taka.*

(E) *the Board of Directors was awarded one lakh taka with the Manager.*


underline-করা অংশটুকুর জন্য কোন্ choiceটি সঠিক?

ব্যাখ্যা ঃ বাক্যটার কমা ( , )-এর বাম পাশের সবটুকু হল একটি verbal phrase যা শুরু হয়েছে 'Having performed' দিয়ে। main clause এর subject হল the Board of Directors। তাহলে-এই দু'য়ের মধ্যে সঙ্গতি আছে কি-না তা যাচাই ক'রে দেখা যাক ঃ

কে perform করল?—উত্তর Manager.

কে award দিল?—উত্তর Board of Directors.

সুতরাং এই অংশ দু'টির মধ্যে যৌক্তিক সঙ্গতি নেই। verbal (Having performed)-এর কাজটি 'যে' করবে তাকে হতে হবে main clause-এর subject. সুতরাং main clause-এর subject হওয়া উচিত the Manager। তাহলে choice (C) সঠিক। যাচাই করে দেখা যাক ঃ




awarded . . . .

অর্থাৎ প্রশ্নের মাধ্যমে ঃ

Who 'performed'?—Ans. the Manager.

S-of main clause?—Ans. the Manager.

এবার বুঝেছেন ভুলটা কোথায় ছিল?



**88.** *Having stolen the money, the police caught the thief.*

(A) *the police caught the thief.*


(B) *the police was caught by the police.*

(C) *the thief was caught by the police.*

(D) *the police was caught the thief.*

(E) *the thief caught the police.*

ব্যাখ্যা ঃ who stole? (কে চুরি করেছিল?)—Ans. the thief. সুতরাং main clause এর subject হবে the thief। (আরেকটা জিনিস ঃ verbal যদি হয় Having+verb এর past participle-এভাবে গঠিত তাহলে, প্রায়ই main clause এর verbটি হয় passive.) সুতরাং choice গুলো না দেখেই আমরা সঠিক বাক্যটি গঠন করতে পারি ঃ




the police.

তাহলে কোন choiceটি সঠিক ?

**89.** *Before considering an applicant for this job, he must have a degree in MBA as well as two years experience in the marketing line.*

(A) *Before considering an applicant for this job, he must have*

(B) *Before considering an applicant for this job, he should have*

(C) *We will not consider an applicant for this job without*

(D) *To consider an applicant for this job, he must have*

(E) *We will not consider an applicant for this job if he does not have*

ব্যাখ্যা ঃ বুঝতেই তো পারছেন যে প্রশ্নের বাক্যটি সঠিক নয়। choice (C) সঠিক নয় কারণ without-সঠিক position-এ নেই। choice (E) দ্বারা dangling modifier এর সমস্যাটা অতিক্রম করা যায়। ভেবে দেখুন। সহজ।

**90.** *To invest securely for the future, government bonds provide an excellent opportunity for the average investor.*

(A) *To invest securely for the future, government bonds*

(B) *As a secure investment for the future, government bonds*

(C) *Investing securely for the future, government bonds*

(D) *To invest with security, government bonds*

(E) *Having invested securely, you must determine that government bonds*

ব্যাখ্যা ঃ কে invest করবে?—উত্তর ঃ main clause-এ নেই। সুতরাং verbal modifierটি যাকে modify করছে main clause-এ তার অনুপস্থিতির কারণে এটা একটা dangling modifier-এ পরিণত হয়েছে। choice (A), (C), (D), এবং (E)-তে একই দোষ বর্তমান। choice (B)-বেছে নিলে এই দোষ অতিক্রম করা যায়। ভেবে দেখুন।

**91.** *When climbing up the hill, the cold wind pushed us from behind.*

(A) *the cold wind pushed us from behind.*

(B) *the cold wind was pushed by us from behind.*

(C) *we pushed the cold wind from behind.*

(D) *we were pushed by the cold wind from behind.*

(E) *the cold wind was pushing us from behind.*




ব্যাখ্যা ঃ প্রশ্নের বাক্যটিকে যাচাই ক'রে দেখা যাক ঃ

Who 'climbed'?→Answer : we.

Subject of main clause?→Answer : the cold wind.

দু'টি উত্তর একই জিনিসকে নির্দেশ করছে না। সুতরাং বাক্যটি সঠিক নয়। choice (A), (B) এবং (E)-তে একই দোষ থাকায় এগুলোকে চোখ বুজে বাদ দেয়া যায়। choice (C) বেছে নিলে অর্থ দাঁড়ায় এই যে বাতাস আমাদেরকে ঠেলেনি, আমরাই বাতাসকে ঠেলেছি। choice (D)-ই সঠিক, কারণ এটা dangling modifier-এর সমস্যা এবং অর্থের এই সমস্যা উভয়েরই সমাধান দিচ্ছে। দেখুন ঃ




climb করেছিল কারা?— উত্তর ঃ we

main clause-এর subject কী?— উত্তর ঃ we

pushed হয়েছিল কারা?— উত্তর ঃ we

সুতরাং কোনো সমস্যাই আর নেই।

**92.** *Having the best record for performance in exams, the school awarded her a gold medal at the year-end appraisal meeting.*

(A) *the school awarded her a gold medal at the year-end appraisal meeting.*

(B) *the school awarded her with a gold medal at the year-end appraisal meeting.*

(C) *the school was awarded a gold medal by her at the year-end appraisal meeting.*

*(D) a gold medal was awarded to her by the school at the year-end appraisal meeting.*

*(E) she was awarded a gold medal by the school a the year-end appraisal meeting.*


ব্যাখ্যা ঃ প্রশ্নের বাক্যটাকে যাচাই ক'রে দেখা যাক ঃ

main clause এর আগে একটি verbal phrase রয়েছে যা শুরু হয়েছে 'Having'—verbal (participle) টি দিয়ে।

who 'has'?—উত্তর ঃ she.

main clause এর subject কি?—উত্তর ঃ the shool.

সুতরাং বাক্যটিতে অসংগতি আছে। main clause-এর subject হওয়া উচিত **'she'**। choice (A), (B), (C), এবং (D) এর প্রত্যেকেই এই দোষে দুষ্ট। (যাচাই করে দেখুন।) choice (E) সেই সমস্যার সমাধান দিচ্ছে। সুতরাং choice (E) সঠিক। দেখুন ঃ




প্রশ্নের মাধ্যমে ঃ

who 'had' the best record?—she

what is the subject of the main clause?—she

who was awarded?—she

সুতরাং E-দ্বারা dangling modifier এর ত্রুটি অতিক্রম করা যাচ্ছে।

93. *Some alternative solutions were proposed by the programmer which, as was proved later on, were all useless.*

*(A) Some alternative solutions were proposed by the programmer which,*



*(B) some alternative solutions were proposed by the programmer that,*


*(C) some alternative solutions, that were proposed by the programmer,*

*(D) The programmer proposed some alternative solutions which,*


*(E) some alternative solutions were proposed by the programmer who.*

ব্যাখ্যা ঃ প্রশ্নের বাক্যে which হল relative pronoun। অধিকাংশ ক্ষেত্রেই (preposition এর ব্যবধান ছাড়া) relative pronoun এর antecedent ঠিক তার আগে বসে। কিন্তু এই বাক্যে which এর antecedent হল solutions-যা এই নিয়ম মানেনি। তাহলে বাক্যটিকে নোতুন ক'রে সাজিয়ে নেয়া যাক ঃ

By the programmer were proposed some alternative




এবার অবশ্য antecedent-pronoun সম্পর্কটা ঠিক আছে। as was proved later on-হল absolute। এর সাথে মূল বাক্যের গঠনগত কোনো সম্পর্ক নেই ব'লে এটাকে বাদ দেয়া যাক। রইল—





এখন দেখা যাচ্ছে যে which-এর পুরো clauseটিই 'solutions'-এর modifier। তাহলে বাক্যটির এই সজ্জাটি মোটামুটি ঠিক আছে। কিন্তু By the programmer were proposed . . . . .-এই passive constructionটি অপ্রয়োজনীয় নয়? একে active-এ রূপান্তরিত ক'রে দেখলে মন্দ হয় না ঃ

The programmer proposed some alternative solution which, as was proved later on, were all useless.

এখন বাক্যটির সঠিক এবং সুন্দর হয়েছে। সুতরাং choice (D)-ই গ্রহণযোগ্য। অন্যান্য choice-গুলোতে পূর্ববর্ণিত দোষগুলো রয়ে যায়।

সঠিক বাক্যটিকে আরও ভালভাবে বুঝার জন্য নিচে এর বিভিন্ন Function Unit-এর relationship গুলো দেখুন ঃ




অর্থাৎ ঃ S হল V-এর subject।

O হল V-এর object।

M হল O-এর modifier।

Abs হল M-এর মধ্যে অবস্থিত absolute।

এবং লক্ষ্য করুন যে, সমস্ত M-টুকু দিয়ে সমস্ত O-টুকুকে modify করা হচ্ছে। এভাবে দেখলে পুরো বাক্যটার অর্থ স্পষ্টভাবে বুঝা যাবে।

**94.** *Standing at the door of our house, the spot where the accident took place could hardly be seen.*

(A) *the spot where the accident took place could hardly be seen.*



(B) *the spot where the accident took place was not clearly seen.*

(C) *we could hardly see the spot where the accident took place.*

(D) *we could not hardly see the spot where the accident took place.*


(E) *the spot where the accident took place could not hardly be seen*

ব্যাখ্যা ঃ প্রশ্নের বাক্যটাকে যাচাই ক'রে দেখা যাক ঃ

who were 'standing'?—Answer : we

subject of the main clause?—Answer : the spot

বাক্যে গলদ আছে। দাঁড়িয়েছিল যারা main clause এর subject-ও তারা-এরূপ হওয়া উচিত ছিল। তাহলে main clauseটিকে we দ্বারা শুরু করা যাক ঃ




the spot where the accident took place.

এখন ঃ

who were 'standing'?— we
subject of main clause?— we
who 'hardly saw'?— we

বাক্যটি এবার সঠিক হয়েছে। choice (D) গ্রহণযোগ্য নয় কারণ এতে double negative (not hardly : hardly নিজেই negative অর্থ দেয়) ব্যবহৃত হয়েছে। choice (C) সঠিক। অন্যান্য choice-গুলো উপরোক্ত শর্তগুলো পালন করে না।

Back to Contents

**95.** *standing alone beside his father's grave, <u>grief overwhelmed the boy and he lamented inconsolably.</u>*

(A) *grief overwhelmed the boy and he lamented inconsolably.*

(B) *grief overwhelmed the boy, who lamented inconsolably.*

(C) *grief overwhelmed the boy that lamented inconsolably.*

(D) *the boy was overwhelmed by grief and lamented inconsolably.*


(E) *the boy was overwhelmed by grief, he lamented inconsolably.*

ব্যাখ্যা ঃ প্রশ্নের বাক্যটাকে পরীক্ষা ক'রে দেখা যাক ঃ

who was '**standing**'?—Answer : the boy.

subject of main clause?—Answer : grief

দু'টি উত্তর দু'রকম হয়েছে বলে বাক্যটি অশুদ্ধ। Verbal 'standing' যাকে modify করছে main clause এর subject-ও হওয়া উচিত সেই ব্যক্তির নাম। তাহলে main clause কে 'the boy'-কে subject হিসেবে ব্যবহার ক'রে নোতুনভাবে লেখা যাক ঃ





এবার দেখুন ঃ

| | |
|---|---|
| কে দাঁড়িয়ে ছিল (standing)?— | the boy. |
| main clause এর S-কী?— | the boy. |
| কে overwhelmed হয়েছিল?— | the boy. |



এবার বাক্যটি সঠিক হয়েছে। Verbকে যদি passive না করা হত তাহলে কী হত? অর্থ উল্টে যেত। আমাদের উপরের 'প্রশ্নের' কৌশলে সে ভুলও ধরা যায়। যেমন, বাক্যটা যদি এরূপ হত ঃ




এবার প্রশ্ন তিনটির উত্তর দেখা যাক ঃ

| | |
|---|---|
| কে দাঁড়িয়েছিল?— | the boy. |
| main clause এর S?— | the boy. |
| কে overwhelmed হয়েছিল?— | **grief** |

দেখা যাচ্ছে যে তৃতীয় প্রশ্নের উত্তরের ক্ষেত্রে এসে সবকিছু অপ্রাসঙ্গিক হয়ে যাচ্ছে। সুতরাং passive verb-ই ব্যবহার করতে হবে।

choice (A), (B), এবং (C) চোখ বুজেই বাদ দেয়া যায়, কারণ এগুলোতে প্রথম দু'টি প্রশ্নের satisfactory জবাব নেই। choice (E)-এর subject modifier সম্পর্ক ঠিকই আছে তবে দু'টি clause এর মাঝে একটি কমা এসে সবকিছু লন্ডভন্ড করে দিয়েছে। এভাবে যদি লিখতেই হয় তাহলে কমার স্থলে সেমিকোলন বসাতে হবে।

এবার বলুন তো সঠিক choice কোনটি। এবার তো আর না-পারারও উপায় নেই।

**96.** *<u>Having held</u> (A) <u>for</u> (B) more than two hours, the bag <u>fell</u> (C) <u>from</u> (D) his hand. <u>No error</u> (E).*

ব্যাখ্যা ঃ Verbal modifier (phrase) হল Having . . . hours. এর পরবর্তী অংশ main clause।

বাক্যটাকে যাচাই ক'রে দেখা যাক ঃ

who had '**held**'?—Answer : he

(কে ধ'রে রেখেছিল?)

main clause এর subject?—Answer : the bag.

দেখা যাচ্ছে যে বাক্যটা সঠিক নয়। হয় আমাদেরকে main clause এর subject হিসেবে 'he'-কে ব্যবহার ক'রে main clause কে আবার লিখতে হবে, নইলে Verbal phrase-এর verbal কে the bag-এর অনুগামী করতে হবে। কিংবা সম্পূর্ণ ভিন্ন দু'টি clause-এ বাক্যটিকে ভাগ ক'রে ফেলতে হবে।

Verbal phrase-টির প্রথম অংশটুকুকেই শুধু পরিবর্তন করা যাবে (main clause-এ subject এর নিচে দাগ না থাকায় ওটাকে ভুল হিসেবে বিবেচনা করা হচ্ছে না।) তাহলে Verbal টিকে main clause-এর subject 'the bag'-এর অনুগামী করার জন্য passive-এ রূপান্তরিত করতে হবে ঃ

Having been held . . ., (main clause) . . .

কিংবা

After he had held . . ., (main clause)

এই দুই উপায়েই বাক্যটিকে শুদ্ধ করা যায়। যাহোক, অনেক আগেই আপনি বুঝে ফেলেছেন যে ভুল হল A তে, নয় কি?

**97.** *According to the scrutiny board, many personal things were purchased by the secretary of the club that had no legal authorization.*

(A) *many personal things were purchased by the secretary of the club that had no legal authorization.*

(B) *many personal things were purchased by the secretary having no legal authorization.*

(C) *the club purchased many personal things for the secretary that had no legal authorization.*



(D) *the secretary of the club purchased many personal things that had no legal authorization.*

(E) *many personal things were purchased by the club for the secretary that had no legal authorization.*

ব্যাখ্যা ঃ বাক্যটাকে যতই কঠিন মনে হোক, আসলে এটা কিন্তু সহজ। প্রশ্নের বাক্যটা বিশ্লেষণ করা যাক।

বাক্যে that হল relative pronoun। তাহলে এর antecedent ঠিক এর আগেই থাকা উচিত। কিন্তু antecedent হল things-যা that থেকে অনেক ব্যবধানে অবস্থিত। এই ব্যবধান কমানোর জন্য বাক্যটাকে নোতুনভাবে সাজাতে হবে ঃ

According to the scrutiny board, many personal things [that] had no legal authorization were purchased by the secretary of the club.
V (passive)

এবার একটা সমস্যার সমাধান পাওয়া গেল। এখন বাক্যটা সঠিক, কিন্তু standard নয়। তাছাড়া choice-গুলোর একটাতেও এই রূপটি নেই। সুতরাং বাক্যের এই রূপটা সঠিক হলেও এটা আমাদের কোনো কাজে আসছে না।

লক্ষ্য করুন, main clause এর constructionটি অকারণে passive। একে active করলেই তো ভাল হয়; নয় কি? তাহলে তাই করা যাক ঃ

According . . . . . . the secretary of the club purchased
V (active)
many personal thing [that] had no legal authorization.-এটাই সঠিক এবং কাঙ্খিত বাক্য।

choice-(D) ছাড়া অন্য সবগুলো choice-এ relative pronoun (এবং passive construction)-এর এই সমস্যা রয়েছে। relative pronoun এর সমস্যাটা দেখে খুব অল্প সময়ের মধ্যেই এগুলোকে বাদ দেয়া যায়। আর এভাবেই পাওয়া যায় সঠিক উত্তরটি। (এই problemটা dangling modifier এর নয়; এতে modifier এর misplacement ঘটেছে।)

98. *The branch manager reported that a lorry was needed for transporting interdepartmental transactions of a medium size. No error.*

(underlined: reported — A; was — B; for — C; of a medium size — D; No error — E)

ব্যাখ্যা ঃ এই বাক্যটিতে modifier টা misplaced হয়ে গেছে। of a medium size-modifierটির headword (অর্থাৎ যাকে modify করছে) হল lorry। সুতরাং এটা (phrase ব'লে) 'lorry'-র ঠিক পরে বসবে (একটিমাত্র word হলে ঠিক আগে বসত)। অর্থাৎ এভাবে লিখতে হবে—. . . . a lorry of a medium size was needed . . . .সুতরাং ভুল D।

99. *Impressed by the newspaper stories, war seemed inevitable.*

(A) *war seemed inevitable.*

(B) *war was felt inevitable.*

(C) *we felt that war was inevitable.*

(D) *war seemed to be inevitable to us.*

(E) *war seemed to be inevitable to ourselves.*


ব্যাখ্যা ঃ প্রথম দৃষ্টিতেই 4টি choice বাদ দেয়া যায় ঃ

'Impressed'-হয়েছিল কে/কারা?—উত্তর ঃ we

main clause এর subject কি?— উত্তর ঃ war

দুই রকম উত্তর পাওয়া গেছে। অর্থাৎ বাক্যটায় ভুল আছে এবং choice (A), (B), (D), (E)-এর প্রত্যেকটাতে এই ভুল বর্তমান।

'Impressed'-যে হয়েছিল main clause-এর subject-ও হবে সে, আর তখনই বাক্যটা correct হবে। তাহলে choice-(D) বেছে নিন। দেখুন ঃ






এবার প্রশ্ন করা যাক ঃ

কে/কারা 'Impressed' হয়েছিল?—we

main clause-এর subject?—we

কে/কারা 'feel' করেছিল?—we

এবার বাক্যটাতে আর কোনো সমস্যা নেই। (অন্যভাবেও বাক্যটি সঠিক করা যেত।)

100. *Without expecting a reply, a letter was written to the police. No error.*


(underlined: Without — A; a letter was written — B; to — C; the — D; No error — E)

ব্যাখ্যা ঃ Verbal হল 'expecting'। তাহলে বাক্যটাকে যাচাই ক'রে দেখা যাক ঃ

কে expect করেনি?—I (কিংবা we, কিংবা he)

main clause-এর subject?—a letter.

দেখা যাচ্ছে যে বাক্যটিতে ভুল আছে। main clauseটি I দিয়ে শুরু হবে। তাহলে ঃ




লক্ষ্য করুন প্রশ্নের passive verbটিকে এখানে active-এ রূপান্তরিত করা হয়েছে। বাক্যটাকে যাচাই ক'রে দেখা যাক ঃ

কে expect করেনি?—I

main clause-এর subject কী?—I

who 'wrote'?—I

সুতরাং বাক্যটি এবার সঠিক হয়েছে। তাহলে ভুল B।

Back to Contents

101. By getting your purpose clearly in mind at the beginning, the actual writing will be easier.

(A) the actual writing will be easier.

(B) you will find the actual writing easier.

(C) the actual writing will seem easier to you.

(D) writing will be actually easier to you.

(E) the actual writing will be easy for you.

ব্যাখ্যা ঃ Verbal হল 'getting'।

কে 'get' করবে?—উত্তর ঃ you.

তাহলে main clause-এর subjectকে হতে হবে 'you'।

এখন তো আপনি চোখ বুজেই choice (A), (C), (D), এবং (E) বাদ দিতে পারছেন কারণ এদের একটিরও subject 'you' নয়।

102. এই বাক্যগুলোকে শুদ্ধ ক'রে লিখুন। প্রতিটিতে dangling modifier রয়েছে।

*(i) Being very tired, the walk home took much too long.*

*(ii) By improving the English Department a student would not only be prepared for college English but for any subject.*

*(iii) After rushing to get to the station on time the information clerk said that the train would be more than an hour late.*

*(iv) He took a full program of studies during each summer session, thus graduating in three years.*

*(v) When only five years old, my mother died.*

*(vi) While still of preschool age, my father began daily batting practice with me.*

*(vii) Although working full time on an outside job, my grades remained good.*



*(viii) The car failed to observe the curved sign, thus losing control and going over the embankment.*

*(ix) When in high school, classes were dull and monotonous.*

*(x) After having made all these plans and preparations and having such high expectations, the party was not interesting.*

**Answers :**

(i) As I was very tired, it took much too long for me to walk home.

(ii) If the English Department were improved, a student . . . . . . .

(iii) After I had rushed to get to the station on time, the information . . . .

(iv) By taking a full program of studies during each summer session he was able to graduate in three years.

(v) When I was only five years old, my mother died.

(vi) While I was still of preschool age, my father began daily batting practice with me.

(vii) Although I was working full time on an outside job, my grades remained good.

(viii) by failing to observe the curved sign the car lost control and went over the embankment.

(ix) When I was in high school, I found that classes were dull and monotonous.

(x) In spite of having made all these plans and preparations and having such high expectations, we found that the party was not interesting.

— — —

## Shifts in Subjects and Verbs :

**(প্রথমে Rule-(xxvi) এবং (xxvii) পড়ে নিন।)**

**103.** *Even after you have taken a very good preparation*
A

*and learnt everything very clearly, one finds that in the exam*
B C

*hall you happen to forget a lot. No error.*
D E

**ব্যাখ্যা ঃ** Rule-xxvi অনুসারে বাক্যটি ভুল। দেখুন ঃ

Even after (you) have . . . . . . . . . . ,

(one) finds . . . . . . . . . . . . . . . . a lot.

S

subordinate clause (১মটি) এবং main clause-এ একই ব্যক্তির কথা বলা হচ্ছে, অথচ অযথা subject কে personal থেকে impersonal pronoun-এ shift করা হয়েছে। এটা ঠিক নয়। ভুল C। you find that . . . . ব্যবহার করুন।

**104.** *If you read the poem over and over again and try to*
A

*grasp the hidden meaning of it, one feels that one is entering*
B C

*the poem's heart little by little. No error.*
D E

**ব্যাখ্যা ঃ** ব্যাখ্যা ঠিক পূর্ববর্তী বাক্যের ব্যাখ্যার মতই। Subordinate (if-clause)-clause এর subject (you) অনুসারে main clause-এর subject-ও 'you' হবে। ফলে C-এর স্থলে you feel that you are-বসাতে হবে।



**105.** *When one eats in this restaurant, you often find that the prices are high and that the food is poorly prepared.*

(A) *When one eats in this restaurant, you often find*

(B) *When you eat in this restaurant, one often finds*

(C) *When you eat in this restaurant, you often find*

(D) *If you eat in this restaurant, you often find*

(E) *When one ate in this restaurant, he often found*

choice (C) সঠিক। pronoun কে 'one' থেকে 'you' কিংবা 'you' থেকে 'one'-এ shift করা যাবে না।

**106.** *A growing number of university graduates in our*
A

*country remain unemployed; one feels that the number of jobs*
B C

*are inadequate. No error.*
D E

**ব্যাখ্যা ঃ** ২য় coordinate clause এর subject দ্বারা "graduates" (plural)-কে নির্দেশ করা হচ্ছে। সুতরাং one feels এর স্থলে they feel বসাতে হবে। (Rule-xxvi)

**107.** *Although you may wish to take various medicines*
A B

*to cure various diseases, one should take some preventive*
C

*measures also that may not be fully dependent on medicine.*
D

*No error.*
E

**ব্যাখ্যা ঃ** one এর স্থলে you বসালে subject-এর অযথা shift আর থাকবে না। সুতরাং ভুল C।

নিচের বাক্যগুলোকে **revise** করুন ঃ

108. *(i) When one gets through with a three-hour examination you are exhausted.*

*(ii) I did not like to refuse his invitation, but a person can not spend all their time going to shows.*

*(iii) It often makes one shudder at the sights you see.*

*(iv) You know it's really very old how a person can have so many different feelings about something they plan to do.*

*(v) I have experienced the strange sensation of losing one's wallet. when something like this happens you do not know what to do.*

*(vi) My high school days taught me the value of learning to get along with others. As you worked with others you learned to accept responsibilities and to be a good follower. We were supposed to learn to be both followers and leaders.*

*(vii) Faith means to have complete confidence in someone, even if they are under suspicion.*

*(viii) One way of judging the maturity of a person is to find out how well they are able to govern themselves.*

*(ix) In choosing a mate for the rest of one's life you need to search for certain qualities according to your individual preferences and standards.*

*(x) When you are in trouble and have a person beside you who can help you get out of it, a person should ask him or her for help because cooperation among us men is always a necessity and one can not live fully alone.*



**Answers :**

(i) When one gets through with a three-hour examination one is exhausted.

(ii) I did not like to refuse his invitation, but I can not spend all my time going to shows.

(iii) It often makes one shudder at the sights one sees.

(iv) You know it's really very old how a person can have so many different feelings about something he or she plans to do.

(v) I have experienced the strange sensation of losing my wallet. When something like this happens I do not know what to do.

(vi) My high school days taught me the value of learning to get along well with others. A I worked with others I learned to accept responsibilities and to be a good follower I was supposed to learn to be both a follower and learner.

(vii) Faith means to have complete confidence in someone even if he is under suspicion.

(viii) One way of judging the maturity of a person is to find out how well he or she is able to govern himself or herself.

(ix) In choosing a mate for the rest of one's life, one needs to search for certain qualities according to one's/his individual preferences and standards.

(x) When you are in trouble and have a person beside you who can help you get out of it, you should adk him or her for help because cooperation among you and others is always a necessity and you can not live fully alone.



Back to Contents

## Shifts in Verbs :

(প্রথমে Rule-(xxvii) পড়ে নিতে হবে।)

[Dangling modifier-এর উদাহরণগুলো পড়ার সময় আপনি দেখেছেন যে অনেক ক্ষেত্রেই main clause-এর গঠন অযথা passive হলেই verbal phrase-এর modifier dangling হয়ে যায়, এটাও তাহলে শুধু dangling modifier-এরই উদাহরণ নয়, shift of the verb-এরও উদাহরণ। এরূপ কিছু বাক্য এখানেও উদাহরণ হিসেবে দেয়া হবে।]

109. *The older girls had (active) a coke party to get us acquainted and it was deeply appreciated (passive) by me.*

ব্যাখ্যা : প্রথম clause-এর verb হল active, অথচ পরবর্তী clause-এর verbটি হল passive। এটা নিঃসন্দেহে একটা ত্রুটি। কিন্তু এটা যে একটা ত্রুটি তা আগে থেকে না জানা থাকলে, এবং সে সম্বন্ধে সচেতন না থাকলে, এ ধরনের ত্রুটিপূর্ণ বাক্যকে আদৌ ত্রুটিপূর্ণ মনে হয় না। সুতরাং এ ব্যাপারে আপনাকে সাবধান থাকতে হবে।

বাক্যটাকে এভাবে revise করা যায় :

I appreciated (active) the coke party which the older girls gave (active) to get us acquainted.

110. *As centuries passed (past), the dress patterns become (present) more and more complicated.*

ব্যাখ্যা : এই বাক্যটিতেও একটি ত্রুটি আছে। প্রথম clause টির verb হল past tense-এর, অথচ দ্বিতীয় clause টির verb হল present tense এর। এখানে sequence of tense এর নিয়ম লঙ্ঘিত হয়েছে। (parallelism-এর উদাহরণে এ ধরনের বিষয় আলোচিত হয়েছে।)



revised sentence : As centuries passed (past), the dress patterns became (past) more and more complicated.

111. *He said he will call for me at eight.*

ব্যাখ্যা : said-হল past tense-এর। সুতরাং subordinate clause এর verb-ও past tense-এর হবে।

revised sentence : He said (past) he would (past) call for me at eight.

মূল direct speech টি হল :

He said, "I will call for you at eight."

112. *I asked (past) Dad if I may (past) borrow the car for the evening.*

revised sentence : I asked (past) Dad if I might (past) borrow the car for the evening.

113. *They knew (active) the actual nature of people like those who were standing before them for mercy, because the dangers and misery of mixing with those people had been experienced (passive) by them.*

ব্যাখ্যা : ১ম clause টির verb হল active অথচ অযথাই ২য় clauseটির verb হল passive। বাক্যটিতে উভয় clause-এর verb কেই active-এ রূপান্তরিত করতে হবে।

revised sentence : The knew the actual nature of people like those who were standing before them for mercy, because they had experienced the dangers and misery of mixing with those people.

**114.** *In choosing a mate for the rest of one's life certain qualities are searched for according to one's individual preferences and standards.*

ব্যাখ্যা ঃ বাক্যটিতে অযথা passive verb ব্যবহার করা হয়েছে। এটাকে active-এ রূপান্তরিত করতে হবে।

revised sentence : In choosing a mate for the rest of one's life, one searches (active) for certain qualities according to one's individual preferences and standards.

**115.** *After having a conversation with Mr. Roy on whether to start the joint venture from the next month, he was invited (passive) by me to my house for the final talk.*

revised sentence : After having a conversation with Mr. Roy on whether to start the joint venture from the next month, I invited (active) him to my house for the final talk.

**116.** *When (A) you buy a V. C. R. set, you will have (B) your children always busy watching (C) movies, and you have not been (D) able to educate them properly. No error (E).*

ব্যাখ্যা ঃ ১ম clause এর verb—buy; tense—present
২য় clause-এর verb—will have; tense—future
৩য় clause-এর verb—have; have not been; tense—present perfect

দেখা যাচ্ছে যে ৩য় clause-এ verb এর tense কে future থেকে present perfect-এ shift করা হয়েছে। ভুল D। D-এর জায়গায় will not be বসবে।



**117.** *Because (A) my friend Sagar received a number of free (B) tickets for the wrestling show, he asked whether (C) I will go (D) to enjoy it with him that night. No error (E).*

ব্যাখ্যা ঃ বাক্যটির বিভিন্ন clause-এর verbগুলোর sequence of tense দেখা যাক ঃ

Because + S + [V (past)] + O . . . ., S + [V (past)] + . .
S + [V (future)] + . . . . . .
(?)

দেখা যাচ্ছে যে প্রথম দু'টি clause-এর verb দু'টি past tense-এর। শেষের clause টির verb future tense-এর। এটা একটা অসঙ্গতি। শেষের clause এর verb কে corresponding past tense-এ রূপান্তরিত করতে হবে, অর্থাৎ এখানে will-এর past রূপ would ব্যবহার করতে হবে। ভুল D।

**118.** (Barron's SAT থেকে) " The America's Cup, which (A) was first won by the United States yacht America, grew out of (B) the London Exposition of 1951 and now becoming (C) a world yachting (D) championship. No error (E).

ব্যাখ্যা ঃ now becoming এর স্থলে became বসাতে হবে।

**119.** *Many economists in our country maintain that the current low inflation rate not only promotes investments in industries but also made it more profitable.*

(A) but also made it more profitable.
(B) but also makes it more profitable

*(C) but also made it more able to profit.*

*(D) but made it also more profitable*

*(E) but also make it more profitable.*

ব্যাখ্যা ঃ main clause এর verb হল maintain (present), সুতরাং subordinate clause এর verb হবে makes (presant)। choice (B) সঠিক।

120. *<u>Some people</u> (A) in our villages have made a <u>clear-cut choice</u> (B) between agriculture and fishing; others have <u>been creating</u> (C) a balance <u>between</u> (D) the two. <u>No error</u>. (E)*

ব্যাখ্যা ঃ ১ম main clause এর verb—have made; অর্থা present perfect tense।

২য় main clause-এর verb-have been creating; অর্থাৎ prest. perfect cont. tense.

সুতরাং tense-এর এই shift হল অযাচিত। have been creating-এর স্থলে have created বসাতে হবে। অতএব, ভুল C।

121. *The leader <u>is sure</u> (A) that his followers <u>have been</u> (B) there and <u>did</u> (C) <u>what</u> (D) was expected of them. <u>No error</u> (E).*

ব্যাখ্যা ঃ ১ম clause-এর verb—is; present tense.

২য় clause-এর verb—have been; prest. perft. tense.

৩য় clause-এর verb—did; **past** tense.

৪র্থ clause-এর verb—was; past tense.

তারা (follower-রা) যা করবে তা আগে থেকে নির্ধারিত। সুতরাং ৪র্থ clause-এ past tense-এর ব্যবহার সঠিক।



৩য় clause-এ কাজটি করার কথা বলা হচ্ছে। এই clause এর main clause-এর verbএর tense হল present tense, সুতরাং এই clauseটিতে verb এর past tense ব্যবহার করা যুক্তিসঙ্গত নয়। ভু C। এখানে has done বসবে।

[ বিঃ দ্রঃ shift of tense-সম্বন্ধে আরও বিস্তারিত জানার জন্য A Passage to the English Language-এর Sequence of Tense-শীর্ষক অধ্যায়টি প'ড়ে দেখতে পারেন।]

— — —

## Fragmentary Sentence

**(Rule-xxviii দেখুন।)**

122. *At the zoo, the huge-bodied <u>elephant that walked</u> elegantly like an ancient bulky-bodied king.*

*(A) elephant that walked*

*(B) elephant walking*

*(C) elephant which walked*

*(D) elephant walked*

*(E) elephant with a walk*

ব্যাখ্যা ঃ প্রশ্নের শব্দগুচ্ছের মধ্যে স্বাধীনভাবে কোনো finite verb না থাকায় তা বাক্য হয়নি। that-এর উপস্থিতি থেকে মনে হতে পারে যে এখানে দু'টি clause বিদ্যমান। কিন্তু একটিও যখন finite verb নেই তখন দুইটি clause থাকার কথা তো অবান্তর। দুইটি clause-এর জন্য দুইটি finite verb দরকার।

লক্ষ্য করুন, walked-এখানে finite verb হলেও তা that-clause এর অন্তর্ভুক্ত।

এটি হল subordinate clause। কিন্তু main clause-এরই যেখানে অস্তিত্ব নেই সেখানে subordinate clause-এর অস্তিত্ব একেবারে অসম্ভব। তাহলে 'that' কে তুলে দিয়ে subordinate clause কে main clause-এ, অর্থাৎ একটি পূর্ণ বাক্যে পরিণত করা যায়। বাক্যটি হবে : . . . . choice (D) বেছে নিন।

**123.** *When the club at last went for a survey of the public attitude in that locality, it finding much information confirming its previous assumptions.*

(A) *it finding much information confirming its previous assumptions.*

(B) *it was finding much information confirming its previous assumptions.*

(C) *it found much information which confirming its previous assumptions.*

(D) *it had found much information which confirmed its previous assumptions.*

(E) *it found necessary information confirming its previous assumptions.*

ব্যাখ্যা : When . . . . went for (V) locality-এটুকু হল একটি subordinate cluase। এর মধ্যে একটি finite verb আছে বলে clause হিসেবে এটা শুদ্ধ। কিন্তু subordinate clause-এর পরবর্তী অংশটিতে কোনো finite verb নেই। 'confirming' কোনো finite verb নয়। সুতরাং এখানে main clause নেই। underline-করা অংশকে একটি main clause-এ পরিণত করতে হলে এর মধ্যকার non-finite verb 'confirming' কে finite verb-এ রূপান্তরিত করতে হবে। main clause-এর verb এর tense (past) এর সাথে এই verb এর tense কে parallel হতে হবে; অর্থাৎ main clause এর verbটিকেও past tense-এর হতে হবে। সুতরাং choice (E) সঠিক। choice (A)-গ্রহণযোগ্য নয় কারণ এতে কোনো finite verb নেই।



Rule (xxvii) অনুসারে choice (B) এবং (D)-ও গ্রহণযোগ্য নয়। (Ruleটি পড়ুন।)

choice (C)-তে main clause-এর সমস্যার সমাধান দেওয়া হয়েছে কিন্তু এতে আরেকটা নোতুন সমস্যার সৃষ্টি করা হয়েছে। which দিয়ে একটা subordinate clause শুরু হয়েছে ব'লে মনে হলেও তাতে কোনো finite verb না-থাকায় তা আদৌ কোনো clause নয়।

সুতরাং choice (E) ছাড়া কোনো উপায় আছে?

Normal sentence-এর ধারণা থেকেই এসব সমস্যার সমাধান করা হচ্ছে। প্রশ্নের মূল বাক্যটার গঠনকে নিচের আকারে লেখা যায় :

When the club (S) at last (M) went for (V) a survey (O) of the public attitude (M)
in that locality . . . . M (of verb)

এটা হল subordinate clause (when-দ্বারা শুরু হয়েছে।) এর মূল অংশ (M-বাদে) হয় :

the club (S) went for (V) a survey (O) . . .


Normal sentence-এর ধারণা থেকে জানা যায় যে এই গঠনটি সঠিক। সুতরাং গাঠনিক দিক থেকে এই subordinate clauseটি নির্ভুল।

কিন্তু main clause ছাড়া subordinate clause এর অস্তিত্বই থাকতে পারে না। সুতরাং প্রশ্নে আরেকটি clause থাকা দরকার। কিন্তু কোনো finite verb নেই বলে দ্বিতীয় অংশটি clause নয়; যেমন :

It (S) finding (verbal) much information (O) confirming (M) its . . . . (O)

অর্থাৎ এখানে S + . . . . . + O আছে, V- নেই। 'v+ing' একই সাথে M- এবং V-এর কাজ করলে তাকে বলে present participle। একারণে ২য় M-এর একটি object-ও রয়েছে।

যাহোক, এই ২য় অংশটিকে একটি clause-এ রূপান্তরিত করার পর found-verbটি পাওয়া গেল। এখন প্রশ্নের সম্পূর্ণ বাক্যের গঠনটি এরূপে দেখানো যায় ঃ




দেখা যাচ্ছে যে সম্পূর্ণ বাক্যটির মূল অংশ হল S + V + O-এই main clauseটি, এবং পুরা subordinate clauseটি-ই এই V-কে modify করছে ('when?'-এর উত্তর দিচ্ছে।)

তাহলে এভাবে বাক্যের উপাদানগুলোকে বিশ্লেষণ ক'রে তার মধ্যকার অসঙ্গতি বা ভুল বেছে বের করা যায়।

124. *Because of a great shortage of pure drinking water in that locality for more than a week, people living there having no other way but drink river water.*

(A) *people living there having no other way but drink river water.*

(B) *people living there having no other way but to drink river water.*

(C) *people lived there had no other way but to drink river water.*

(D) *people who lived there having no other way but to drink river water.*


(E) *people living there has no other way but to drink river water.*



ব্যাখ্যা ঃ Because of . . . . . . . week-এই পুরো অংশটা হল একটি adverbial phrase, clause নয়। পরবর্তী অংশে living, having, drink-এই তিনটির একটিও finite verb নয় বলে এটাও clause নয়। তাহলে প্রশ্নটি কোনো বাক্যই নয়। এটাই ভুল।

১ম অংশটি phrase হিসেবে সঠিক। সুতরাং ২য় অংশটিকে একটি clause-এ রূপান্তরিত করতে হবে।


এই অংশটিকে আর দু'টি clause-এ বিভক্ত করা যেত ঃ




but to drink river water.

অর্থাৎ people . . . . had no other . . . .-এটা হত main clause এবং who lived there-এটা হত subordinate clause (S-এর modifier)। কিন্তু কোনো choice-এ এটা নেই ব'লে আমাদেরকে অন্য কোনো সঠিক রূপ খোঁজ করতে হবে।

উপরের দু'টি clause এর M-কে M-রেখে, কিন্তু clause থেকে ওটাকে phrase-এ রূপান্তরিত ক'রে, আরেকটি main clause গঠন করা যায়। যেমন ঃ




লক্ষ্য করুন ঃ আগের M-এখানেও M-হিসেবে আছে, শুধু তার গঠনরূপ পাল্টেছে। তাহলে choice (E) সঠিক।

Back to Contents

choice (C)-তে একাধিক finite verb আছে কিন্তু who বা এরূপ কোনো word দিয়ে গঠিত কোনো subordinate clause এতে নেই ব'লে বাক্য হিসেবে এটা অযৌক্তিক। একটি clause-এ একাধিক finite verb থাকতে পারে না।

**125.** *Because of his illness the singer <u>has not and apparently will not sing within a week.</u>*

(A) *has not and apparently will not sing within a week.*


(B) *has not sang and apparently will not sing within a week.*

(C) *has not and apparently would not sing within a week.*

(E) *has not sung and apparently will not sing within a week.*

(E) *has not sung and apparently will not in a week.*

**ব্যাখ্যা ঃ** Because of his illness-এটুকু হল adverbial phrase (কারণ ব্যাখ্যা করছে)। সুতরাং এর মধ্যে কোনো finite verb নেই। সুতরাং পরবর্তী অংশে কমপক্ষে একটি finite verb থাকতেই হবে। বিশ্লেষণ ক'রে দেখা যাক ঃ




এখানে and-এর পরবর্তী অংশ হল একটি clause যাতে একটি finite verb (will not sing) রয়েছে। একটি clause-এর সাথে coordinate হিসেবে আরেকটি clause-ই যুক্ত করতে হয়। সুতরাং has not-এই অংশটুকুকে একটি clause হওয়া চাই। কিন্তু has-হল auxiliary verb যার পরে মূল verb এর past participle থাকা চাই। মূল verb, পরবর্তী clause থেকে বোঝা যাচ্ছে, হল sing। যেহেতু has not এরপর verb এর past participle বসাতে হবে, সেহেতু পরবর্তী clause-এর শুধু একটি verb 'sing'-উভয় clause-এর জন্য যথেষ্ট নয়। sing (present form) কখনও has not + . . . . এর প্রয়োজন মেটাতে পারে না। সুতরাং বসাতে হবে ঃ




has not <u>sung</u> (V) (sing-এর past participle) and apparently will not <u>sing</u> (V) within a week.

অতএব choice (D) সঠিক।

**126.** *<u>This</u> (A) group of boys and men <u>comprising</u> (B) 25% of students and 75% of <u>th staff</u> (C) <u>of</u> (D) this school. <u>No error</u> (E).*

**ব্যাখ্যা ঃ** সম্পূর্ণ অংশের মধ্যে কোনো finite verb নেই। একটি non-finite verb (verbal) আছে- comprising। সুতরাং এটিকে পরিবর্তন ক'রে একটি finite verb গঠন করা ছাড়া অন্য কোনো উপায় নেই। তাহলে ভুল B। comprises বসাতে হবে। তাহলে বাক্যটি হবে এরূপ ঃ




দেখা যাচ্ছে যে এবার বাক্যটির গঠন দাঁড়াচ্ছে একটি Normal sentence-এর মত;

$$S \leftarrow m.p + V + O$$

এখানে ঃ ←m.p দ্বারা বুঝানো হচ্ছে যে S-এর modifier হল একটি phrase (অর্থাৎ, of boys and men)।

**127.** *As the commotion mounted, small <u>hand-to-hand fights between the public and the police that</u> broke out everywhere, flaring up like sudden brush fires on all sides.*

(A) *hand-to-hand fights between the public and the police that*

(B) *hand-to-hand fights between the public and the police which*

(C) *hand-to-hand fights between the public and the police broke*

(D) *hand-to-hand fights between the public and the police which were breaking out*

(E) *hand-to-hand fights between the public and the police were breaking out*

ব্যাখ্যা ঃ As the . . . . . mounted (V) এটুকু হল clause যা main clause-এর verb কে modify করছে (adverbial clause); অর্থাৎ এটা হল subordinate clause। তাহলে এর main clauseটিকে খুঁজে বের করা দরকার।

that broke out (V) . . . . . . all sides


এটাকে যদি আরেকটা subordinate clause ধরা হয় তাহলে গঠনগত দিক থেকে তার যৌক্তিকতা প্রমাণ করা যায়, কারণ এতে একটি finite verb আছে। কিন্তু এটাও যদি subordinate clause হয়, তাহলে এদের main clause কে এখন খুঁজে বের করতেই হবে, নইলে এদের অস্তিত্ব যে মিথ্যে হয়ে যাবে।

বাকি অংশ হল small hand-to-hand fights between the public and the police। এর মধ্যে finite verb তো দূরের কথা, non-finite verb-ও নেই। non-finite verb থাকলেও তাকে finite verb-এ পরিণত ক'রে এই অংশটিকে main clause-এ পরিণত করার একটা সুযোগ পাওয়া যেত। কিন্তু তা এখানে হবে না।

তাহলে that broke out (V) . . . .-এই clause এর subject 'that' কে তুলে দিয়ে small . . . . . police-এই phrase টিকে 'broke out' (V) এর



subject হিসেবে ভাবা যাক। এটাই main clause। অর্থও এখন স্পষ্ট। তাহলে দেখুন ঃ




অর্থাৎ বাক্যটার মূল গঠন হল ঃ

(m. c of v) $S_{(pls.)} + V_{i \leftarrow m}$ m.p

অর্থাৎ ১ম M হল V-এর modifier.

২য় M হল V-এর modifier.

৩য় M হল V-এর modifier (phrase).

S হল একটি phrase.

Vi-হল intransitive verb.

সুতরাং choice (C) সঠিক। (অন্যান্য choice-গুলো কেন সঠিক নয় তা নিজে বুঝার চেষ্টা করুন।)

**128.** *It has been* (A) *for* (B) *an hour and is likely to* (C) *rain for some time* (D) *more. No error* (E).

ব্যাখ্যা ঃ has been + Verb (-ing)

to + verb (simple)

-এরূপে ব্যবহৃত হয়। একারণে verb-এর একটিমাত্র রূপ দ্বারা এই দুই ধরনের কাজ সারা যায় না। সুতরাং has been raining এবং is likely to rain এই উভয় স্থানেই 'rain'-এর দু'টি রূপ ব্যবহার করতে হবে। ভুল A।

129. I don't like the boys whom he mixes . No error .
A B C D

ব্যাখ্যা ঃ I don't like the boys -এটা হল main clause।
S V O

whom he mixes -এটাকে subordinate হিসেবে ব্যবহার করা হয়েছে।
O S V

কিন্তু 'mix' verb এর object হল 'whom'। আবার 'whom' (relative pronoun)-এর antecedent হল 'boys'। সুতরাং 'mix'-verbটি মূলত 'boys' কেই নির্দেশ করছে। তাহলে অর্থ কী দাঁড়ায়? "বালকদেরকে মেশায়"-এরকম অর্থই দাঁড়ায়। কিন্তু অর্থ হওয়া উচিত "বালকদের সাথে মেশে"-এরূপ। সুতরাং এখানে একটি preposition ('with') ব্যবহৃত হবে। বাক্যটা হবে ঃ

I don't . . . . . with whom he mixes.
O

এখন 'whom' পরিণত হয়েছে 'with' preposition-এর object-এ। এবং with . . . . mixes-এই সম্পূর্ণ clauseটি পরিণত হয়েছে 'boys'-এর modifier-এ। যেমন ঃ

I don't like the boys with whom he mixes
S V O M (cls.)

সুতরাং ভুল C।

130. We searched through all our pockets, but no money . No error .
A B C D E

ব্যাখ্যা ঃ We searched . . . . pockets-এটা হল একটা clause। but
V

দ্বারা যুক্ত পরবর্তী অংশটাকেও একটা clause হতে হবে, নইলে বাক্যের ভারসাম্য



থাকবে না। কারণ but-হল coordinating conjunction এবং একটা clause-এর সাথে এটা অন্য একটা clause কেই যুক্ত করতে পারে। তখন clause দু'টি পরস্পর coordinate হয়। (coordination-এর কৌশল মনে ক'রে দেখুন।)

কিন্তু but এর পরে রয়েছে no money, যা কোনো clause নয় (এর মধ্যে finite verb নেই।) এই অংশটাকে clause-এ পরিণত করতে হলে এর মধ্যে একটা finite verb ব্যবহার করতে হবে। সঠিক বাক্যটা হবে নিম্নরূপ ঃ

we searched through all our pockets but found
S V O K V

no money
O

লক্ষ্য করুন ঃ উভয় verb এরই একটিমাত্র subject (we) কিন্তু ভিন্ন ভিন্ন object। এ কারণে subject-কে মাত্র একবার ব্যবহার করা হল।

অতএব ভুল D। (প্রশ্নের বাক্যটা incomplete।)

131. Statistics show that college men like their studies better than women . No error.
A B C D E

ব্যাখ্যা ঃ statistics show that . . . . women
S V O

অর্থাৎ that থেকে শুরু ক'রে বাকি সবটুকু অংশ হল 'show'-verb এর object। অর্থাৎ 'show'-এর পরে যাকিছু বলা হচ্ছে তার সবই 'statistics' show করছে। এই object-টির মধ্যেই আবার দুইটি clause রয়েছে ঃ

college men like their studies better than women.
S V O S



Back to Contents

দেখা যাচ্ছে যে (college) men এবং women উভয়েরই verb হল like। এরা ঐ verbটির subject। কিন্তু 'women'-এর জন্য আলাদাভাবে verbটির উল্লেখ না থাকাতে মনে হচ্ছে যেন women হল like verb এর object; অর্থাৎ studies আর women-সমগোত্রীয়-এরূপ মনে হচ্ছে। তাহলে অর্থ দাঁড়ায় এরূপ ঃ college men-রা women-অপেক্ষা studies বেশি পছন্দ করে; অর্থাৎ-তারা women-দেরকে যতটুকু পছন্দ করে তার চেয়ে studies-কে বেশি পছন্দ করে। কিন্তু কথায় বলে না-কোথায় কলার কান্দি (কাঁধি) আর কোথায় . . . . ? ভেবে দেখুন তো-কোথায় women আর কোথায় studies। ভিন্ন জাতীয় জিনিস। সুতরাং এদের মধ্যে কোনো 'সুস্থ' তুলনা হয়?

তাহলে women-কে এই object-এর প্রভাবের 'কবল' থেকে বাঁচাবার জন্য তাকে subject হিসেবে ফুটিয়ে তুলতে হবে। অর্থাৎ একে আরেকটা verb দিতে হবে। তখন স্পষ্টভাবে বোঝা যাবে যে তুলনাটা করা হচ্ছে 'সেয়ানে-সেয়ানে', অর্থাৎ men এবং women-এর মধ্যে (S এবং S-এর মধ্যে), studies এবং women-এর মধ্যে নয়। তাহলে দেখুন ঃ

statistics show that <u>college men</u> (like) their studies better
(college men = S, like = V)

than <u>women</u> (like) (their studies).
(women = S, like = V)

কিন্তু একই 'like' verb টি দুইবার ব্যবহার না ক'রে পরবর্তীটির ক্ষেত্রে 'do' ব্যবহার করলেই উদ্দেশ্য সাধিত হয়। এটাই standard usage। তাহলে বাক্যটি হবে ঃ

statistics show that college men <u>like</u> their studies better than women <u>do</u>.
(like = V, do = V)

সুতরাং ভুল D।



[বিঃ দ্রঃ এসব বাক্য ভালভাবে জানতে হলে phrase, clause 'do' verb এর বিভিন্ন ব্যবহার, comparison ইত্যাদি বিষয়ের খুঁটি-নাটি পর্যন্ত জানতে হয়। সেগুলো পাঠকের জানা আছে ধ'রে নিয়েই এই বইয়ের বিভিন্ন আলোচনা সাজানো হয়েছে। কিন্তু পাঠক যদি সেসব বিষয়ে আরও ভালভাবে জানতে চান তাহলে A Passage to the English Language বইটি প'ড়ে দেখতে পারেন।]

**132.** *Their hope <u>is the</u> (A) child has <u>wandered off</u> (B) with <u>some</u> (C) older companions <u>who</u> (D) will take care of him. <u>No error</u> (E).*

ব্যাখ্যা ঃ <u>This hope</u> (S) <u>is</u> (LV) <u>. . . . . . . .</u> (C)

দেখা যাচ্ছে যে is হল Linking verb এবং এর পরবর্তী সবটুকু হল complement। এই complement আবার দুইটি clause দ্বারা গঠিত। যাহোক, is এর পরবর্তী অংশের শুরুতে আছে the child। বাক্যটা এটাই বড় দোষ যে এতে the child-subject নাকি LV-এর complement-এর একটি অংশ তা বুঝা যাচ্ছে না। is এর পরে এবং the child . . . . এর আগে একটি 'that' বসালেই এই সমস্যার সমাধান মিলে যায়। সুতরাং ভুল A। সঠিক বাক্যটি হবে ঃ

Their hope is <u>that</u> the child . . . . . . of him.

**133.** *<u>Today is as hot, if not hotter, than any day this summer.</u>*

(A) *Today is as hot, if not hotter, than any day this summer.*
(B) *Today is as hot as, if not hotter, as any day this summer.*
(C) *Today is, if not hotter, as hot as any day this summer.*
(D) *Today is as hot as, if not hotter than, any day of this summer.*
(E) *Today is as hot as and if not hotter than any day of this summer.*


ব্যাখ্যা ঃ এই ধরনের বাক্য অধিকাংশ শিক্ষার্থীর ক্ষেত্রে বেশ সমস্যার সৃষ্টি করে। সুতরাং এটাকে ভালভাবে জানা দরকার।

বাক্যটিতে দুইটি ভিন্ন ধরনের তুলনা (comparison) রয়েছে—

as + adjective + as এবং

comparative adjective + than।

যে দু'টি জিনিসের মধ্যে তুলনা করা হয় তাদেরকে এই construction গুলোর দুই প্রান্তে সবাতে হয়। যেমন ঃ




এখন এই দুই ভিন্ন জাতীয় তুলনা আমরা যদি একটিমাত্র বাক্যের মধ্যে প্রকাশ করতে চাই তাহলে এভাবে বলতে পারি ঃ

He is [as old as], if [not older than], I am.

এভাবে লিখলে (as) old (as) এবং not older (than) -এই উভয় construction-এর শুদ্ধতা রক্ষিত হয়। কিন্তু ঃ

He is as old, if not older, (than) I am.

-এভাবে লিখলে as + adj. + (as) -এর শেষোক্ত as টি হারিয়ে যাচ্ছে। আবার adjective (comparative) + (than) -এর 'than'-পুরোপুরি তার নিজের থাকছে না, এটাকে as + adj. [ ] -এই শূন্যস্থান পূরণ করার জন্য উৎসর্গ করা হচ্ছে বলে মনে হয়। কিন্তু ঘোড়া আর ভেড়া যোগ করা যায় না। as old + [than] -এভাবে ব্যবহার করা যায় না। এসব কারণে এই দুই ধরনের



comparison একই সাথে বাক্যে ফুটিয়ে তুলতে হলে উভয় construction-ই নিজ নিজ পরিপূর্ণতা রক্ষা করতে পেরেছে কি-না তা দেখে নিতে হয়। choice (D) গ্রহণযোগ্য।

